ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

বেদান্তরত্নাবলী।

প্রথমকল্পঃ।

মূল ও বঙ্গানুবাদ-সমেত "সিদ্ধান্তবিন্দুসার," শঙ্করাচার্য্যের
"নিরঞ্জনাষ্টক," শঙ্করাচার্য্যপ্রণীত "হস্তামলক"
এবং সুবোধিনী ও বিদ্বন্মনোরঞ্জিনী
টীকা সহিত "বেদান্তসার"।

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সাক্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" ও "পঞ্চদশী"
প্রভৃতি বেদান্তাদি-শাস্ত্র প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক
সঙ্কলিত ও প্রকাশিত।
(ঘোড়াসাঁকো, ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্ ; কলিকাতা।)

কলিকাতা।

বাগবাজার ; রাজা রাজবল্লভ ষ্ট্রীট্, ৮৩ নং, নব-সারস্বত যন্ত্রে
শ্রীনবকুমার বসু কর্ত্তৃক মুদ্রিত।

শকাব্দাঃ ১৮০৫, মাঘ।

(*All rights reserved.*)

ভূমিকা।

—oo—

সময়ের অবস্থানুসারে সাধারণ লোকে আমাদিগের আর্য্যমহর্ষিদিগের প্রদর্শিত পারমার্থিক পন্থা অবলম্বন না করিয়া কেবল সমিতিসমারোহণ পুরঃসর বক্তৃতাদি শ্রবণের প্রতি নির্ভর করিয়া ধর্ম্মযাজনার ভান করিতে প্রবৃত্ত হইয়াছেন। পরন্তু যে কোন প্রকারেই হউক ধর্ম্ম আন্দোলন যত বৃদ্ধি পায়, ততই সুখের কারণ বটে; কিন্তু কেহই বিহিত ধর্ম্মান্দোলন ব্যতিরেকে সত্য-সনাতন ধর্ম্মরাজ্যমধ্যে প্রবিষ্ট হইতে পারে না বেদবিহিত ধর্ম্মই একমাত্র পরমার্থ লাভের চরম উপায়। এই ভাবিয়া আমি আমার আচার্য্য-মহাপ্রভুর সম্মতিক্রমে যাহাতে সত্যসনাতন-ধর্ম্মানুসন্ধিৎসু-ব্যক্তিগণে বেদবিহিত ধর্ম্মের তত্ত্ব সমুদয় হৃদয়ঙ্গম করিয়া পরমার্থলাভ করিতে পারেন এবং আমাদিগের মহর্ষিদিগের হৃদয়ের ধন লুপ্তপ্রায় বেদান্ত-শাস্ত্র সমুদয় উদ্ধার হয়, তদ্বিষয়ের উপায় উদ্ভাবন করিতে কৃতসঙ্কল্প করিয়াছি।

১৮০৩ শকাব্দ হইতে ক্রমান্বয়ে চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশত উপনিষৎ" এক একখানির বঙ্গানুবাদ সহিত সম্পূর্ণ করিয়া প্রকাশিত করিতেছি। বিগত শ্রাবণ মাস হইতে "পঞ্চদশী" খানি সরল বঙ্গানুবাদ সহিত প্রকাশিত হইতেছে। এক্ষণে "বেদান্তরত্নাবলীতে" পূজ্যপাদ শ্রীশঙ্করাচার্য্যের

াবতীয় গ্রন্থ এবং বেদান্তশাস্ত্র সমুদয় প্রকাশিত করিতে প্রবৃত্ত হইলাম। সম্প্রতি বেদান্তরত্নাবলীর প্রথমকল্পে "সিদ্ধান্ত বিন্দুসার," শঙ্করাচার্য্যের "নিরঞ্জনাষ্টক," শঙ্করভাষ্য সহিত "হস্তামলক" এবং সুবোধিনী ও বিদ্বন্মনোরঞ্জিনী টীকা সহিত "বেদান্তসার" প্রকাশিত হইল। অতঃপর দ্বিতীয়কল্পে বঙ্গানুবাদ সহিত "বেদান্তপরিভাষা" ও শ্রীশঙ্করাচার্য্যের "আত্মবোধ এই দুইখানি গ্রন্থ একত্রে প্রকাশিত করিতে সঙ্কল্প করিয়াছি। এক্ষণে সাধুমহাত্মদিগের আশীর্ব্বাদ এবং ধর্ম্মানুসন্ধিৎসুব্যক্তিদিগের উৎসাহপ্রাপ্ত হইলেই যে নির্ব্বিঘ্নে আমার উদ্দেশ্যসাধন করিতে পারিব, তাহাতে আর সন্দেহ নাই। অলমতি বিস্তরেণ।

উপনিষৎ কার্য্যালয়।
১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্;
ঘোড়াসাঁকো; কলিকাতা।

শ্রীমহেশচন্দ্র পাল,
সম্পাদক।

॥ ওঁ তৎসৎ ওঁ ।

হস্তামলকম্ ।

কস্ত্বং শিশো কস্য কুতোঽসি গন্তা কিং নাম তে ত্বং কুত-আগতোঽসি । এতদ্বদ ত্বং মম সুপ্রসিদ্ধং মৎপ্রীতয়ে প্রীতিবিবর্দ্ধনোঽসি ॥

নাহং মনুষ্যো ন চ দেবযক্ষো ন ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্য-শূদ্রাঃ । ন ব্রহ্মচারী ন গৃহী বনস্থো ভিক্ষুর্ন চাহং নিজবোধরূপঃ ॥

ভগবান্ শঙ্করাচার্য্য দিগ্বিজয়কালে দেশভ্রমণ করিতে করিতে পথিমধ্যে একটি প্রিয়তম সুন্দর শিশুকে দেখিয়া জিজ্ঞাসা করিলেন ।—হে বৎস ! তুমি কে ? কাহার সন্তান ? তোমার নাম কি ? কোথায় গমন করিবে এবং কোন স্থান হইতে আসিয়াছ ? এই সকল বিষয়ের যথার্থ উত্তর প্রদান করিলে আমি সাতিশয় প্রীতিলাভ করিব ।

বালক বলিল,—আমি মনুষ্য, দেবতা বা যক্ষ নহি ; ব্রাহ্মণ, ক্ষত্রিয় বা শূদ্র নহি এবং ব্রহ্মচারী, গৃহী, বাণপ্রস্থ বা ভিক্ষুকও নহি ; কিন্তু আমি সর্ব্বান্তর্যামী জ্ঞানময় আত্মা ॥

নিমিত্তং মনশ্চক্ষুরাদিপ্রবৃত্তৌ নিরস্তাঽখিলোপাধি-
রাকাশকল্পঃ। রবির্লোকচেষ্টানিমিত্তং যথা যঃ
সনিত্যোপলব্ধিস্বরূপোঽহমাত্মা ॥ ১ ॥

হস্তামলকভাষ্যং।

যস্মিন্ জ্ঞাতে ভবেৎ সর্ব্বং বিজ্ঞাতং পরমাত্মনি। তং বন্দে নিত্যবিজ্ঞান-
মানন্দমজমব্যয়ং ॥ যদজ্ঞানাদভূৎ দ্বৈতং জ্ঞাতে যস্মিনিবর্ত্ততে। রজ্জুসর্পবদ-
ত্যন্তং তং বন্দে পুরুষোত্তমং ॥ যস্যোপদেশদীধিত্যা চিদাত্মা নঃ প্রকাশতে।
নমঃ সদ্‌গুরবে তস্মা অবিদ্যাধ্বান্তভাস্বতে ॥

ইহ খলু সর্ব্বজন্তোঃ সুখং মে ভূয়াৎ দুঃখং মা ভূদিতি স্বরসতঃ সুখোৎ-
পাদিৎসাদুঃখজিহাসে ভবতঃ, তত্র কশ্চিৎ পুণ্যাতিশয়শালী অবশ্যম্ভাবি-
দুঃখাবিনাভূতত্বাৎ অনিত্যত্বাচ্চ বিষয়সুখং দুঃখপক্ষে নিঃক্ষিপ্য সংসারা-
দত্যন্তং বিরজ্যতে বিরক্তঃ সংসারহানৌ যততে সংসারস্য চাত্মস্বরূপাজ্ঞান-
হেতুত্বাৎ আত্মজ্ঞানান্নিবৃত্তিরিতি তং প্রত্যাত্মজ্ঞানমুপদিশত্যাচার্য্যঃ। ননু
সর্ব্বত্র গ্রন্থাদৌ শিষ্টানামিষ্টদেবতানমস্কারস্তুতিপূর্ব্বিকা প্রবৃত্তিরুপলব্ধা অয়ঞ্চ
বিনা স্তুতিনমস্কারং প্রবর্ত্তমানোঽশিষ্টত্বাদনবধেয়বচনঃ প্রসজ্যেত, ন স্তুতি
নমস্কারয়োস্ত্রৈবিধ্যাৎ ত্রিবিধৌ স্তুতিনমস্কারৌ কায়িকৌ বাচনিকৌ মানসৌ
চেতি অত্র কায়িকবাচনিকয়োরভাবেপি পরমশিষ্টত্বাদাচার্য্যস্য গ্রন্থস্যাবিঘ্নেন
পরিসমাপ্তেশ্চ মানসস্তুতিনমস্কারাবকার্ষীদয়মাচার্য্য-ইত্যবগম্যতে যৎ কিঞ্চি-
দেতৎ প্রকৃতমনুসরামঃ। নিমিত্তমিত্যাদি। মনশ্চ চক্ষুশ্চ মনশ্চক্ষুষী তে
আদিনী যেষাং তানি মনশ্চক্ষুরাদীনি। আদিশব্দঃ প্রত্যেকমভিসম্বধ্যতে

যেমন সূর্য্যোদয় হইলে লোকসকল স্বস্ব বিষয়ের ব্যবহার করিয়া থাকে
এবং সূর্য্যোদয়ই যেমন লৌকিক ব্যবহারের কারণ; সেইরূপ যিনি মনঃ, বুদ্ধি,
অহঙ্কার ও চিত্ত এই চারি অন্তরিন্দ্রিয় এবং চক্ষুঃ, শ্রোত্র, জিহ্বা, নাসিকা ও
ত্বক্ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের স্বস্ব বিষয়ে প্রবৃত্তির কারণ, যিনি সর্ব্বপ্রকার
উপাধিরহিত আকাশের ন্যায় সর্ব্বব্যাপী এবং যিনি জগতের অদ্ভুত সৃষ্টি
কার্য্যদ্বারা প্রত্যক্ষীভূত আছেন, আমি সেই নিত্যজ্ঞানময় আত্মা ॥ ১ ॥

যমগ্ন্যুষ্ণবন্নিত্যবোধস্বরূপং মনশ্চক্ষুরাদীন্যবোধাত্ম-

ততশ্চায়মর্থোভবতি মনআদীনাং মনোবুদ্ধ্যহঙ্কারচিত্তানাং চতুর্ণাং অন্তঃ-করণানাং তথা চক্ষুরাদীনাং চক্ষুস্ত্বক্‌শ্রোত্রজিহ্বানাসিকানাং পঞ্চবুদ্ধীন্দ্রিয়াণাং এবং বাক্‌পাণিপাদপায়ুপস্থানাং পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণাং প্রবৃত্তৌ স্বস্বব্যাপারে নিমিত্তং হেতুর্যঃ সোহমাত্মেতি। নিত্যোপলব্ধিস্বরূপঃ নিত্যা চাসাবুপলব্ধি-শ্চেতি সা স্বরূপং যস্য সতথোক্তঃ। রবিরাদিত্যোযথা যেন প্রকারেণ প্রকা-শকত্বেন লোকানাং চেষ্টায়াং পরিস্পন্দনে নিমিত্তং তথৈবাধিষ্ঠাতৃত্বেন যো নিমিত্তমিত্যর্থঃ। ইয়ঞ্চাত্মজ্ঞানে উপায়ত্বে দর্শিতা প্রক্রিয়া, পরমার্থতস্তু নিরস্তা নিরাকৃতা অখিলা নিরবশেষা উপাধয়ো বুদ্ধ্যাদিলক্ষণা যস্য স তথোক্তঃ। নিরস্তাখিলোপাধিত্বাদেবাকাশকল্পঃ আকাশবৎ বিশুদ্ধোযঃ সোহ মাত্মেতি সম্বন্ধঃ ॥ ১ ॥

নন্থ মনশ্চক্ষুরাদীনাং প্রবৃত্তৌ কিমর্থমধিষ্ঠাতৃতেষ্যতে স্বয়মেব কথং প্রবর্ত্ততে কথঞ্চ নিত্যোপলব্ধিস্বরূপত্বমধিষ্ঠাতুরিত্যতআহ। যমিত্যা যং নিত্যবোধস্বরূপমাহাত্মানং আশ্রিত্য মনশ্চক্ষুরাদীনি প্রবর্ত্তন্তে সে মাত্মেতি সম্বন্ধঃ। নন্থ কথং বোধস্য নিত্যতা বোধোহি নাম ব তচ্চ ইন্দ্রিয়ার্থসন্নিকর্ষাদেব সমুৎপদ্যতে উৎপন্নঞ্চ স্বকার্য্যসংস্কারেণ বি জ্ঞানান্তরেণ চ বিনশ্যতি অত-উৎপত্তিবিনাশশালিত্বাদনিত্যং ভবিতুম নাপি বোধস্বরূপআত্মোপলভ্যতে নিত্যত্বাৎ আত্মনো নিত্যত্বাচ্চ হি নিত্যানিত্যয়োরেকস্বভাবত্বং বিরোধাৎ, অত্রোচ্যতে বোধে চৈতন্যমভিপ্রেতং ন চ জ্ঞানং চৈতন্যং তস্য জ্ঞেয়ত্বেন ঘটাদিবৎ জ্ঞেয়ং হি ঘটঃ জ্ঞানাংশে জাতমিত্যস্য সাক্ষাদনুভূয়মানত্বাৎ অতত্ত্বেহনাত্মরূপত্বেপি নিত্যবোধ স্বরূপত্বমাত্মনোনাযুক্ত মিতি। নন্থ তনত্বে কিং মানং জগৎপ্রকাশ-ইতি ব্রূমঃ জগৎ প্রকাশতে ইতি সর্ব্বত প্রসিদ্ধং অত্র জ্ঞানাদীনাং জ্ঞেয়ত্বেন জড়ত্বাৎ আত্মপ্রকাশেনৈব জগৎপ্র ইতি নিশ্চিতং ভবতি সবিতৃপ্রকাশবৎ যথা সবিতা স্বয়ং প্রকাশমানো প্রকাশয়তি এবমাত্মাপীতি। অস্তু তর্হি চিদ্ধর্ম্মঃ পুরুষঃ কথময়ং চিৎস্ব

ইতি ন ধর্ম্মধর্ম্মিভাবস্যানুপপত্তেঃ, তথাহি চৈতন্যমাত্মনোভিন্নমভিন্নম্বা ভিন্নাভিন্নম্বা ইতি ন তাবৎ ভিন্নং ভিন্নত্বে আত্মঘটাদিবৎ ধর্ম্মধর্ম্মিত্বানুপপত্তেঃ। নন্থ ঘটাদিরসম্বন্ধাদাত্মধর্ম্মোন ভবতি চৈতন্যন্তু আত্মসম্বন্ধীতি যুক্তমাত্মধর্ম্মত্বমিতি ন সম্বন্ধানুপপত্তেঃ সম্বন্ধোহি ভগবৎসংযোগোবা স্যাৎ সমবায়োবা সম্বন্ধান্তরস্যাত্রাভাবাৎ অত্র সংযোগস্য দ্রব্যধর্ম্মত্বাৎ অদ্রব্যত্বাচ্চৈতন্যস্য ন তৎ সংযোগঃ অপি সমবায়ঃ অনবস্থাপাতাৎ তথাহি সমবায়োহি সমবায়িনঃ সম্বন্ধোঽসম্বন্ধোবা ন তাবৎ অসম্বন্ধঃ ঘটাদিবদকিঞ্চিৎকরত্বাৎ সম্বন্ধশ্চেৎ সংযোগাদেরভাবেন সমবায়ান্তরমুপগন্তব্যং, এবমপরাপেক্ষয়াঽনবস্থাপাত ইতি যৎকিঞ্চিদেতৎ তস্মাদ্ভিন্নত্বপক্ষে ধর্ম্মধর্ম্মিভাবঃ সর্ব্বথা নোপপদ্যতে। অভেদপক্ষে তু বোধস্যাত্মরূপত্বমেবেতি সুতরাং ধর্ম্মধর্ম্মিভাবোনাস্তি ন হি নঃতস্য তদেব ধর্ম্মোভবতি ন হি শুক্লঃ শুক্লস্য ধর্ম্মোদৃষ্টস্তস্মাদ্ভিন্নাভিন্নপক্ষোঽবশিষ্যতে নহ্যেকমেকদা একস্মাদ্ভিন্নমভিন্নং বা ভবিতু মর্হতি বিরোধাৎ, পার্থোচ্যতে প্রত্যক্ষসিদ্ধত্বাৎ ভেদাভেদাববিরুদ্ধৌ যথা গৌরয়মিতি পিণ্ডাদুঃখ্যতিরেকেণ গোত্বং প্রতীয়তে তদেব পিণ্ডান্তরে প্রত্যভিজ্ঞায়মানত্বাদ্ভেদোদত্যংগম্যতে অতঃ প্রত্যক্ষেণৈব ভেদাভেদয়োঃ প্রতীয়মানত্বাৎ অবিবাদইতি হেতুৎ সাধু মন্যামহে প্রত্যক্ষস্যান্যথা সিদ্ধত্বাৎ, ভিন্নমপি হি বস্তু প্রত্যক্ষে-সর্ব্বত্রস্তসন্নিধানাদিদোষাদভিন্নবৎ প্রতীয়তে, যথা দীপজ্বালা ভিন্নাপি বিনাঽচং কারণাৎ অভিন্নবৎ প্রতিভাসতে যথা বা একস্মাচ্চন্দ্রাৎ দ্বিতীয়নমস্কাতি অতঃ প্রত্যক্ষস্যান্যথাসিদ্ধত্বাৎ ন তেন প্রমাণসিদ্ধস্য ভেদাভেদচেতি বস্য প্রতিক্ষেপোযুক্তঃ। অথৈবমুচ্যতে চৈতন্যস্য দ্বে রূপে স্তঃ আত্মরূপতা চৈতন্যস্বরূপতা চেতি, তত্রাত্মস্বরূপতয়াত্মনোন ভিদ্যতে চৈতন্যরূপতয়া ভিদ্যতে চ অতোরূপাভ্যাং ভিন্নাভিন্নত্বমবিরুদ্ধমিতি তদপি ন র্ধর্ম্মিত্বাভাবাৎ, তথাহি যেন রূপেণ তদভিন্নং ন তেন রূপেণ ধর্ম্মত্বভিন্নমেবেত্যবোচং যেন রূপেণ স্বরূপেণ ভিন্নং ন তেনাপি ধর্ম্মত্বং ভিন্নত্বাদ্ দিবদযুক্তং। যচ্চোক্তং রূপারূপাভ্যাং ভিন্নাভিন্নত্বমিতি তদপি বিচারং এহতে তে রূপে কিং চৈতন্যাদিভিন্নে অভিন্নে বা ভিন্নাভিন্নে বা ন তাবৎ অভিন্নত্বে ঘটাদিবদকিঞ্চিৎকরত্বাৎ, অভিন্নত্বে চৈতন্যমাত্রমেবেতি ন ত্বং ভিন্নাভিন্নত্বঞ্চ বিরোধাদযুক্তং তয়োরপি ভিন্নাভিন্নত্বা-

যথা দর্পণাভাব আভাসহানৌ মুখং বিদ্যতে কল্পনা-
হীনমেকং। তথা ধীবিয়োগে নিরাভাসকো যঃ
সনিত্যোপলব্ধিস্বরূপোঽহমাত্মা ॥ ৪ ॥

মানস্য বিশেষহেতোরভাবাদেব কথমেকাত্মসম্বন্ধিত্বমিতি, অথ যৎ কর্ম্মবশাৎ কার্য্যকারণসঙ্ঘাতাদুৎপত্তিস্তস্যৈবাসৌ কার্য্যকারণসঙ্ঘাতোবিশেষহেতুরিতি চেন্ন কর্ম্মণোপি সর্ব্বাত্মসন্নিধাবুৎপদ্যমানস্য সর্ব্বাত্মসম্বন্ধিত্বেন তজ্জনিতসুখ-কারণসঙ্ঘাতস্যাপি সর্ব্বাত্মসম্বন্ধাৎ তজ্জনিতসুখদুঃখাদেঃ সর্ব্বাত্মসম্বন্ধিত্বমিতি সুখাদিকস্য নানাত্বপক্ষএবানবস্থেতি পূর্ব্বপূর্ব্বকার্য্যকারণসঙ্ঘাতস্যাপি কর্ম্মা-পেক্ষায়ামনবস্থাদোষঃ। অনাদিত্বে নানবস্থাদোষঃ পরিহারশ্চান্ধপরম্পর-য়েতি। শ্রুতিরপি আত্মনানাত্বং প্রতিষেধতি একমেবাদ্বিতীয়ং ব্রহ্ম, নেহ-ন্না নাস্তি কিঞ্চিন ইত্যাদিকা। অতঃ সাধূক্তমেকমিতি ॥ ৩ ॥

নন্থ এবং সতি আত্মনঃ সুখদুঃখাদিসম্বন্ধাভাবাৎ বন্ধাভাবঃ বন্ধাভাবান্-মোক্ষাভাবঃ বদ্ধোহি মুচ্যতে নাবদ্ধইতি তথা চিদাভাসকস্যাপি বন্ধমোক্ষৌ ন বিদ্যতে অবস্তুত্বাৎ তস্য বুদ্ধেরপি বিনাশিত্বাৎ বন্ধমোক্ষয়োরভাবঃ ততশ্চ বন্ধমোক্ষশাস্ত্রমনর্থকমিত্যাহ। যথেত্যাদি। যথা যেন প্রকারেণ দর্পণস্যা-ভাবে সতি আভাসস্য মুখপ্রতিবিম্বস্য হানৌ সত্যাং মুখং পরমার্থসৎ কল্পনা-হীনং মিথ্যাজ্ঞানরহিতং একমেব পরং বিদ্যতে অস্তি তথা তেনৈব প্রকারেণ ধীবিয়োগে বুদ্ধেরভাবে সতি নিরাভাসকোনিষ্প্রতিবিম্বঃ পরমার্থসন্নেকএব যঃ নচ সোঽহমাত্মা। অয়মভিপ্রায়ঃ, আত্মনোঽজ্ঞানাদিকৃতোঽয়ং বুদ্ধ্যাদিপ্রপঞ্চঃ তত্রাদ্ধঃ, বুদ্ধ্যাদৌ প্রতিবিম্বরূপেণ আত্মানমধ্যস্য তদ্গতসুখদুঃখাদিকমাত্মন্যধ্যস্যতে ইতি সোয়মধ্যাসোবন্ধঃ আত্মজ্ঞানে ভূতেঽজ্ঞাননিবৃত্তৌ বুদ্ধ্যাদিপ্রপঞ্চনিবৃত্তৌ অধ্যাসনিবৃত্তির্মোক্ষঃ ন পুনঃ পরমার্থৌ বন্ধমোক্ষৌ বিদ্যেতে ইতি সর্ব্বং সমঞ্জসং ॥ ৪ ॥

যেমন দর্পণাদির অভাব হইলেই প্রতিবিম্বেরও অভাব হয়, তখন কেবল মুখমাত্র অবশিষ্ট থাকে, সেইরূপ বুদ্ধির অভাব হইলে প্রতিবিম্ববিহীন অদ্বি-

মনশ্চক্ষুরাদের্ব্বিমুক্তঃ স্বয়ং যোমনশ্চক্ষুরাদের্ম্মন-
শ্চক্ষুরাদিঃ। মনশ্চক্ষুরাদেরগম্যস্বরূপঃ সনিত্যোপ-
লব্ধিস্বরূপোঽহমাত্মা ॥ ৫ ॥
য একোবিভাতি স্বতঃ শুদ্ধচেতাঃ প্রকাশস্বরূপো-

কেচিদিহ খলু দেহাদীনামাত্মত্বং মন্যন্তে তান্ প্রত্যহ। মনইতি। মন আদেশ্চক্ষুরাদের্ব্বিমুক্তঃ পৃথগ্‌ভূতোয়ঃ সোহমাত্মেতিসম্বন্ধঃ। মনশ্চক্ষুরাদ্যুপাদানেন তদ্‌যুক্তত্বাৎ শরীরমপি উপাত্তং দ্রষ্টব্যং, এতেন শরীরাদপি বিমুক্তইতিগম্যতে, তথাচ গুরুঃ, বুদ্ধীন্দ্রিয়শরীরেভ্যোভিন্ন আত্মা বিভুর্ধ্রুবং। নানারূপঃ প্রতিক্ষেত্রে আত্মবৃত্তিষু ভাসতে, ইতি। কথং মনশ্চক্ষুরাদের্ব্বিমুক্ত আত্মা অতআহ। স্বয়মিতি। স্বয়ং য আত্মা প্রকাশতে মনশ্চক্ষুরাদিকস্য প্রকাশস্য মনশ্চক্ষুরাদিরিব মনশ্চক্ষুরাদিঃ প্রকাশগুণযোগাৎ অয়মাত্মা যথা বাহ্যঘটপটাদেঃ প্রকাশকোমনশ্চক্ষুরাদিস্ততোঽতিরিচ্যতে তথান্তরস্যাপি মনশ্চক্ষুরাদেঃ প্রকাশক আত্মা ততোঽতিরিক্তইতি নিশ্চীয়তে অতএব মনশ্চক্ষুরাদীনাং অনাত্মত্বং সিদ্ধং জ্ঞেয়াদন্যোজ্ঞাতা স্যাৎ। নন্থ আত্মনোপি জ্ঞেয়ত্বাদনাত্মত্বং প্রসজ্যেত ইত্যত আহ। মনইতি। মনশ্চক্ষুরাদেরগম্যস্বরূপোঽপ্রকাশ্যস্বরূপস্তথা চ শ্রুতিঃ, যতোবাচোনিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ ইত্যাদিকা ॥ ৫ ॥

নন্থ যদ্যয়মাত্মা মনশ্চক্ষুরাদেরগম্যস্বরূপঃ তদা কথমস্য সিদ্ধিঃ ঘটপটাদয়োহি মনশ্চক্ষুরাদ্যধীনসিদ্ধয়োদৃষ্টাঃ অত আত্মাপি তদধীনসিদ্ধিযুক্তঃ অথ তদধীনসিদ্ধির্যদি ন স্যাৎ তদা সিদ্ধিরেব ন স্যাচ্ছশবিষাণবৎ ইত্যত আহ য ইত্যাদি। য ইতি স্বতঃ সিদ্ধতামাহ। যোহ্যেকোঽদ্বিতীয়োবিভাতি প্রকাশতে

যিনি স্বভাবতঃ মনঃ ও চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয় হইতে বিভিন্ন এবং মনের মনঃ, চক্ষুর চক্ষুঃ, কর্ণের কর্ণ ও প্রাণের প্রাণ স্বরূপ অর্থাৎ যে আত্মা সকল ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা অথচ মনঃ ও চক্ষুঃ প্রভৃতি কোন ইন্দ্রিয়ের গ্রাহ্য নহে, আমি সেই অতীন্দ্রিয় আত্মা ॥ ৫ ॥

যেমন একমাত্র সূর্য্যের প্রতিবিম্ব নানাপ্রকার পাত্রস্থিত জলে পতিত হইয়া

স্বতঃ স্বয়মেব ন পরতঃ শুদ্ধং নির্ম্মলং চেতোযস্য স তথা শুদ্ধে চেতসি স্বয়মে-বাত্মা প্রকাশতে স্ফুরতীত্যর্থঃ, অতএব সত্বশুদ্ধ্যর্থং বেদেপি বেদানুবচনাদয়ো-বিহিতাঃ, তমেতং বেদানুবচনেন ইত্যাদয়ঃ। ঘটপটাদয়শ্চ জড়ত্বাৎ প্রকাশা-ন্তরাপেক্ষত্বাচ্চ অপ্রকাশাইতি যুক্তং আত্মাতু প্রকাশস্বরূপত্বাৎ প্রকাশান্তরান-পেক্ষ্যঃ প্রকাশতে সবিতৃপ্রকাশবৎ, যথা সবিতা স্বপ্রকাশে প্রকাশান্তরং নাপেক্ষতে তথাচ প্রকাশতে তদ্বদাত্মাপীতি ভাবঃ। এবমুৎপন্নাত্মজ্ঞানো-ঽদ্বিতীয়োজীবন্মুক্তঃ প্রকাশস্বরূপোপি পরমার্থতোনানাধীষু নানেব ভাতি যঃ সোহমাত্মেতি সম্বন্ধঃ। শরাবোদকেষ্ববস্থিতো যথা ভানুরাদিত্যঃ প্রকাশ-স্বরূপোঽপ্যেকঃ সন্নানেকবদ্ভাতি তদ্বদাত্মাপীতি ভাবঃ। নন্থ কোঽয়ং জীব-ন্মুক্তঃ দেহবাংশ্চ জীবন্মুচ্যতে তস্য জীবতো যদি দেহাভাবোমুক্তিরভিপ্রেয়তে নাসাবুৎপদ্যতে বিরোধাৎ নহি দেহবতোদেহাভাবঃ সম্ভবতি, অথ সত্যপি দেহে ভোগবিদোমুক্তিরিতি তদপি ন চতুরস্রং সর্ব্বভোগকরণেন্দ্রিয়সম্পত্তৌ ভোগবিচ্ছেদস্যাসম্ভাবনীয়ত্বাৎ, অথ মিথ্যাজ্ঞাননিবন্ধনোহি ভোগঃ তস্য সম্যক্ জ্ঞানেন নিবর্ত্তিতত্বাৎ ভোগবিচ্ছেদ-ইতি চেন্ন বাধিতস্যাপি মিথ্যা-জ্ঞানস্য দ্বিচন্দ্রাদিজ্ঞানবৎ অনুবৃত্ত্যভ্যুপগমাৎ অন্যথা দেহবানেব নস্যাৎ অত-এব বিদুষাং জনকাদীনাং রাজ্যং শ্রূয়তে, শ্রুতিরপি দেহবতোভোগবিচ্ছেদং বারয়তি নহবৈ সশরীরস্য স্বতঃ প্রিয়াপ্রিয়য়োরপহতিরস্তি, অশরীরং বাব সন্তং প্রিয়াপ্রিয়ে ন স্পৃশত-ইতি তস্মাদযুক্তা জীবন্মুক্তিরিতি, অত্রোচ্যতে জীবতশ্চ তাবৎ তত্ত্বজ্ঞানমুৎপদ্যতে ন মৃতস্য শমদমাদেঃ শ্রবণমননাদেশ্চ জ্ঞানহেতোর্ম্মৃতস্যাসম্ভবাৎ, অতএব বিদুষো যাজ্ঞবল্ক্যস্য সন্ন্যাসঃ শ্রূয়তে নচ মৃতস্য সন্ন্যাসঃ শ্রূয়তে সম্ভবতি বা তস্মাজ্জীবতস্তত্ত্বজ্ঞানমুৎপদ্যত-ইতি সিদ্ধং, তত্ত্বজ্ঞানাদেব মুক্তিঃ সিদ্ধা সযোহ বৈ তৎ পরমিত্যাদিশ্রুতিভ্যঃ। ন চ জ্ঞানস্য মোক্ষফলত্বে শ্রুতিষু সহকার্য্যন্তরং শ্রূয়তে জ্ঞানমাত্রশ্রবণাৎ, ভিদ্যতে হৃদয়গ্রন্থিরিত্যাদি, সহকার্য্যন্তরপ্রতিষেধশ্চ শ্রূয়তে তমেব বিদিত্বাতিমৃত্যু-মেতি ইতি নন্থ শ্রুতিরেব জ্ঞানসহকারিণোমরণান্মুক্তিং দর্শয়তি তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষে অথ সম্পৎস্যে ইতি পূর্ব্বোৎপন্নস্য জ্ঞানস্য চিরপ্রবৃত্তত্বাৎ মরণকালে সন্নিপয়িতুমশক্তেস্তৎকালএব উৎপন্নজ্ঞানাৎ মুক্তিরিতি চেন্ন এত-

যজ্জ্ঞানং ততএব মুক্তিরিতি অতএতেন বচনান্তরমনুগৃহীতং ভবতি জীব-
ন্নেবহি বিদ্বান্ হর্ষামর্ষাভ্যাং বিমুচ্যতে নচেহ নহবৈ সশরীরস্য সতঃ প্রিয়া-
প্রিয়য়োরপহতিরস্তীতি শ্রুত্যন্তরবিরোধঃ শ্রূয়তে সামান্যবিষয়ত্বাৎ অতএব
বিদ্বানিতি বিশেষনির্দ্দেশাৎ তস্য তাবদেব চিরমিতি শ্রুতিস্ত্যক্তা স্যাদিতি
চেন্ন ব্যবস্থয়োপপত্তেঃ, তথাহি মুক্তিঃ খলু স্বাভাবিকী সর্ব্বেষাং ন জ্ঞানেন
জন্যতে কিং তর্হি অবিদ্যাতিমিরতিরোহিতায়াং তমোমাত্রং নিরাক্রিয়তে
তস্য প্রথমমজ্ঞানেনৈব কৃতং তথাপ্যবিদ্যাকার্য্যদেহাদিবশাৎ পুনর্ম্মোহান্ধ-
কারোঽসাধারণং কৃতমপি তিরস্ক্রিয়ত ইতি তস্য তিরস্কারভাবস্য দেহাদে-
র্ব্বিচ্ছেদাৎ বিচ্ছেদোভবতি এবং সতি প্রাচীনমেব মহান্ধকারোঽসাধারণং
জ্ঞানমাত্রনিবন্ধনমবতিষ্ঠতে যথা সূর্য্যোদয়েন মহাতিমিরেঽসাধারণে কৃতে
পুনশ্ছত্রাদি কৃতস্য তিমিরাভাসস্য ছত্রাদিবিগমে বিগমঃ ততঃ প্রাচীনমেব
মহাতিমিরোঽসাধারণং সূর্য্যোদয়মাত্রনিবন্ধনমবতিষ্ঠতে তস্মান্ন জ্ঞানান্তরাদেব
মুক্তিরিতি সিদ্ধং নচ শ্রুতিসিদ্ধমনেন নিরাক্রিয়তে। ননু চ পারমার্থিকম-
দ্বৈতং মিথ্যাজ্ঞানবিজৃম্ভিতঃ প্রপঞ্চইতি শ্রুত্যর্থোঽবধারিতঃ তৎ কথং সত্যপি
বাধকে প্রপঞ্চানুবৃত্তিঃ, নহি সত্যেব শুক্তিজ্ঞানে রজতপ্রপঞ্চোনুবর্ত্ততে
অত্রোচ্যতে নেতি নেতি নহ্যেতস্মাদিতি নিত্যাদন্যং পরমস্তি নেহ নানাস্তি
কিঞ্চন ইত্যাদিবাক্যং প্রপঞ্চপ্রত্যয়প্রবিলয়দ্বারেণাসন্দিগ্ধমবধারিতজ্ঞানং
তাবৎ উৎপদ্যতে ন চ তৎ প্রপঞ্চপ্রত্যয়েন বাধ্যতইতি যুক্তং তৎপ্রলয়ে-
নৈবোৎপত্তেঃ। যৎ পুনরুক্তং কথং প্রপঞ্চপ্রত্যয়ানুবৃত্তিরিতি তত্রোচ্যতে
তদ্দ্বিবিধং বাধকং ভবতি যথা সত্যেব মিথ্যাজ্ঞানহেতুভূতে পীতাদৌ জাত-
এব পীতশঙ্খজ্ঞানে নিমিত্তান্তরান্নায়ং পীত ইতি মিথ্যাজ্ঞানকারণাপগমএব
যথা মন্দালোকপ্রভবস্য শুক্তিকারজতজ্ঞানস্য মহত্যালোকে নেদং রজতমিতি
জ্ঞানং তদ্বদিহাপি পীতশঙ্খজ্ঞানবাধকবৎ সত্যেব মিথ্যাজ্ঞানহেতুভূতে শরীর-
প্রপঞ্চস্য বাধকমদ্বৈতজ্ঞানমুৎপদ্যতে অতঃ স্বকারণাৎ বাধিতমপি প্রপঞ্চজ্ঞানং
পীতশঙ্খজ্ঞানবৎ পুনর্জ্জায়তে। ননু দেহস্যাপি প্রপঞ্চান্তর্ভূতত্বাৎ ঝটিত্যেব
প্রবিলয়ঃ প্রসজ্যেত ন প্রারব্ধকর্ম্মবশাৎ তদনুবৃত্তিঃ কর্ম্মণঃ কুলালচক্রভ্রমিবৎ
সংস্কারানুবৃত্তেরিতি সিদ্ধা জীবন্মুক্তিরিতি কর্ম্মসংস্কারক্ষয়াত্তু দেহে পাতে সতি

ইপি মানেব ধীষু। শরাবোদকস্থো যথা ভানুরেকঃ
স নিত্যোপলব্ধিস্বরূপোঽহমাত্মা ॥ ৬ ॥
যথানেকচক্ষুঃপ্রকাশোরবির্ন ক্রমেণ প্রকাশীকরোতি

পরমমুক্তিরিতি। এবঞ্চ সতি জ্ঞানমাত্রান্মুক্তিরিতি প্রতিপাদনাদেব কর্ম্মণো-মুক্তিহেতুত্বমপাস্তমিতি বেদিতব্যং। তথাহি ন তাবৎ কেবলাৎ কর্ম্মণো-মুক্তেরশ্রবণাৎ নাপি ততএব জ্ঞানসহিতাচ্চ অশ্রুতেরেব। নন্থ তং বিদ্যা-কর্ম্মণী সম্বন্ধাবারভ্যেতে পূর্ব্বপ্রজ্ঞাচেতি বিদ্যাকর্ম্মণোঃ সহভাবঃ শ্রূয়তে সত্যং সংসারবিষয়স্তু সহভাবশ্রবণং ন মুক্তিবিষয়ং। নন্থ যাবজ্জীবমগ্নিহোত্রং জুহুয়াদিতি চোদনাপ্রাপ্তানাং নিত্যনৈমিত্তিককর্ম্মণাং জ্ঞানস্য চ অর্থাৎ সমুচ্চয় ইতি চেন্ন বিনিযোজকপ্রমাণাভাবাৎ। তমেতমাত্মানং বেদানুবচ-নেন ব্রাহ্মণা ইত্যাদি শ্রুতির্ব্বিনিযোজিকা অস্ত্যেবেতিচেন্ন বিবিদিষাসম্বন্ধাৎ কর্ম্মণাং জ্ঞানার্থত্বপ্রতীতের্ম্মোক্ষার্থত্বং নাবগম্যত ইতি কিঞ্চ নহি জ্ঞানমজ্ঞান-নিবৃত্তৌ উপকারকমপেক্ষতে উৎপন্নাদেব তস্মাদজ্ঞাননিবৃত্তেরবশ্যম্ভাবাৎ তথাচ শ্রুতিঃ তমেব বিদিত্বাতিমৃত্যুমিত্যাদিকা। অপিচ যদি কর্ম্মফলং মোক্ষোভবেৎ তর্হি অনিত্যত্বং প্রসজ্যেত ঘটাদিবৎ স্বর্গাদিবচ্চেতি অমুমপার্থং শ্রুতিরপ্যাহ তদ্যথেহ কর্ম্মচিতোলোকঃ ক্ষীয়তে ইত্যাদ্যা অগ্নিহোত্রাদিবৎ কার্য্যার্থ-মেবেতি সুত্রকারেণ পরম্পরয়া কর্ম্মণাং মুক্তিফলং বিহিতং প্রয়াজাদিবৎ অতোজ্ঞানার্থত্বেন কর্ম্মণামুপযোগোঽস্ত্যেব জ্ঞানোৎপত্তেস্তু পুরস্তাৎ কর্ম্মণামুপ-যোগাভাবেপি লোকসংগ্রহার্থমনুষ্ঠানং কর্ত্তব্যমেবেতি সর্ব্বং সমঞ্জসং ॥ ৬ ॥

নন্থ কথমেকএবাত্মা অনেকাং বুদ্ধিং যুগপদধিতিষ্ঠতি নহ্যেকএবাশ্ব-বাহকো যুগপদনেকানশ্বানধিতিষ্ঠতি ইত্যুপলভ্যতে ক্রমেণাধিষ্ঠানন্তু যুজ্যতে তচ্চেহ নাস্তি যুগপদেব সর্ব্বাসাং বুদ্ধীনাং স্বব্যাপারে প্রবৃত্তিদর্শনাৎ অনধি-

---

হইয়াও নানা জীবের বুদ্ধিতে নানা প্রকারে কল্পিত হন, আমি সেই নিত্য জ্ঞানস্বরূপ আত্মা ॥ ৬ ॥

যেমন জগতের সাধারণ-বস্তু-প্রকাশক সূর্য্য এক হইয়াও এককালে

প্রকাশ্যং। অনেকা ধিয়ো-যস্তথৈকপ্রবোধঃ স নিত্যোপলব্ধিস্বরূপোঽহমাত্মা ॥ ৭ ॥

বিবস্বৎপ্রভাতং যথা রূপলক্ষং প্রগৃহ্লাতি নাভাত-মেবং বিবস্বান্। তথা ভাত আভাষয়ত্যক্ষমেকঃ স নিত্যোপলব্ধিস্বরূপোঽহমাত্মা ॥ ৮ ॥

ষ্ঠিতানাঞ্চ প্রবৃত্ত্যভাবাৎ অতোনৈকআত্মা ইত্যাহ। যথেত্যাদি। যথা যেন প্রকারেণ প্রকাশ্যত্বপ্রকারেণ রবিরাদিত্যএকএবানেকেষাং চক্ষুষাং প্রকাশো-যুগপদনেকানি চক্ষুংষি অধিতিষ্ঠতি ন ক্রমেণ একৈকস্মিন্ চক্ষুষে প্রকাশ্যং প্রকাশীকরোতি তথা তেনৈব প্রকারেণ একশ্চাসৌ প্রবোধশ্চেতি একৈব প্রবোধোঽধিষ্ঠাতাঽনেকাধিয়োবুর্দ্ধির্যুগপদধিতিষ্ঠতি ন ক্রমেণ একৈকস্তৈ ধিয়ে প্রকাশ্যং প্রকাশীকরোতি যঃ সোহমাত্মেতি সম্বন্ধঃ ॥ ৭ ॥

ননু অস্তু তর্হি বিবেকঃ বুদ্ধীনাং অধিষ্ঠাতা কিমাত্মাভ্যুপগমেন তথাচ শ্রুতিঃ ধিয়োয়োনঃ প্রচোদয়াদিত্যতআহ। বিবস্বদিতি। বিবস্বতাদিত্যেন প্রভাতং প্রকাশিতমিত্যর্থঃ অক্ষং চক্ষুর্যথা রূপং ঘটাদি প্রগৃহ্লাতি প্রক-র্ষেণ জানাতি নাভাতং ন অপ্রকাশিতং অন্ধকারে ঘটাদ্যনুপলম্ভাৎ অত্র বিবস্বানপি একস্তথা তেনৈব প্রকারেণ ভাতঃ প্রকাশিতোধিষ্ঠিতঃ সন্নাভাস-য়তি অধিতিষ্ঠতি অক্ষং চক্ষুঃ যশ্চ বিবস্বতোধিষ্ঠাতা সোহমাত্মা সচ সর্ব্বাসাং বুদ্ধীনাং অধিষ্ঠাতা শ্রুত্যা চ চক্ষুরধিষ্ঠাতারমভিপ্রেত্য বিবস্বতোবুদ্ধিপ্রের-কত্বমভিহিতং যস্মাদ্বিবস্বদধিষ্ঠিতং চক্ষুর্ব্বুদ্ধিমুৎপাদয়তি ॥ ৮ ॥

এক হইয়াও এককালে অনেকের বুদ্ধির বিষয়ীভূত পদার্থকে প্রকাশ করেন, আমি সেই নিত্য জ্ঞানস্বরূপ আত্মা ॥ ৭ ॥

যেমন চক্ষুঃ সূর্য্যের আলোক দ্বারা প্রকাশিত রূপ সকলকে গ্রহণ করে এবং যে বস্তু সূর্য্যের কিরণদ্বারা প্রকাশিত নহে, তাহা যেমন গ্রহণ করিতে পারে না; সেইরূপ ঐ সূর্য্য যে আত্মার চৈতন্যস্বরূপ জ্যোতিদ্বারা প্রকাশিত হইয়া রূপ সকলকে প্রকাশ করেন, সেই সর্ব্ব প্রকাশক নিত্য জ্ঞানস্বরূপ

যথা সূর্য্যএকোঽপ্স্বনেকশ্চলাসু স্থিরাস্বপ্যনন্বগ্বি-
ভাব্যস্বরূপঃ। চলাসু প্রভিন্নাসু ধীষ্বেকএবং স-
নিত্যোপলব্ধিস্বরূপোঽহমাত্মা ॥ ৯ ॥
ঘনচ্ছন্নদৃষ্টির্ঘনচ্ছন্নমর্কং যথা নিষ্প্রভং মন্যতে চাতি-
মূঢ়ঃ। তথা বদ্ধবদ্ভাতি যোমূঢ়দৃষ্টেঃ স নিত্যো-
পলব্ধিস্বরূপোঽহমাত্মা ॥ ১০ ॥

নন্থ আত্মাপি তর্হি প্রকাশান্তরেণাধিষ্ঠাতব্যঃ ন তস্য স্বপ্রকাশতা ন নান্যতোঽস্তি দ্রষ্টেতি শ্রুত্যা তত্র দ্রষ্ট্রান্তরপ্রতিষেধাদিতি তদাহ। যথে-ত্যাদি। যথা যেন প্রকারেণ আদিত্যএকোপি অপ্সু বারিষু চলাসু স্থিরাসু চ অনেকোপি নানাপি একঃ সন্ প্রতিভাসতে অনন্বগ্বিভাব্যস্বরূপঃ অনু অঞ্চতি গচ্ছতি অন্বক্ নঅন্বক্ অনন্বক্ পৃথগিতি যাবৎ যদ্বা অন্বক্ত্বেন বিভাব্যং স্বরূপং যস্য স তথোক্তঃ এবং বহুব্রীহিসমাসং কৃত্বা পশ্চান্নঞ্সমাসঃ ততশ্চায়মর্থোভবতি ন বারিষু রবিরনুগতোভবতি কিং তর্হি দেদীপ্যমানো-ভ্রান্ত্যা তু বারিষু দৃশ্যতইব এবমেকআত্মা চলাসু প্রভিন্নাসু নানাভূতাসু ধীষ্ বুদ্ধিষু অনেকঃ সন্ অনন্বগ্বিভাব্যস্বরূপোন বুদ্ধিরনুগচ্ছতি কিন্তু পৃথগেব দেদীপ্যমানোযঃ সোহমাত্মেত্যর্থঃ ॥ ৯ ॥

অপিচ। ঘনেত্যাদি। ঘনেন মেঘেন চ্ছন্না তিরোহিতা দৃষ্টির্দ্দর্শনং যস্য ঘনচ্ছন্নদৃষ্টিঃ পুরুষঃ ঘনেন চ্ছন্নমাদিত্যং যথা যেন ঘনচ্ছন্নত্বপ্রকারেণ মন্যতে জানাতি নিষ্প্রভং প্রভারহিতং অপ্রকাশস্বরূপমিতি যাবৎ সূর্য্যং হি মন্যতে ঘন-চ্ছন্নদৃষ্টিত্বাৎ প্রকাশস্বরূপমপি রবিমপ্রকাশমহং পশ্যামীত্যাহ অতিমূঢ়ঃ অতি-

---

যেমন জ্যোতির্ম্ময় এক সূর্য্য জগতের নানা স্থানে নানারূপে দৃষ্ট হয়, কিন্তু সেই সূর্য্যকে স্থির জলে একরূপই দেখা যায়। সেইরূপ যে আত্মা বাস্ত-বিক এক হইয়াও নানাপ্রকার জীবের নানাবিধ চঞ্চল বুদ্ধিতে নানাপ্রকারে প্রতীত হন, আমি সেই নিত্য জ্ঞানস্বরূপ আত্মা ॥ ৯ ॥

যেমন অজ্ঞ ব্যক্তিরা বলিয়া থাকে যে, সূর্য্য মেঘে সমাচ্ছন্ন হইয়া প্রভা-

সমস্তেষু বস্তুষ্বনুস্যূতমেকং সমস্তানি বস্তূনি যন্ন স্পৃশন্তি। বিয়দ্বৎ সদা শুদ্ধমচ্ছস্বরূপং স নিত্যো-পলব্ধিস্বরূপোঽহমাত্মা॥ ১১ ॥

উপাধৌ যথা ভেদতা সন্মণীনাং তথা ভেদতা বুদ্ধি-

মূর্খইতি অতিমূঢ়ত্বাদাত্মনোদৃষ্টিবিঘাতমগণয়ন্ সূর্য্যমেবাপ্রকাশং মন্যতে পাদ-পূরণে চ শব্দঃ। তথা তেনৈব প্রকারেণ অবিদ্যাচ্ছন্নদৃষ্টিঃ পুরুষোবুদ্ধিমাত্মত্বেন গৃহীত্বা তদ্গতসুখাদিকমাত্মনি মন্যমানোবদ্ধইব ভাতি যোমূঢ়দৃষ্টেঃ সোহ-মাত্মেতি সম্বন্ধঃ ॥ ১০ ॥

সমস্তেত্বিত্যাদিঃ। সমস্তেষু নিঃশেষেষু বস্তুষু প্রপঞ্চাত্মকেষু সদাঽনুস্যূতমনু-গতং সর্ব্বতোব্যাপ্তমেকং ন নানা সমস্তানি বস্তূনি প্রপঞ্চাত্মকানি সদ্রূপং ন স্পৃশন্তি কুতোবিয়দ্বৎ আকাশমিব সদা শুদ্ধং নির্ম্মলং রাগাদিদোষরহিতং অচ্ছ-স্বরূপং অমূর্ত্তস্বরূপমিতি যাবৎ এবমেকং পরং ব্রহ্ম যৎসোহমাত্মেতি ॥ ১১ ॥

ব্যুৎপাদিতমুপসংহরতি। উপাধাবিত্যাদি। উপাধৌ উপাধিভেদসম্বন্ধে সতি যথা ভেদএব ভেদতা স্বার্থে তন্ সন্মণীনাং বিশুদ্ধমণীনাং স্ফটি-কাদীনাং লোহিতকৃষ্ণাদিভেদেন ভেদতা ভেদস্তথা বুদ্ধিভেদেষু নানাবুদ্ধিষু তেপি তবাপি নানাত্বং হে বিষ্ণো পরমার্থতস্তু সভেদোনাস্ত্যেব বুদ্ধ্যু-পাধিকৃতভেদস্তু বিস্তৃতএবেত্যর্থঃ। যথা চন্দ্রকাণাং চন্দ্রাএব চন্দ্রকাঃ স্বার্থেকঃ জলেষু প্রতিবিম্বরূপেষু অলং দৃশ্যমানং জলস্য চঞ্চলত্বাৎ চঞ্চলত্বং তথা

জানে না; সেইরূপ মূঢ় ব্যক্তিদিগের নিকটে যে আত্মা নিত্যশুদ্ধ-চৈতন্যস্বরূপ হইয়াও বদ্ধরূপে প্রতীত হন, আমি সেই নিত্য-জ্ঞানস্বরূপ আত্মা ॥ ১০ ॥

যিনি এক হইয়াও অন্তর্যামীরূপে জগতের যাবতীয় বস্তুর অন্তরে অব-স্থিতি করেন, কিন্তু কোন বস্তুই তাঁহাকে স্পর্শ করিতে পারে না এবং যে আত্মা আকাশের ন্যায় সর্ব্বব্যাপী বিশুদ্ধ জ্ঞানস্বরূপ, আমি সেই নিত্য চৈতন্য স্বরূপ আত্মা ॥ ১১ ॥

হে সর্ব্বময় পরমব্রহ্ম! যেমন জবাপুষ্পাদি-উপাধির নিকটে অতি স্বচ্ছ-স্ফটিকাদি পদার্থের বৈলক্ষণ্য দৃষ্ট হয় এবং যেমন একই চন্দ্র চঞ্চল জলেতে

ভেদেষু তেষু। যথা চন্দ্রকাণাং জলে চঞ্চলত্বং তথা চঞ্চলত্বং তবাপীহ বিষ্ণো ॥ ১২ ॥

ইতি হস্তামলকং সমাপ্তং।

বুদ্ধীনাং তবাপি চঞ্চলত্বমৌপাধিকং ন পারমার্থিকং ইহ বুদ্ধিভেদেষু বিষ্ণো-র্ব্যাপনশীলস্যেত্যর্থঃ ॥ ১২ ॥

ইতি শ্রীগোবিন্দভগবৎ পূজ্যপাদশিষ্যপরমহংসপরিব্রাজকাচার্য্যশ্রীমচ্ছঙ্কর-ভগবৎকৃতৌ হস্তামলকভাষ্যং সমাপ্তং।

অনেকরূপ দেখা যায়; সেইরূপ তুমি এক হইয়াও যে নানা প্রাণীর নানা বুদ্ধিতে নানারূপে প্রতীত হইতেছ, তাহা কেবল তোমারই অপার মহিমার ফল ॥ ১২ ॥

ইতি হস্তামলক সমাপ্ত।

সিদ্ধান্তবিন্দুসারঃ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥

ন ভূমির্ন তোয়ং ন তেজো ন বায়ুর্ন খং নেন্দ্রিয়ং বা
ন তেষাং সমূহঃ। অনৈকান্তিকত্বাৎ সুষুপ্ত্যেক-
সিদ্ধ-স্তদেকোঽবশিষ্টঃ শিবঃ কেবলোঽহং ॥ ১ ॥

লোকসমাজে সকলেই "অহং" এই শব্দ ব্যবহার করিয়া থাকেন, কিন্তু কেহই "অহং" এই পদের প্রকৃত অর্থ জানেন না। ভগবান্ আচার্য্য "অহং" এই পদের অর্থ নির্ণয়চ্ছলে আত্মতত্ত্ব নিরূপণ করিতেছেন।—আত্মা পৃথিবী নহে, যেহেতু পৃথিবীর গন্ধগুণ আছে, আত্মার তাহা নাই; আত্মা সেই গন্ধের প্রকাশক। আত্মাকে জল বলা যায় না; জলের রস গুণ আছে, আত্মার রস নাই; তিনি রসের বিজ্ঞাতা। আত্মা তেজঃ পদার্থ নহে; যেহেতু আত্মার তৈজস গুণ রূপ নাই; তিনি রূপের দর্শনকর্ত্তা। আত্মা বায়ু নহে; বায়ুর স্পর্শ গুণ আছে, আত্মার তাহা নাই; আত্মা স্পর্শ গুণের বিজ্ঞাতা। আত্মা আকাশ নহে; আকাশের শব্দগুণ লক্ষিত হয়, আত্মাতে তাহা দৃষ্ট হয় না; আত্মা সেই শব্দের উচ্চারণকর্ত্তা। আত্মা চক্ষুরাদি ইন্দ্রিয় নহে, যেহেতু ইন্দ্রিয় অনেক; কিন্তু আত্মা এক। পঞ্চভূত ও দশ ইন্দ্রিয়ের সমষ্টি স্বরূপ যে শরীর, আত্মা সেই শরীরও নহেন; যেহেতু শরীর সুষুপ্তিপ্রভৃতি অবস্থাতে একরূপ থাকে না; কিন্তু আত্মার সর্ব্বাবস্থাতে একভাব দেখা যায় এবং দেহ ও ইন্দ্রিয় সকলের অভিমান নাই, আত্মার অভিমান আছে, সুতরাং ইন্দ্রিয়াদির অভিমানাভাব-প্রযুক্ত ব্যভিচার দৃষ্ট হয়। অতএব ইন্দ্রিয় ও শরীরকে আত্মা বলা যায় না; পরন্তু যিনি ভূমিপ্রভৃতি হইতে বিভিন্ন, কেবল নিত্য সর্ব্বমঙ্গলময় "আমি" সেই আত্মা ॥ ১ ॥

ন বর্ণা ন বর্ণাশ্রমাচারধর্ম্মা ন মে ধারণাধ্যানযোগা-
দয়োপি। অনাত্মাশ্রয়োঽহং মমাধ্যাসহানাত্তদেকো-
বশিষ্টঃ শিবঃ কেবলোঽহং ॥ ২ ॥

ন মাতা পিতা বা ন দেবা ন লোকা ন বেদা ন
যজ্ঞা ন তীর্থং ব্রুবন্তি। সুষুপ্তৌ নিরস্তাতিশূন্যাত্ম-
কত্বাত্তদেকোবশিষ্টঃ শিবঃ কেবলোঽহং ॥ ৩ ॥

ন সাংখ্যং ন শৈবং ন তৎপাঞ্চরাত্রং ন জৈনং
ন মীমাংসকাদের্ম্মতম্বা। বিশিষ্টানুভূত্যা বিশুদ্ধাত্ম-
কত্বাত্তদেকো বশিষ্টঃ শিবঃ কেবলোঽহং ॥ ৪ ॥

ন চোর্দ্ধং ন চাধো ন চান্তর্ন বাহ্যং নমধ্যং ন তির্য্যঙ্ন
পূর্ব্বাপরা দিক্। বিয়দ্ব্যাপকত্বাদখণ্ডৈকরূপ-স্তদে-
কোবশিষ্টঃ শিবঃ কেবলোঽহং ॥ ৫ ॥

যিনি ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্র নহেন এবং যাঁহার ব্রাহ্মণাদি বর্ণের উচিত ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য ও বাণপ্রস্থাদি ধর্ম্ম নাই, যাঁহার ধ্যান ধারণাদি অষ্টাঙ্গ-যোগ করিতে হয় না। যাহাদিগের দেহাভিমান আছে, তাহাদিগেরই বর্ণা-শ্রমাচার ও যোগাচার আবশ্যক। যে আত্মার "এই আমি এবং এই দেহ আমার" ইত্যাদি অভিমান নাই, আমিই সেই নিত্য এবং কেবল সর্ব্ব-মঙ্গলময় আত্মা ॥ ২ ॥

যে আত্মার মাতাপিতা নাই, উপাস্য দেব বা উপসনার ফল নাই, বেদ, যজ্ঞ ও তীর্থ নাই। নিদ্রাবস্থাতে বুদ্ধি বৃত্তি নিরস্ত হইলেও যিনি সাক্ষিস্বরূপে বর্ত্তমান থাকেন, আমিই সেই নিত্য এবং কেবল সর্ব্বমঙ্গলময় আত্মা ॥ ৩ ॥

যে আত্মার সম্বন্ধে সাংখ্য, শৈব, পাঞ্চরাত্র, জৈন ও মীমাংসাদি কোন মত নাই এবং যিনি বিশুদ্ধ বুদ্ধিতে নির্ম্মল স্বরূপে প্রতীয়মান হন, আমিই সেই নিত্য, সর্ব্বমঙ্গলময় ও সর্ব্বাবশিষ্ট আত্মা ॥ ৪ ॥

যে আত্মার ঊর্দ্ধ, অধঃ, অন্তর, বাহ্য, পার্শ্ব ও মধ্য নাই; যাঁহার পূর্ব্বাদি-

ন শুক্লং ন কৃষ্ণং ন রক্তং ন পীতং ন কুব্জং ন পীনং ন হ্রস্বং ন দীর্ঘং। ন রূপং তথাজ্যোতি-রাকারকত্বা-ত্তদেকোঽবশিষ্টঃ শিবঃ কেবলোঽহং ॥ ৬ ॥

ন শাস্তা ন শাস্ত্রং ন শিষ্যো ন শিক্ষা নচ ত্বং ন চাহং ন চায়ং প্রপঞ্চঃ। স্বরূপাববোধো বিকল্পা সহিষ্ণু-স্তদেকোবশিষ্টঃ শিবঃ কেবলোঽহং॥ ৭ ॥

ন জাগ্রন্ন মে স্বপ্নকো বা সুষুপ্তির্ন বিশ্বো ন বা তৈজসঃ প্রাজ্ঞকোবা। অবিদ্যাত্মকত্বাত্ত্রয়াণাং তুরীয়-স্তদেকোঽবশিষ্টঃ শিবঃ কেবলোঽহং ॥ ৮ ॥

দিক ও ঈশানাদি কোণ কিছুই নাই এবং যিনি আকাশের ন্যায় অখণ্ডরূপে ঊর্দ্ধ, অধঃ ও মধ্য সকলকে ব্যাপিয়া রহিয়াছেন, আমিই সেই সর্ব্বাবশিষ্ট নিত্য ও কেবল সর্ব্বমঙ্গলময় আত্মা ॥ ৫ ॥

যে আত্মার আকার কুব্জ, স্থূল, হ্রস্ব বা দীর্ঘ নহে, যিনি শুক্ল, রক্ত, কৃষ্ণ বা পীতবর্ণ নহেন এবং যিনি জ্যোতির্ম্ময় ও সর্ব্বপ্রকার আকারবিহীন, আমিই সেই সর্ব্বাবশিষ্ট নিত্য ও কেবল সর্ব্বমঙ্গলময় আত্মা ॥ ৬ ॥

যে আত্মার সাশনকর্ত্তা বা অনুশাসন শাস্ত্র নাই, যাঁহার শিষ্য নাই ও শিক্ষা নাই, যে আত্মার এই তুমি, এই আমি এবং এই অমুক ইত্যাকার বিভিন্ন জ্ঞান নাই। যে আত্মার প্রপঞ্চ ভূমি, জল, অগ্নি, বায়ু, আকাশ, ইন্দ্রিয়, দেহ, ধর্ম্ম, পিতা, মাতা, মত, অমত, ঊর্দ্ধ, অধঃ, মধ্য, সুখ, দুঃখ, হ্রস্ব দীর্ঘাদি এই সকল আকার বিশিষ্ট প্রপঞ্চ কিছুই নাই। যেমন সূর্য্যমণ্ডল-মধ্যে ঘন অন্ধকারের স্থিতি থাকে না এবং আকাশমণ্ডলে পুষ্পোদ্যান সম্ভব হয় না, সেইরূপ স্বপ্রকাশস্বরূপ যে বিভূর চৈতন্যে মালিন্য, জড়তা ও পরিচ্ছেদ ইত্যাদি দোষের স্পর্শ হয় না; আমিই সেই সর্ব্বাবশিষ্ট সর্ব্বমঙ্গলময় আত্মা ॥ ৭ ॥

আকাশবৎ বিমল স্বভাববিশিষ্ট যে আত্মার জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই

অপি ব্যাপকত্বাত্তদন্যপ্রয়োগাৎ স্বতঃসিদ্ধভাবাদনন্যা-
শ্রয়ত্বাৎ। জগত্তুচ্ছমেতৎ সমস্তং তদন্যত্তদেকো-
বশিষ্টঃ শিবঃ কেবলোঽহং ॥ ৯ ॥

ইতি শ্রীপরমহংস-পরিব্রাজকাচার্য্য-শ্রীবিশ্বেশ্বর-সরস্বতী
ভগবৎপূজ্যপাদশিষ্য-মধুসূদনসরস্বতীবিরচিতঃ
সিদ্ধান্তবিন্দুসারঃ সমাপ্তঃ।

যাঁহার তিন অবস্থা, তিন লোক ও তিন গুণ নাই ; আমিই সেই সর্ব্বাবশিষ্ট সর্ব্বমঙ্গলময় আত্মা ॥ ৮ ॥

আত্মা ব্যাপক নহেন, তিনি সর্ব্বপদার্থে পরিব্যাপ্ত আছেন। তিনি সত্ত্ব ও সকল পদার্থেই স্বতঃ সিদ্ধ ; কোন পদার্থের আশ্রিত নহেন, সকল পদার্থই তাহাঁকে আশ্রয় করিয়া আছে; কেবল আত্মাই সত্য, জগৎ মিথ্যা ; আত্মাস্বতঃ-সিদ্ধ, জগৎমায়ার কার্য্য ; আত্মা অনন্যাশ্রয়, জগৎ আশ্রিত, অতএব সকল প্রপঞ্চই তুচ্ছ, কেবল আমিই সেই সর্ব্বাবশিষ্ট সর্ব্বমঙ্গলময় আত্মা ॥ ৯ ॥

ইতি সিদ্ধান্তবিন্দুসারঃ সমাপ্তঃ।

নিরঞ্জনাষ্টকম্।

স্থানং ন মানং নচনাদবিন্দুরূপং ন রেখা নচ ধাতু বর্ণং। দৃষ্টা ন দৃশ্যঃ শ্রবণং ন শ্রাব্যং তস্মৈ নমো-ব্রহ্মনিরঞ্জনায় ॥ ১ ॥

বৃক্ষো ন মূলং নচ বীজকূলং শাখা ন পত্রং নচ বল্লি পল্লবং। পুষ্পং ন গন্ধং ন ফলং ন ছায়া তস্মৈনমো ব্রহ্মনিরঞ্জনায় ॥ ২ ॥

বেদং ন শাস্ত্রং নচ শৌচসন্ধ্যা মন্ত্রং ন জাপ্যং নচ ধ্যানধ্যেয়ং। হোমো ন যজ্ঞো নচ দেবপূজা তস্মৈ নমো ব্রহ্মনিরঞ্জনায় ॥ ৩ ॥

যে সচিদানন্দময় ব্রহ্মের স্থান নাই, পরিমাণ নাই, রূপ নাই, বর্ণ নাই, যিনি ধাতু স্বরূপ বা কোনরূপ আকার বিশিষ্ট নহেন; যাঁহার দর্শক নাই, দৃশ্য নাই, শ্রবণ নাই, শ্রাব্য নাই; সেই নিরঞ্জন ব্রহ্মকে নমস্কার করি ॥ ১ ॥

যে সচ্চিদানন্দময় ব্রহ্ম বৃক্ষস্বরূপ; কিন্তু তাহার মূল, বীজ, শাখা, পত্র, লতা, পল্লব, পুষ্প, গন্ধ, ফল ও ছায়া নাই; সেই নিরঞ্জন পরমব্রহ্মকে নমস্কার করি ॥ ২ ॥

যে সচ্চিদানন্দময় পরমব্রহ্মের বেদ, শাস্ত্র, শৌচ, সন্ধ্যা, মন্ত্র, জপ, ধ্যান, ধ্যেয়, হোম, যজ্ঞ ও দেবপূজা-প্রভৃতি কোন কর্ম্ম নাই; সেই নিরঞ্জন পরম-

অধো ন ঊর্দ্ধং ন শিবো ন শক্তিঃ পুমান্ন নারী নচ লিঙ্গমূর্ত্তিঃ। ন ব্রহ্মা ন বিষ্ণু র্নচ দেবরুদ্রো তস্মৈ নমো ব্রহ্মনিরঞ্জনায় ॥ ৪ ॥

অখণ্ডখণ্ডং নচ দণ্ডদণ্ডং কালোপি জীবো ন গুরুর্ন শিষ্যঃ। গ্রহা ন তারা নচ মেঘমলা তস্মৈ নমো ব্রহ্মনিরঞ্জনায় ॥ ৫ ॥

শ্বেতং ন পীতং নচ রক্ত রেতং হেমং ন রৌপ্যং নচ বর্ণবর্ণং। চন্দ্রার্ক-বহ্নে-রুদয়ো ন চাস্তং তস্মৈ নমো ব্রহ্মনিরঞ্জনায় ॥ ৬ ॥

স্বর্গে ন পংক্তির্নগরে ন ক্ষেত্রে জাতেরতীতং নচ ভেদভিন্নং। নাহং ন তত্ত্বং ন পৃথক্ পৃথক্ত্বাত্তস্মৈ নমো ব্রহ্মনিরঞ্জনায় ॥ ৭ ॥

যে সচ্চিদানন্দময় পরমব্রহ্ম, ঊর্দ্ধ, অধঃ, শিব, শক্তি, পুরুষ, নারী, লিঙ্গ, মূর্ত্তি, ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্রস্বরূপ নহেন; সেই নিরঞ্জন পরমব্রহ্মকে নমস্কার করি ॥ ৪ ॥

যে সনাতনব্রহ্ম এই জগতের কোন অংশ নহেন, দণ্ডপলাদি কালস্বরূপ নহেন, যিনি কোন জীব, গুরু; শিষ্য, গ্রহ, তারা ও মেঘমালাস্বরূপ নহেন, সেই নিরঞ্জন পরমব্রহ্মকে নমস্কার করি ॥ ৫ ॥

যিনি শ্বেত, পীত বা রক্তবর্ণ নহেন, যিনি স্বর্ণ-রৌপ্যাদি ধাতুস্বরূপ নহেন, যাঁহার কোন বর্ণ নাই; যিনি চন্দ্র, সূর্য্য বা অগ্নিস্বরূপ নহেন, যাঁহার উদয় বা অস্ত নাই; সেই নিরঞ্জন ব্রহ্মকে নমস্কার করি ॥ ৬ ॥

স্বর্গে, নগরে বা ক্ষেত্রে যাঁহার অবস্থান নাই, যাঁহার কোন জাতি বা অজাতিগত কোন ভেদ নাই, যিনি সর্ব্ব পদার্থ হইতে পৃথক্; সেই নিরঞ্জন পরম ব্রহ্মকে নমস্কার করি ॥ ৭ ॥

গম্ভীরধীরং ন নির্ব্বাণশূন্যং সংসারসারং নচ পাপ পুণ্যং। ব্যক্তং নচা ব্যক্তম ভেদভিন্নং তস্মৈ নমো ব্রহ্মনিরঞ্জনায় ॥ ৮ ॥

ইতি শ্রীগোবিন্দভগবৎ-পূজ্যপাদশিষ্যস্য পরমহংসপরিব্রাজকাচার্য্যস্য শ্রীমচ্ছঙ্কর ভগবতঃ বরচিতং নিরঞ্জনাষ্টকং সমাপ্তং।

যিনি গভীর বা ধীর নহেন, যিনি নির্ব্বাণরূপী পুণ্যময় ও সংসারের সার, যাহার পাপ ও পুণ্য নাই, যাঁহার ব্যক্ত বা অব্যক্ত কোন রূপ নাই এবং যিনি সর্ব্বময়; সেই নিরঞ্জন ব্রহ্মকে নমস্কার করি ॥ ৮ ॥

ইতি নিরাঞ্জনাষ্টকং সমাপ্তম্।

॥ ওঁ তৎসৎ ওঁ ॥

বেদান্তসারঃ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥

অখণ্ডং সচ্চিদানন্দমবাঙ্মনসগোচরং।
আত্মানমখিলাধারমাশ্রয়েঽভীষ্টসিদ্ধয়ে ॥
অর্থতোঽপ্যদ্বয়ানন্দানতীতদ্বৈতভানতঃ।
গুরূনারাধ্য বেদান্তসারং বক্ষ্যে যথামতি ॥ ১ ॥

বেদান্তোনাম উপনিষৎপ্রমাণং তদুপকারীণি শারীরকসূত্রাদীনি চ ॥ ২ ॥

অস্য বেদান্তপ্রকরণত্বাত্তদীয়ৈরেবানুবন্ধৈস্তদ্বত্তা-সিদ্ধের্ন তে পৃথগালোচনীয়াঃ ॥ ৩ ॥

যিনি অবাঙ্মনসগোচর অর্থাৎ বাক্য মনের অতীত এবং জগতের আধার স্বরূপ ; আপন অভিলষিত কার্য্যসিদ্ধির নিমিত্ত ; সেই সচ্চিদানন্দময় পূর্ণব্রহ্ম পরমাত্মাকে আশ্রয় করি। যিনি অর্থে এবং শব্দে অদ্বৈত, কদাচ যাঁহাতে দ্বৈতজ্ঞান হয়না, সেই নিত্যানন্দময় গুরুদেবকে নমস্কার করিয়া বেদান্ত-শাস্ত্রের সার-সঙ্কলনপূর্ব্বক যথাশক্তি "বেদান্তসার"নামক গ্রন্থপ্রণয়ন করিব ॥১॥

স্বতঃ সিদ্ধ প্রমাণাত্মক উপনিষদের নাম বেদান্ত এবং সেই সকল প্রমাণের অনুকূলক মীমাংসা ও শারীরিকসূত্র প্রভৃতি অধ্যাত্মশাস্ত্রও বেদান্তশাস্ত্র শব্দের প্রতিপাদ্য ॥ ২ ॥

এই গ্রন্থ বেদান্তপ্রকরণের অন্তর্গত, বেদান্ত গ্রন্থ অধ্যয়নে যে কার্য্য-

তত্রানুবন্ধোনাম অধিকারিবিষয়সম্বন্ধপ্রয়োজনানি ॥৪॥
অধিকারী তু বিধিবদধীতবেদবেদাঙ্গত্বেনাপাততো-
ঽধিগতাখিলবেদার্থোঽস্মিন্ জন্মনি জন্মান্তরে বা
কাম্যনিষিদ্ধবর্জ্জনপুরঃসরং নিত্যনৈমিত্তিকপ্রায়শ্চি-
ত্তোপাসনানুষ্ঠানেন নির্গতনিখিলকল্মষতয়া নিতান্ত-
নির্ম্মলস্বান্তঃ সাধনচতুষ্টয়সম্পন্নঃ প্রমাতা ॥ ৫ ॥
কাম্যানি স্বর্গাদীষ্টসাধনানি জ্যোতিষ্টোমাদীনি।
নিষিদ্ধানি নরকাদ্যনিষ্টসাধনানি ব্রহ্মহননাদীনি।
নিত্যানি অকরণে প্রত্যবায়সাধনানি সন্ধ্যাবন্দনা-
দীনি। নৈমিত্তিকানি পুত্রজন্মাদ্যনুবন্ধীনি জাতেষ্ট্যা-

বেদান্তেতে যে অনুবন্ধ চতুষ্টয় উক্ত আছে, সেই অনুবন্ধ চতুষ্টয় দ্বারাই এই গ্রন্থের অনুবন্ধ কার্য্যসিদ্ধ আছে; সুতরাং এই গ্রন্থে আর পৃথক্‌রূপে অনুবন্ধের আলোচনার প্রয়োজন নাই ॥ ৩ ॥

অধিকারী, বিষয়, সম্বন্ধ এবং প্রয়োজন, ইহাদিগকেই বেদান্তের অনুবন্ধ চতুষ্টয় বলে। এই অনুবন্ধ চতুষ্টয় দ্বারা বেদান্তশাস্ত্র সঙ্কলিত হইয়াছে ॥ ৪ ॥

"সর্ব্বদা স্বাধ্যায়াচরণ করিবে" এইরূপ বিধিবাক্যানুসারে যাহারা বেদ-বেদাঙ্গাদি অধ্যয়ন করিয়া সামান্যতঃ বেদার্থ সকল অবগত হইয়াছেন এবং যাহারা ইহজন্মে বা জন্মান্তরে কাম্য ও নিষিদ্ধ কর্ম্ম পরিত্যাগ করিয়া নিত্য, নৈমিত্তিক, প্রায়শ্চিত্ত ও উপাসনা এই সকল কার্য্যের অনুষ্ঠান দ্বারা পাপ সমূহ বিনাশপূর্ব্বক অন্তঃকরণের নির্ম্মলতা সাধন করিয়াছেন, এবং যাহারা সাধন চতুষ্টয় সম্পন্ন, তাহারাই ঈশ্বর তত্ত্ব পর্য্যালোচনায় অধিকারী ॥ ৫ ॥

স্বর্গাদি সুখপ্রাপ্তির কারণীভূত অগ্নিষ্টোমাদি যজ্ঞের নাম কাম্যকর্ম্ম। নরকাদি দুঃখভোগের সাধন ব্রাহ্মণবধাদি নিষিদ্ধকর্ম্ম বলিয়া পরিগণিত হয় এবং যে কার্য্য অকরণে পাপরাশি সঞ্চিত হয়, এবম্ভূত সন্ধ্যাবন্দনাদি কর্ম্মের নাম

দীনি। প্রায়শ্চিত্তানি পাপক্ষয়মাত্রসাধনানি চান্দ্রায়ণাদীনি। উপাসনানি সগুণব্রহ্মবিষয়কমানসব্যাপাররূপাণি শাণ্ডিল্যবিদ্যাদীনি। এতেষাং নিত্যাদীনাং বুদ্ধিশুদ্ধিঃ পরং প্রয়োজনং উপাসনানান্তু চিত্তৈকাগ্র্যং। "তমেতমাত্মানং বেদানুবচনেন ব্রাহ্মণাবিবিদিষন্তি যজ্ঞেনেত্যাদিশ্রুতেঃ তপসা কল্মষং হন্তি ইত্যাদিস্মৃতেশ্চ"। নিত্যনৈমিত্তিকয়োরুপাসনানাঞ্চ অবান্তরফলং পিতৃলোকসত্যলোকপ্রাপ্তিঃ। "কর্ম্মণা পিতৃলোকোবিদ্যয়া দেবলোক-ইত্যাদিশ্রুতেঃ" ॥ ৬ ॥

সাধনানি নিত্যানিত্যবস্তুবিবেকেহামুত্র ফলভোগবিরাগশমদমাদিসম্পত্তিমুমুক্ষুত্বানি। নিত্যানিত্য-

---

পাপক্ষয়ের কারণীভূত চান্দ্রায়ণাদি ব্রতাচরণকে প্রায়শ্চিত্ত এবং সগুণ ব্রহ্মবিষয়ক চিত্তের একাগ্রতারূপ শান্তি প্রভৃতি বিদ্যাকে উপাসনা বলে। উক্ত কার্য্য সমূহের মধ্যে কেবল চিত্তশুদ্ধির নিমিত্ত নিত্য, নৈমিত্তিক ও প্রায়শ্চিত্ত, এই সকলের প্রয়োজন এবং চিত্তের একাগ্রতার জন্য উপাসনাই মুখ্য প্রয়োজন। অন্তঃকরণের নির্ম্মলতা সম্পাদিত হইলে আর উক্ত কার্য্যের কোন প্রয়োজন নাই। এই বিষয়ে শ্রুতির প্রমাণ এই যে,—বেদাধ্যয়ন, যজ্ঞ, দান, তপস্যা এবং অনশনাদি ব্রতাচরণ করিয়া ব্রাহ্মণগণ পরমাত্মাকে জানিতে ইচ্ছা করেন এবং এই বিষয়ে স্মৃতিতে কথিত আছে যে, "তপস্যাচরণ করিলে পাপরাশি বিনষ্ট হয়"। পরন্তু নিত্য নৈমিত্তিক ও উপাসনা কর্ম্মের আনুষঙ্গিক ফল আর আছে, তাহাতে পিতৃলোক ও সত্যলোকপ্রাপ্তি হইয়া থাকে। শ্রুতিতে উক্ত আছে যে, "কর্ম্মদ্বারা পিতৃলোক প্রাপ্তি এবং তপস্যা বা উপসনা দ্বারা দেবলোক প্রাপ্তি হয়" ॥ ৬ ॥

পূর্ব্বোক্ত সাধন চতুষ্টয় বিবৃত হইতেছে।—নিত্যানিত্য বস্তুবিচার, ইহকালে ও পরকালে ফলভোগে বিরাগ, শমদমাদি সাধন সম্পত্তি এবং মুমুক্ষুত্ব

বস্তুবিবেকস্তাবৎ ব্রহ্মৈব নিত্যং বস্তু ততোঽন্য-দখিলমনিত্যমিতি বিবেচনং। ঐহিকানাং স্রক্-চন্দনাদিবিষয়ভোগানাং কর্ম্মজন্যতয়া অনিত্যত্ববৎ আমুষ্মিকা-নামপ্য-মৃতাদিবিষয়-ভোগানাম-নিত্যতয়া তেভ্যোনিতরাং বিরতিঃ, ইহামুত্র ফলভোগ-বিরাগঃ ॥ ৭ ॥

শমদমাদয়স্তু শমদমোপরতিতিতিক্ষাসমাধানশ্রদ্ধাঃ। শমস্তাবৎ শ্রবণাদিব্যতিরিক্তবিষয়েভ্যোমনসো-নিগ্রহঃ। দমঃ বাহ্যেন্দ্রিয়াণাং তদ্ব্যতিরিক্তবিষ-য়েভ্যোনিবর্ত্তনং। নিবর্ত্তিতানাং এতেষাং তদ্ব্যতি-রিক্তবিষয়েভ্য-উপরমণং উপরতিঃ অথবা বিহি-তানাং কর্ম্মণাং বিধিনা পরিত্যাগঃ ॥ ৮ ॥

ইহাদিগকে সাধন চতুষ্টয় বলে। এই জগতে কেবল ব্রহ্মই নিত্য, তদ্ভিন্ন সমস্ত বস্তুই অনিত্য; এইরূপ বিচারকে নিত্যানিত্য বস্তুবিবেক বলে। যেমন কর্ম্মজন্য স্রক্‌চন্দনাদি ঐহিক বিষয় ভোগ অনিত্য, সেইরূপ কর্ম্ম জন্য পার-ত্রিক স্বর্গ ভোগও অচিরস্থায়ী। সুতরাং উক্ত উভয় ফলভোগাভিলাষ-নিবৃত্তিই শ্রেয়স্কর; এইরূপ বুদ্ধিকে ইহামুত্র ফলভোগবিরাগ বলে ॥ ৭ ॥

এইক্ষণে শমদমাদি সাধন নিরূপিত হইতেছে।—শম, দম, উপরতি, তিতিক্ষা, সমাধান এবং শ্রদ্ধা, ইহাদিগের নাম শমদমাদি সাধন। ঈশ্বর বিষয়ক শ্রবণ, মনন ও নিদিধ্যাসন ব্যতিরেকে অন্যবিষয় হইতে অন্তরিন্দ্রি-য়ের নিগ্রহের নাম শম। বিষয় হইতে শ্রবণাদি ভিন্ন বাহ্যেন্দ্রিয়ের নিবৃত্তির নাম দম। তদতিরিক্ত বিষয় হইতে নিবর্ত্তিত বাহ্যেন্দ্রিয়ের দমন অথবা বিধিপূর্ব্বক বিহিত কর্ম্মের পরিত্যাগকে উপরতি বলে। শীতোষ্ণাদি-সহ-নের নাম তিতিক্ষা। ঈশ্বর বিষয়ক শ্রবণাদি অথবা তৎসদৃশ কোন বিষ-য়েতে সুগৃহীত মনের একাগ্রতাবস্থার নাম সমাধান। গুরুবাক্যে ও

তিতিক্ষা শীতোষ্ণাদিদ্বন্দ্বসহিষ্ণুতা। নিগৃহীতস্য মনসঃ শ্রবণাদৌ তদনুগুণবিষয়ে চ সমাধিঃ সমাধানং। গুরুবেদান্তবাক্যেষু বিশ্বাসঃ শ্রদ্ধা। মুমুক্ষুত্বং মোক্ষেচ্ছা ॥ ৯ ॥

এবম্ভূতঃ প্রমাতা অধিকারী। শান্তোদান্ত ইত্যাদিশ্রুতেঃ। উক্তঞ্চ প্রশান্তচিত্তায় জিতেন্দ্রিয়ায় প্রক্ষীণদোষায় যথোক্তকারিণে গুণান্বিতায়ানুগতায় সর্ব্বদা প্রদেয়মেতৎ সকলং মুমুক্ষবে ইতি ॥ ৯ ॥

বিষয়ঃ জীবব্রহ্মৈক্যং শুদ্ধচৈতন্যং প্রমেয়ং তত্রৈব বেদান্তানাং তাৎপর্য্যাৎ। সম্বন্ধস্তু তদৈক্যপ্রমেয়স্য, তৎপ্রতিপাদকোপনিষৎপ্রমাণস্য চ বোধ্যবোধকভাবলক্ষণঃ। প্রয়োজনন্তু তদৈক্যপ্রমেয়গতাজ্ঞাননিবৃত্তিঃ তৎস্বরূপানন্দাবাপ্তিশ্চ। তরতি শোক-

বেদান্ত বচনে একান্ত বিশ্বাসের নাম শ্রদ্ধা, এবং মোক্ষের ইচ্ছাকে মুমুক্ষত্ব বলে ॥ ৮ ॥

যাঁহারা উক্ত সাধন-সমূহ সম্পন্ন হইয়াছেন, তাঁহারাই বেদান্তশাস্ত্রে অধিকারী। এই বিষয়ে শ্রুতি, স্মৃতি কথিত প্রমাণ দর্শাইতেছেন,—যাঁহারা শান্তচিত্ত, জিতেন্দ্রিয়, নির্দ্দোষ, আজ্ঞাবহ, গুণবান্, সর্ব্বদা অনুগত এবং মুমুক্ষু, এবম্বিধ শিষ্যকে এই সকল বিষয়ের উপদেশ প্রদান করিবে ॥ ৯ ॥

জীবচৈতন্য ও ব্রহ্মচৈতন্যের ঐক্যস্বরূপ শুদ্ধ চৈতন্যের প্রমেয় ভাগই বেদান্ত শাস্ত্রের তাৎপর্য্য, এই নিমিত্ত ইহাকে বেদান্তের বিষয় বলে। জীব ও ব্রহ্মের ঐক্যরূপ প্রমেয়ের সহিত তৎপ্রতিপাদক উপনিষৎ প্রমাণের বোধ্য বোধক ভাবের নাম সম্বন্ধ এবং জীবব্রহ্মের ঐক্যপ্রমেয়বিষয়ক অজ্ঞান নিবৃত্তি

মাত্মবিৎ ইত্যাদিশ্রুতেঃ ব্রহ্মবেদ ব্রহ্মৈব ভবতি ইত্যাদিশ্রুতেশ্চ ॥ ১০ ॥

অয়মধিকারী জননমরণাদিসংসারানলসন্তপ্তোদীপ্ত-শিরাজলরাশিমিবোপহারপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্ম-নিষ্ঠং গুরুমুপসৃত্য তমনুসরতি। তদ্বিজ্ঞানার্থং সগুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্ম-নিষ্ঠমিত্যাদিশ্রুতেঃ। সগুরুঃ পরমকৃপয়া অধ্যা-রোপাপবাদন্যায়েনৈনমুপদিশতি। তস্মৈ সবিদ্বানুপ-সন্নায় সম্যক্ প্রশান্তচিত্তায় শমান্বিতায় যেনাক্ষরং পুরুষং বেদ সত্যং প্রোবাচ তং তত্ত্বতোব্রহ্মবিদ্যাং ইত্যাদিশ্রুতেঃ ॥ ১১ ॥

অসর্পভূতে রজ্জৌ সর্পারোপবৎ বস্তুন্যবস্ত্বারোপঃ অধ্যারোপঃ। বস্তু সচ্চিদানন্দমদ্বয়ং ব্রহ্ম। অজ্ঞা-

শ্রুতিতে লিখিত আছে যে, "আত্মজ্ঞানী ব্যক্তিরা শোক হইতে বিমুক্ত এবং যিনি ব্রহ্মকে জানিতে পারেন, তিনিই ব্রহ্মের স্বরূপ হয়েন" ॥ ১০ ॥

যাঁহারা বেদান্ত শাস্ত্রে অধিকারী, তাঁহারা জন্মমরণরূপ সংসারদহনে সন্তপ্ত হইয়া সমিধাদি উপঢৌকন হস্তে করিয়া প্রজ্বলিতমস্তক পুরুষের জলাশয় গমনের ন্যায় বেদান্ত পারদর্শী ব্রহ্মবিৎগুরুর নিকটে গমন পূর্ব্বক তাঁহার সেবা করেন, এই বিষয় শ্রুতিতেও প্রতিপন্ন হইয়াছে যে, ব্রহ্ম নিষ্ঠ সদ্‌গুরুর নিকট গমন করিবে। পরম কৃপালু গুরুদেব অধ্যারোপ ও অপবাদ ন্যায়দ্বারা শিষ্যকে উপদেশ করেন, এই বিষয়ে শ্রুতিতে কথিত আছে যে,—যে বিদ্যাদ্বারা সচ্চিদানন্দময় পূর্ণব্রহ্মের পরিজ্ঞান হয়, ব্রহ্মবিদ্ গুরু সেই ব্রহ্ম বিদ্যাদ্বারা শিষ্যকে উপদেশ করিবেন ॥ ১১ ॥

রজ্জু কখনই প্রকৃত সর্প নহে, তথাপি যেমন সেই রজ্জুতে সর্পভ্রম হয়;

নাদি সকলজড়সমূহঃ অবস্তু। অজ্ঞানন্তু সদসদ্ভ্যাম-
নির্ব্বচনীয়ং ত্রিগুণাত্মকং জ্ঞানবিরোধি ভাবরূপং
যৎ-কিঞ্চিদিতি বদন্তি। অহমজ্ঞ-ইত্যাদ্যনুভবাৎ
দেবাত্মশক্তিং স্বগুণৈর্নিগূঢ়ামিত্যাদিশ্রুতেশ্চ ॥ ১২ ॥
ইদমজ্ঞানং সমষ্টিব্যষ্ট্যভিপ্রায়েণৈকমনেকমিতি চ
ব্যবহ্রিয়তে। তথাহি যথা বৃক্ষাণাং সমষ্ট্যভিপ্রায়েণ
বনমিত্যেকত্বব্যপদেশঃ যথা বা জলানাং সমষ্ট্যভি-
প্রায়েণ জলাশয়-ইতি তথা নানাত্বেন প্রতিভাস-
মানজীবগতাজ্ঞানানাং সমষ্ট্যভিপ্রায়েণ তদেকত্ব-
ব্যপদেশঃ। অজামেকামিত্যাদিশ্রুতেঃ। ইয়ং
সমষ্টিরুৎকৃষ্টোপাধিতয়া বিশুদ্ধসত্ত্বপ্রধানা এতদুপ-
হিতং চৈতন্যং সর্ব্বজ্ঞত্বসর্ব্বেশ্বরত্বসর্ব্বনিয়ন্তৃত্বাদি-
গুণকং সদসদব্যক্তমন্তর্যামি জগৎকারণমীশ্বর-ইতি

সচ্চিদানন্দময় অদ্বিতীয় পূর্ণব্রহ্মই বস্তু এবং অজ্ঞানাদি জড়পদার্থ সকল অবস্তু। সৎ বা অসৎ হইতে বিভিন্ন সত্ত্বরজস্তমোগুণময় প্রকৃত জ্ঞানের বিরোধী ভাবরূপ কোন পদার্থের নাম অজ্ঞান। এই বিষয়ে অনুভবই প্রমাণ, যথা—আমি অজ্ঞ, আমি আমাকে জানি না, ইহাই অজ্ঞানের আকার শ্রুতিতে লিখিত আছে যে,—দীপ্তিমান্ আত্মার শক্তি স্বীয় সত্ত্বাদিগুণ দ্বারা বেষ্টিত হইয়া নিগূঢ় ভাবে আছে ॥ ১২ ॥

উক্ত অজ্ঞানকে সমষ্টিরূপে এক এবং ব্যষ্টিরূপে অনেক বলিয়া ব্যবহার করা যায়। যেমন বৃক্ষ সকলের সমষ্টিকে এক বন এবং জল সমষ্টিকে এক জলাশয় বলিয়া থাকে, সেইরূপ নানা প্রকারে বিভক্ত ও বিরাজিত জীবগণের অজ্ঞান-রাশিকে একমাত্র অজ্ঞান বলিয়া থাকে। শ্রুতিতে জানা যায় যে, একই অজ্ঞান, জন্মরহিত ও সত্ত্বরজস্তমো গুণবিশিষ্ট হয়। এই অজ্ঞান-সমষ্টি উৎকৃষ্ট উপাধিবিশিষ্ট, অতএব তাহা বিশুদ্ধ সত্ত্য প্রধান। এই অজ্ঞান

চ ব্যপদিশ্যতে। সকলাজ্ঞানাবভাসকত্বাদস্য সর্ব্বজ্ঞত্বং। যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদিতিশ্রুতেঃ ॥ ১৩ ॥

অস্যেয়ং সমষ্টিরখিলকারণত্বাৎ কারণশরীরং আনন্দপ্রচুরত্বাৎ কোষবদাচ্ছাদকত্বাচ্চানন্দময়কোষঃ সর্ব্বোপরমত্বাৎ সুষুপ্তিঃ অতএব স্থূলসূক্ষ্মপ্রপঞ্চলয়স্থানমিতিচোচ্যতে। যথা বনস্য ব্যষ্ট্যভিপ্রায়েণ বৃক্ষা-ইত্যনেকত্বব্যপদেশঃ যথা বা জলাশয়স্য ব্যষ্ট্যভিপ্রায়েণ জলানীতি তথাঽজ্ঞানস্য ব্যষ্ট্যভিপ্রায়েণ তদনেকত্বব্যপদেশঃ। ইন্দ্রোমায়াভিঃ পুরুরূপ-ঈয়তে ইত্যাদিশ্রুতেঃ। অত্র সমস্তব্যাপিত্বেন সমষ্টিব্যষ্টি-ব্যপদেশঃ ॥ ১৪ ॥

সমষ্টিতে যিনি উপহিত চৈতন্য স্বরূপ, তাঁহাকে সর্ব্বজ্ঞ, সর্ব্বেশ্বর, সর্ব্বনিয়ন্তা অব্যক্ত, অন্তর্যামী, জগৎকারণ এবং ঈশ্বর এই সকল শব্দে নির্দ্দেশ করা যায়। যিনি সকল অজ্ঞানের প্রকাশের হেতু, তিনিই সর্ব্বজ্ঞ। শ্রুতিতে লিখিত আছে যে.—যিনি জগৎকে সামান্যরূপে ও বিশেষরূপে জানেন তিনিই সর্ব্বজ্ঞ ॥১৩॥

ঈশ্বরের উপাধি স্বরূপ এই অজ্ঞান সমষ্টি, প্রপঞ্চ ব্রহ্মাণ্ডের কারণ; এই নিমিত্ত ইহাই কারণ-শরীর বলিয়া অবিহিত হয়। আনন্দের প্রাচুর্য্যের কারণ ও কোষের ন্যায় আচ্ছাদকতা-প্রযুক্ত তাহাকে আনন্দময় কোষও বলিয়া থাকে। ঐ শরীরেই সকল ইন্দ্রিয়ের উপরম স্থান-প্রযুক্ত সুষুপ্তি হইয়া থাকে, এই নিমিত্ত তাহাকে স্থূল ও সূক্ষ্ম প্রপঞ্চের লয়স্থান বলা যায়। যেমন বনস্থ বৃক্ষ সকলকে পৃথক্ পৃথক্ রূপে গ্রহণ করিলে, তাঁহাদিগকে অনেক বৃক্ষ বলা যায় এবং জলাশয়ের জলকে ব্যষ্টিভাবে অনেক জল বলিয়া প্রতীতি হয়। সেইরূপ নানা প্রকারে বিরাজমান জীব সমূহের অজ্ঞানকে ব্যষ্টিরূপে অনেক বলা যায়। এই বিষয়ে শ্রুতিতে লিখিত আছে যে,—ঈশ্বর নানা প্রকার মায়াদ্বারা নানারূপ ধারণ করিয়াছেন। এ স্থলে ঈশ্বরকে প্রত্যেক

ইয়ং ব্যষ্টির্নিকৃষ্টোপাধিতয়া মলিনসত্ত্বপ্রধানা। এত-দুপহিতচৈতন্যমল্পজ্ঞত্বানীশ্বরত্বাদিগুণকং প্রাজ্ঞ-ইত্যু-চ্যতে। একাজ্ঞানাবভাসকত্বাদস্য প্রাজ্ঞত্বং অস্প-ষ্টোপাধিতয়াঽনতিপ্রকাশকত্বং ॥ ১৫ ॥

অস্যাপীয়মহঙ্কারাদিকারণত্বাৎ কারণশরীরং আনন্দ-প্রচুরত্বাৎ কোষবদাচ্ছাদকত্বাচ্চ আনন্দময়কোষঃ সর্বোপরমত্বাৎ সুষুপ্তিঃ অতএব স্থূলসূক্ষ্মশরীরলয়-স্থানমিতিচোচ্যতে ॥ ১৬ ॥

তদানীমেতাবীশ্বরপ্রাজ্ঞৌ চৈতন্যপ্রদীপ্তাভিরতি-সূক্ষ্মাভিরজ্ঞানবৃত্তিভিরানন্দমনুভবতঃ। আনন্দভুক্

উক্তরূপ অজ্ঞানের ব্যষ্টিই অপকৃষ্ট উপাধি, অতএব তাহা তমোমিশ্রিত সত্ত্বগুণপ্রধান। এই ব্যষ্টিভূত অজ্ঞান দ্বারা উপহিত চৈতন্যকে প্রাজ্ঞ বলা যায়, ঐ চৈতন্য অল্পত্ব ও অনীশ্বরত্বগুণবিশিষ্ট। যেহেতু উক্ত চৈতন্য পৃথক্ পৃথক্ অজ্ঞানের অবভাসক; অতএব তাহাকে প্রাজ্ঞ এবং মলিন সত্ত্বপ্রধান অস্পষ্ট উপাধি দ্বারা উপহিত প্রযুক্ত অনতিপ্রকাশক বলা যায় ॥ ১৫ ॥

এই ব্যষ্টীভূত অজ্ঞানই অহঙ্কারাদির কারণ, অতএব তাহাকে কারণ শরীর, আনন্দের প্রাচুর্য্য হেতু এবং কোষের ন্যায় আচ্ছাদকতা-প্রযুক্ত আনন্দময় কোষ এবং ইন্দ্রিয়গণের উপরম স্থানপ্রযুক্ত সুষুপ্তি বলা যায়, এই নিমিত্ত ঐ অজ্ঞানকে সেই স্থূল ও সূক্ষ্ম প্রপঞ্চের লয় স্থান বলিয়া থাকে ॥১৬॥

ঈশ্বর ও প্রাজ্ঞ উভয়ই সুষুপ্তিকালে চৈতন্য দ্বারা প্রকাশিত হইয়া অতি সূক্ষ্ম অজ্ঞান বৃত্তি দ্বারা আনন্দ অনুভব করেন। এই বিষয়ে শ্রুতি বলিয়া-ছেন যে,—প্রাজ্ঞই চৈতন্যের প্রকাশ দ্বারা সুখের ভোক্তা হন। স্মরণ প্রমাণে জানা যায় যে, সুষুপ্তি হইতে উত্থিত ব্যক্তিরা বলিয়া থাকে যে,—আমি যখন

চেতোমুখঃ প্রাজ্ঞ-ইতি শ্রুতেঃ সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমিত্যুত্থিতস্য পরামর্শোপত্তেশ্চ ॥ ১৭॥

অনয়োর্ব্ব্যষ্টিসমষ্ট্যোর্ব্বনবৃক্ষয়োরিব জলাশয়োরিব-চাভেদঃ ॥ ১৮ ॥

এতদুপহিতয়োরীশ্বরপ্রাজ্ঞয়োরপি বনবৃক্ষাবচ্ছিন্না-কাশয়োরিব জলাশয়জলগতপ্রতিবিম্বাকাশয়োরিব চাভেদঃ। এষ-সর্ব্বেশ্বরঃ এষ-সর্ব্বজ্ঞঃ এষোন্তর্য্যাম্যেষ-যোনিঃ সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানাং ইত্যাদি শ্রুতেঃ ॥ ১৯ ॥

বনবৃক্ষতদবচ্ছিন্নাকাশয়োর্জ্জল-জলাশয়-তদ্গতপ্রতি-বিম্বাকাশয়োর্ব্বা আধারভূতানুপহিতাকাশবদনয়ো-

যেমন বৃক্ষের সমষ্টির সহিত বনের ও বনের ব্যষ্টির সহিত বৃক্ষের কোন প্রভেদ নাই এবং যেমন জলের সমষ্টির সহিত জলাশয়ের ও জলাশয়ের ব্যষ্টির সহিত জলের কোন বিভিন্নতা দৃষ্ট হয় না, সেইরূপ অজ্ঞানসমষ্টির সহিত অজ্ঞান ব্যষ্টিরও কিছুই ভেদ নাই ॥ ১৮ ॥

যেমন বৃক্ষের সমষ্টিস্বরূপ বনেতে অবস্থিত আকাশের সহিত বনের ব্যষ্টিভূত বৃক্ষস্থিত আকাশের কোন বিভিন্নতা নাই এবং জলের সমষ্টিরূপ জলাশয়ের প্রতিবিম্বিত আকাশের সহিত জলাশয়ের ব্যষ্টিস্বরূপ জলেতে প্রতিবিম্বিত আকাশের কোন প্রভেদ দৃষ্ট হয় না। সেইরূপ অজ্ঞান সমষ্টিরূপ উপাধিবিশিষ্ট চৈতন্য স্বরূপ ঈশ্বরের সহিত ব্যষ্টিভূত অজ্ঞান দ্বারা উপহিত চৈতন্য প্রাজ্ঞের কোন প্রভেদ নাই। এই বিষয়ে শ্রুতিতে লিখিত আছে যে,—তিনি সকলের ঈশ্বর, তিনি সর্ব্বজ্ঞ, তিনি অন্তর্যামী, তিনি সকলের কারণ এবং তিনিই সর্ব্বভূতের উৎপত্তি ও প্রলয়ের হেতু ॥ ১৯ ॥

যেমন বন, বনস্থ আকাশ, বৃক্ষ, বৃক্ষস্থ আকাশ, জলাশয়, জলাশয় প্রতি-বিম্বিত আকাশ ও জলপ্রতিবিম্বিত আকাশের আশ্রয় যে অপরিচ্ছিন্ন আকাশ

ব্রহ্মজ্ঞানতদুপহিতচৈতন্যয়োরাধারভূতং যদনুপহিতং চৈতন্যং তত্তুরীয়মিত্যুচ্যতে। শান্তং শিবমদ্বৈতং চতুর্থং মন্যন্তে সআত্মা সবিজ্ঞেয়ঃ ইত্যাদিশ্রুতেঃ ॥২০॥

ইদমেব তুরীয়ং শুদ্ধচৈতন্যং অজ্ঞানাদিতদুপহিত-চৈতন্যাভ্যাং তপ্তায়ঃপিণ্ডবদবিবিক্তং সম্মহাবাক্যস্য বাচ্যং বিবিক্তং সল্লক্ষ্যমিত্যুচ্যতে ॥ ২১ ॥

অস্যাজ্ঞানস্যাবরণবিক্ষেপনামকং শক্তিদ্বয়মস্তি। আবরণশক্তিস্তাবৎ। অল্পোঽপি মেঘোঽনেকযোজনায়তমাদিত্যমণ্ডলমবলোকয়িতৃনয়নপথপিধায়কতয়া যথাচ্ছাদয়তীব তথাঽজ্ঞানং পরিচ্ছিন্নমপ্যাত্মানমপরিচ্ছিন্নসংসারিণমবলোকয়িতৃ-বুদ্ধি-পিধায়কতয়াচ্ছাদয়

অজ্ঞানোপহিত চৈতন্যাদির আধারভূত যে অপরিচ্ছিন্ন চৈতন্য, তাঁহাকে তুরীয়ব্রহ্মচৈতন্য বলা যায়। এতদ্বিষয়ে শ্রুতিপ্রমাণ যথা,—মঙ্গলময় অদ্বিতীয় চৈতন্যকে চতুর্থ বলিয়া জানি এবং তিনিই আত্মা, তিনিই বিজ্ঞেয় ॥ ২০ ॥

যেমন অগ্নিদগ্ধলৌহপিণ্ডের সহিত অভিন্নরূপে থাকিলে "লৌহপিণ্ড দগ্ধ করিতেছে" এইরূপ বাক্যেরপ্রয়োগ হইয়া থাকে, কিন্তু ঐ অগ্নিই অভিন্নরূপে উক্ত বাক্যের বাচ্য এবং লৌহপিণ্ড হইতে ভিন্নরূপে ঐ বাক্যের লক্ষ্য হয়; সেইরূপ এই তুরীয় ব্রহ্মচৈতন্য সমষ্টিব্যষ্টিঅজ্ঞান ও তদুপহিত চৈতন্যের সহিত অভিন্নরূপে "তত্ত্বমসি" এই মহাবাক্যের বাচ্য এবং ভিন্নরূপে তাহার লক্ষ্য হয়েন ॥ ২১ ॥

পূর্ব্বোক্ত অজ্ঞানের দুইটি শক্তি আছে, যথা—আবরণ শক্তি ও বিক্ষেপ শক্তি; যেমন মনুষ্যের নয়নাবরণকারী, অল্পস্থানব্যাপী মেঘমণ্ডলকে সুবিস্তীর্ণ সূর্য্যমণ্ডলের আচ্ছাদক বলা যায়, সেইরূপ অবিবেকী মনুষ্যের জ্ঞানাচ্ছাদক এবং সর্ব্বব্যাপী পরমব্রহ্মের আচ্ছাদকরূপে বিখ্যাত অজ্ঞান শক্তিকে

তীব তাদৃশং সামর্থ্যং। উদুক্তং ঘনচ্ছন্নদৃষ্টির্ঘনচ্ছন্নমর্কং যথা নিষ্প্রভম্মন্যতে চাতিমূঢ়ঃ। তথা বদ্ধবদ্ভাতি যোমূঢ়দৃষ্টেঃ সনিত্যোপলব্ধিস্বরূপোহমাত্মা ॥ ২২ ॥

অনয়াবৃতস্যাত্মনঃ কর্ত্তৃভোক্তৃত্বসুখিত্বদুঃখিত্বাদিসংসারসম্ভাবনাপি ভবতি, যথা স্বাজ্ঞানেনাবৃতায়াং রজ্জ্বাং সর্পত্বসম্ভাবনা ॥ ২৩ ॥

বিক্ষেপশক্তিস্তু যথা রজ্জ্ব জ্ঞানং স্বাবৃতরজ্জৌ স্বশক্ত্যা সর্পাদিকমুদ্ভাবয়তি, এবমজ্ঞানমপি স্বাবৃতাত্মনি স্বশক্ত্যা আকাশাদিপ্রপঞ্চমুদ্ভাবয়তি তাদৃশং সামর্থ্যং। তদুক্তং বিক্ষেপশক্তির্লিঙ্গাদিব্রহ্মাণ্ডান্তং জগৎ সৃজেদিতি ॥ ২৪ ॥

ব্যক্তির নয়ন মেঘাবৃত হইলে তাহারা বলিয়া থাকে যে, সূর্য্যমণ্ডল মেঘাচ্ছন্ন হইয়া আলোকবিহীন হইয়াছে, সেইরূপ মূঢ় ব্যক্তিরা যাহাকে বদ্ধ বলিয়া জানে, আমি সেই নিত্য জ্ঞানস্বরূপ আত্মা ॥ ২২ ॥

যেমন ভ্রমবশতঃ রজ্জুতে রজ্জু জ্ঞান না হইয়া সর্প জ্ঞান জন্মে, সেইরূপ অজ্ঞানের আবরণ শক্তিদ্বারা আচ্ছাদিত আত্মার স্বরূপের জ্ঞান না জন্মিয়া তাহার আমি কর্ত্তা, ভোক্তা, সুখী ও দুঃখী ইত্যাদি, মোহজালব্যাপ্ত সংসারের সংসারী বলিয়া বোধ হইতেছে ॥ ২৩ ॥

এইক্ষণ বিক্ষেপ শক্তি বিবৃত হইতেছে।—যেমন রজ্জু বিষয়ক অজ্ঞান, স্বীয় শক্তিদ্বারা রজ্জুতে সর্পের রূপ প্রদর্শন করে; সেইরূপ যে শক্তি, অজ্ঞানাবৃত আত্মাতে আকাশাদি পঞ্চভূতের ভ্রম উদ্ভাবন করে, সেই শক্তিকে বিক্ষেপ শক্তি বলিয়া থাকে। গ্রন্থান্তরে লিখিত আছে যে, অজ্ঞানের বিক্ষেপ শক্তি

শক্তিদ্বয়বদজ্ঞানোপহিতং চৈতন্যং স্বপ্রধানতয়া নিমিত্তং স্বোপাধিপ্রধানতয়া উপাদানঞ্চ ভবতি যথা লূতা তন্তুকার্য্যং প্রতি স্বপ্রধানতয়া নিমিত্তং স্বশরীরপ্রধানতয়োপাদানঞ্চ ভবতি ॥ ২৫ ॥

তমঃপ্রধান-বিক্ষেপশক্তি-মদজ্ঞানোপহিতচৈতন্যাদাকাশঃ আকাশাদ্বায়ুঃ বায়োরগ্নিরগ্নেরাপঃ অদ্ভ্যঃ পৃথিবী চোৎপদ্যতে। তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত-ইত্যাদিশ্রুতেঃ ॥ ২৬ ॥

তেষু জাড্যাধিক্যদর্শনা-ত্তমঃপ্রাধান্যং তৎকারণস্য। তদানীং সত্ত্বরজস্তমাংসি কারণগুণপ্রক্রমেণ তেষ্বাকাশাদিষূৎপদ্যন্তে। ইমান্যেব সূক্ষ্মভূতানি তন্মাত্রাণ্যপঞ্চীকৃতানি চোচ্যন্তে। এতেভ্যঃ সূক্ষ্মশরীরাণি স্থূলভূতানি চোৎপদ্যন্তে ॥ ২৭ ॥

যেমন উর্ণলাভকীট, (মাকড়সা) স্বয়ং প্রধানরূপে স্বকৃত তন্তুর নিমিত্ত কারণ এবং শরীরপ্রধানরূপে ঐ তন্তুর উপাদন কারণ হয়। সেইরূপ পূর্ব্বোক্ত শক্তিদ্বয়বিশিষ্ট অজ্ঞানদ্বারা সমাবৃত চৈতন্য স্বয়ং প্রধান রূপে প্রপঞ্চবিশ্বের নিমিত্তকারণ এবং উপাধিরূপ অজ্ঞানরূপে উপাদানকারণ হন ॥ ২৫ ॥

তমঃপ্রধান বিক্ষেপশক্তিবিশিষ্ট অজ্ঞানসমাবৃত চৈতন্য হইতে আকাশ সমুৎপন্ন হইয়াছে এবং আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল ও জল হইতে পৃথিবী জন্মিয়াছে, এইরূপে ক্রমশঃ প্রপঞ্চ বিশ্বের উৎপত্তি হইয়াছে। এই বিষয় শ্রুতিতেও লিখিত আছে ॥ ২৬ ॥

সেই উৎপন্ন আকাশাদিতে জড়তার আধিক্যবশতঃ তাহাদিগের কারণে তমঃপ্রাধান্য অনুমিত হয়। সেই আকাশাদির উৎপত্তির পরে, তাহাতে কারণগুণের তারতম্য অনুসারে সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয়ের উৎপত্তি হয়

সূক্ষ্মশরীরাণি সপ্তদশাবয়বানি লিঙ্গশরীরাণি। অবয়-
বাস্তু জ্ঞানেন্দ্রিয়পঞ্চকং বুদ্ধিমনসী কর্ম্মেন্দ্রিয়পঞ্চকং
বায়ুপঞ্চকঞ্চেতি। জ্ঞানেন্দ্রিয়াণি শ্রোত্রত্বক্‌চক্ষু-
র্জ্জিহ্বাঘ্রাণাখ্যানি। এতান্যাকাশাদীনাং সাত্ত্বিকাং-
শেভ্যোব্যস্তেভ্যঃ পৃথক্ ক্রমেণোৎপদ্যন্তে। বুদ্ধি-
র্নাম। নিশ্চয়াত্মিকান্তঃকরণবৃত্তিঃ। মনোনাম সঙ্কল্প-
বিকল্পাত্মিকান্তঃকরণবৃত্তিঃ ॥ ২৮ ॥

অনয়োরেব চিত্তাহঙ্কারয়োরন্তর্ভাবঃ। অনুসন্ধানা-
ত্মিকান্তঃকরণবৃত্তিশ্চিত্তং। অভিমানাত্মিকান্তঃকরণ-
বৃত্তিরহঙ্কারঃ। এতে পুনরাকাশাদিগতসাত্ত্বিকাং

অপঞ্চীকৃত বলা যায়। ঐ সকল সূক্ষ্মভূত হইতেই সূক্ষ্ম শরীর ও স্থূলভূত উৎপন্ন হইয়াছে ॥ ২৭ ॥

এইক্ষণে সূক্ষ্মশরীরাদি নিরূপণ করিতেছেন,—সপ্তদশ-অবয়ববিশিষ্ট লিঙ্গ-শরীরকে সূক্ষ্ম শরীর বলে। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ বায়ু, মনঃ ও বুদ্ধি ইহাদিগকে সপ্তদশ অবয়ব বলা যায়। চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পঞ্চ অবয়বই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। এই জ্ঞানেন্দ্রিয় সকল আকাশাদির সাত্ত্বিক অংশ হইতে উৎপন্ন হইয়াছে। তেজের সত্ত্বাংশ হইতে চক্ষুঃ, আকাশের সত্ত্বাংশে কর্ণ, পৃথিবীর সত্ত্বাংশে নাসিকা, জলের সত্ত্বাংশ হইতে জিহ্বা এবং বায়ুর সত্ত্বাংশ হইতে ত্বক্ সমুৎপন্ন হইয়াছে। নিশ্চয়াত্মক অন্তঃকরণবৃত্তির নাম বুদ্ধি এবং সঙ্কল্পবিকল্পাত্মক অন্তঃকরণবৃত্তিকে মনঃ বলে ॥ ২৮ ॥

চিত্ত ও অহঙ্কার এই উভয়ই বুদ্ধি ও মনের অন্তর্গত দ্বিবিধ বৃত্তি মাত্র। অনুসন্ধানাত্মক অন্তঃকরণবৃত্তির নাম চিত্ত এবং অভিমানাত্মক অন্তঃকরণ বৃত্তির নাম অহঙ্কার। বুদ্ধি ও মনঃ এই উভয়ই মিলিত আকাশাদি পঞ্চ-

শেভ্যোমিলিতেভ্য উৎপদ্যেতে। এতেষাং প্রকাশাত্মকত্বাৎ সাত্ত্বিকাংশকার্য্যত্বং ॥ ২৯ ॥

ইয়ং বুদ্ধির্জ্ঞানেন্দ্রিয়ৈঃ সহিতা সতী বিজ্ঞানময়কোষোভবতি। অয়ং কর্ত্তৃত্বভোক্তৃত্বাভিমানিত্বেন ইহলোকপরলোকগামী ব্যবহারিকোজীব-ইত্যুচ্যতে ॥৩০॥

মনস্তু কর্ম্মেন্দ্রিয়ৈঃ সহিতং সন্মনোময়কোষোভবতি। কর্ম্মেন্দ্রিয়াণি বাক্‌পাণিপাদপায়ূপস্থানি। এতানি পুনরাকাশাদীনাং রজোঽংশেভ্যোব্যস্তেভ্যঃ পৃথক্‌ক্রমেণোৎপদ্যন্তে ॥ ৩১ ॥

বায়বঃ প্রাণাপানব্যানোদানসমানাঃ। প্রণেনাম প্রাগ্‌গমনবান্ নাসাগ্রস্থানবর্ত্তী। অপানোনাম অবাগ্‌-

---

এই সকলই স্বপ্রকাশস্বভাব, এই নিমিত্ত তাহারা পঞ্চ ভূতের সাত্ত্বিকাংশ হইতে উৎপন্ন হইয়াছে, ইহাই অনুমিত হয় ॥ ২৯ ॥

জ্ঞানেন্দ্রিয় সকলের সহিত মিলিত বুদ্ধিকে বিজ্ঞানময় কোষ বলে। এই বিজ্ঞানই আমি কর্ত্তা, আমি ভোক্তা, আমি সুখী, আমি দুঃখী ইত্যাদি অভিমানশালী এবং ইহলোকস্থিত ও পরলোকগামী; এইরূপ ব্যবস্থার দ্বারা ইহাকেই জীব বলিয়া কথিত হয় ॥ ৩০ ॥

পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের সহিত মিলিত মনঃকে মনোময় কোষ বলে। বাক্, পাণি, পাদ, পায়ু এবং উপস্থ এই পঞ্চ অবয়বের নাম পঞ্চ কর্ম্মেন্দ্রিয়। এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় আকাশাদি পঞ্চ ভূতের রজোঽংশ হইতে উৎপন্ন হয়। আকাশের রজোভাগ হইতে বাক্য, বায়ুর রজোঽংশ হইতে পাণি, তেজের রজোভাগ হইতে পায়ু এবং পৃথিবীর রজোভাগ হইতে উপস্থ উৎপন্ন হইয়াছে ॥ ৩১ ॥

প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান ইহাদিগকে পঞ্চ বায়ু বলে।

গমনবান্ পায্বাদিস্থানবর্ত্তী। ব্যানোনাম বিশ্বগ্-গমনবানখিলশরীরবর্ত্তী। উদানঃ কণ্ঠস্থানীয়ঃ ঊর্দ্ধ-গমনবানুৎক্রমণবায়ুঃ। সমানঃ শরীরমধ্যগতাশিত-পীতান্নাদিসমীকরণকরঃ। সমীকরণন্তু পরিপাক-করণং—রসরুধিরশুক্রপূরীষাদিকরণং ॥ ৩২ ॥

কেচিত্তু নাগকূর্ম্মকৃকরদেবদত্তধনঞ্জয়াখ্যাঃ পঞ্চান্যে বায়বঃ সন্তীত্যাহুঃ। তত্র নাগঃ উদ্গিরণকরঃ কূর্ম্মঃ নিমীলনাদিকরঃ। কৃকরঃ ক্ষুধাকরঃ। দেবদত্তঃ জৃম্ভণকরঃ। ধনঞ্জয়ঃ পোষণকরঃ। এতেষাং প্রাণাদি-ষ্বন্তর্ভাবাৎ প্রাণাদয়ঃ পঞ্চৈবেতি কেচিৎ। ইদং প্রাণাদিপঞ্চকং আকাশাদিগতরজোঽংশেভ্যোমিলি-তেভ্য-উৎপদ্যতে ॥ ৩৩ ॥

স্থানস্থিত বায়ুকে অপানবায়ু বলে; সর্ব্বনাড়ীগমনশীল সর্ব্বশরীর স্থায়ী বায়ুকে ব্যানবায়ু বলা যায়; ঊর্দ্ধগমন শীল কণ্ঠস্থানস্থায়ী উৎক্রমণ বায়ুর নাম উদানবায়ু এবং ভুক্ত অন্ন ও পীতজলাদির সমীকরণকারী বায়ুকে সমানবায়ু বলে। পরিপাকক্রিয়া দ্বারা ভুক্ত দ্রব্যের রুধির, শুক্র ও পুরীষাদি করণের নাম সমীকরণ ॥ ৩২ ॥

সাংখ্যমতাবলম্বী আচার্য্যগণ বলিয়া থাকেন যে, নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় নামে আর পাঁচটী বায়ু আছে। উদ্গিরণকারী বায়ুর নাম নাগ বায়ু; যে বায়ু চক্ষুর উন্মীলন করে তাহার নাম কূর্ম্ম বায়ু, যে বায়ু ক্ষুধার জনক তাহাকে কৃকর বায়ু বলা যায়, জৃম্ভণকারী বায়ুর নাম দেবদত্ত বায়ু এবং যে বায়ু পুষ্টিসাধন করে, তাহাকে ধনঞ্জয়বায়ু বলে। কিন্তু বেদান্ত মতাবলম্বী পণ্ডিতগণ প্রাণাদি পঞ্চবায়ুমাত্র স্বীকার করেন, অন্য পৃথক্ ভূত কোন বায়ু স্বীকার করেন না, তাঁহারা নাগাদি পঞ্চ বায়ুকে প্রাণাদি পঞ্চ বায়ুর অন্তর্ভূত বলিয়া থাকেন। এই প্রাণাদি পঞ্চ বায়ু মিলিত আকাশাদি

ইদং প্রাণাদিপঞ্চকং কর্ম্মেন্দ্রিয়সহিতং সৎ প্রাণময়-কোষোভবতি। অস্য ক্রিয়াত্মকত্বেন রজোঽংশ-কার্য্যত্বং। এষু কোষেষু মধ্যে বিজ্ঞানময়োজ্ঞানশক্তি-মান্ কর্ত্তৃরূপঃ। মনোময়-ইচ্ছাশক্তিমান্ করণরূপঃ। প্রাণময়ঃ ক্রিয়াশক্তিমান্ কার্য্যরূপঃ। যোগ্যত্বা-দেবমেতেষাং বিভাগ-ইতি বর্ণয়ন্তি। এতৎ কোষ-ত্রয়ং মিলিতং সৎ সূক্ষ্মশরীরমিত্যুচ্যতে ॥ ৩৪ ॥

অত্রাপ্যখিলসূক্ষ্মশরীরং একবুদ্ধিবিষয়তয়া বনবজ্জ-লাশয়বদ্বা সমষ্টিঃ অনেকবুদ্ধিবিষয়তয়া বৃক্ষবজ্জল-বদ্বা ব্যষ্টিশ্চ ভবতি। এতৎসমষ্ট্যুপহিতং চৈতন্যং সূত্রাত্মা হিরণ্যগর্ভঃ প্রাণ-ইতি চোচ্যতে সর্ব্বানু-স্যূতত্বাৎ জ্ঞানেচ্ছাক্রিয়াশক্তিমদপঞ্চীকৃতপঞ্চমহা-ভূতাভিমানিত্বাচ্চ ॥ ৩৫ ॥

উক্ত প্রাণাদি পঞ্চ বায়ু পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের সহিত মিলিত হইয়া প্রাণময় কোষ হইয়াছে। গমনাগমনাদি ক্রিয়াই প্রাণাদি পঞ্চবায়ুর স্বভাব, এই নিমিত্ত ঐ বায়ু সকলকে রজোঽংশের কার্য্য বলিয়া অনুমিত হয়। উক্ত কোষ সকলের মধ্যে জ্ঞানশক্তিবিশিষ্ট বিজ্ঞানময় কোষই কর্ত্তা, ইচ্ছাশক্তি সম্পন্ন মনোময় কোষকরণ, ক্রিয়াশক্তিবিশিষ্ট প্রাণময় কোষ কার্য্য, এইরূপে কোষত্রয়ের যথাযোগ্য বিভাগবর্ণন করিয়াছেন। এই কোষত্রয় মিলিত হইলেই সেই কোষসমষ্টিকে সূক্ষ্মশরীর বলিয়া থাকে ॥ ৩৪ ॥

যেমন বন ও জলাশয়, বৃক্ষ ও জলের সমষ্টি, সেইরূপ সমস্ত সূক্ষ্মশরীর একরূপে শরীরসমষ্টি এবং যেমন বৃক্ষ ও জল, বন ও জলাশয়ের ব্যষ্টি, সেই-রূপ অনেকরূপে শরীরব্যষ্টি হয়। এই সূক্ষ্ম শরীরের সমষ্টিরূপ উপাধিদ্বারা উপহিত চৈতন্যকে সূত্রাত্মা, হিরণ্যগর্ভ বা প্রাণ বলা যায়। যে হেতু ঐ

অস্যৈবা সমষ্টিঃ স্থূলপ্রপঞ্চাপেক্ষয়া সূক্ষ্মত্বাৎ সূক্ষ্ম-শরীরং বিজ্ঞানময়াদিকোষত্রয়ং জাগ্রদ্বাসনাময়ত্বাৎ স্বপ্নঃ অতএব স্থূলপ্রপঞ্চলয়স্থানমিতি চোচ্যতে। এতদ্ব্যষ্ট্যুপহিতং চৈতন্যং তৈজসোভবতি তেজো-ময়ান্তঃকরণোপহিতত্বাৎ ॥ ৩৬ ॥

অস্ত্যাপীয়ং ব্যষ্টিঃ স্থূলশরীরাপেক্ষয়া সূক্ষ্মত্বাৎ সূক্ষ্ম-শরীরং বিজ্ঞানময়াদিকোষত্রয়ং জাগ্রদ্বাসনাময়ত্বাৎ স্বপ্নঃ অতএব স্থূলশরীরলয়স্থানমিতি চোচ্যতে। এতৌ সূত্রাত্মতৈজসৌ তদানীং সূক্ষ্মাভির্ম্মনোবৃত্তি-ভিঃ সূক্ষ্মবিষয়াননুভবতঃ। প্রবিবিক্তভুক্ তৈজস-ইত্যাদিশ্রুতেঃ ॥ ৩৭ ॥

চৈতন্য পটাদিস্থিত সূত্রের ন্যায় সর্ব্বত্র পরিব্যাপ্ত এবং জ্ঞান, ইচ্ছা ও ক্রিয়া-শক্তিবিশিষ্ট অপঞ্চীকৃত পঞ্চভূতের অভিমানী ॥ ৩৫ ॥

হিরণ্যগর্ভের উপাধিস্বরূপ এই সূক্ষ্ম শরীরের সমষ্টি স্থূলপ্রপঞ্চ হইতে সূক্ষ্ম, এই নিমিত্ত তাহাকে সূক্ষ্ম শরীর ও কোষত্রয় বলা যায় এবং জাগ্রদবস্থার বাসনাত্মক হেতু স্বপ্ন ও স্থূল প্রপঞ্চের লয়স্থান বলিয়া থাকে। এই স্থূল শরীরের ব্যষ্টিরূপ উপাধিদ্বারা উপহিত চৈতন্যকে তৈজস বলা যায়; যেহেতু তেজোময় অন্তঃকরণ তাহার উপাধি ॥ ৩৬ ॥

উক্ত তৈজসের উপাধিস্বরূপ এই ব্যষ্টীভূত সূক্ষ্ম শরীর স্থূলশরীর হইতে অতিসূক্ষ্ম; এই নিমিত্ত তাহাকে সূক্ষ্মশরীর ও কোষত্রয় বলিয়া থাকে। ঐ সূক্ষ্মশরীর বাসনাময়; সুতরাং তাহাকে স্বপ্ন ও স্থূল শরীরের লয়স্থান বলে। সুষুপ্তিকালে এই হিরণ্যগর্ভ ও তৈজস উভয়ে সূক্ষ্ম মনোবৃত্তিদ্বারা সূক্ষ্মবিষয় অনুভব করেন। এই বিষয়ে শ্রুতিতে লিখিত আছে যে, "তৈজসই সূক্ষ্মবস্তুর

অত্রাপি সমষ্টিব্যষ্ট্যোস্তদুপহিত সূত্রাত্মতৈজসয়োশ্চ বনবৃক্ষবত্তদবচ্ছিন্নাকাশবচ্চ। জলাশয়জলবত্তদ্গত-প্রতিবিম্বাকাশবচ্চাভেদঃ। এবং সূক্ষ্মশরীরোৎ-পত্তিঃ॥ ৩৮॥

স্থূলভূতানি তু পঞ্চীকৃতানি। পঞ্চীকরণন্তু আকাশাদি-পঞ্চস্বেকৈকং দ্বিধা সমং বিভজ্য তেষু দশসু ভাগেষু মধ্যে প্রাথমিকান্ পঞ্চভাগান্ প্রত্যেকং চতুর্দ্ধা সমং বিভজ্য তেষাং চতুর্ণাং ভাগানাং স্বস্ব দ্বিতীয়ার্দ্ধভাগং পরিত্যজ্য ভাগান্তরেষু সংযোজনং। তদুক্তং দ্বিধা বিধায় চৈকৈকং চতুর্দ্ধা প্রথমং পুনঃ। স্বস্বেতর-দ্বিতীয়াংশৈর্যোজনাৎ পঞ্চ পঞ্চ তে ইতি॥ ৩৯॥

যেমন বন ও বৃক্ষ এই উভয় পরস্পর বিভিন্ন নহে, যেমন বনাবচ্ছিন্ন আকাশের সহিত বৃক্ষাবচ্ছিন্ন আকাশের কোন বিভিন্নতা নাই, যেমন জলাশয়েতে জলের ভেদ নাই এবং যেমন জলগত প্রতিবিম্বিত আকাশের সহিত জলাশয়স্থিত প্রতিবিম্বিত আকাশের বিভিন্নতা নাই, সেইরূপ সূক্ষ্ম শরীরের সমষ্টি ও তাহার ব্যষ্টির সহিত এবং তদুপহিত হিরণ্যগর্ভ ও তৈজসেরও পরস্পর বিভিন্নতা নাই। এই প্রকারেই সূক্ষ্ম শরীরের উৎপত্তি হয়॥ ৩৮॥

একত্রীভূত আকাশাদি পঞ্চ ভূতকে স্থূল ভূত বলে। এই আকাশাদি পঞ্চভূতের মধ্যে প্রত্যেক ভূতকে সমানাংশে দুইভাগে বিভক্ত করিলে সাকল্যে দশ ভাগ হইল, পরে সেই দশভাগের প্রত্যেক পঞ্চভূতের প্রথম পঞ্চভাগের প্রত্যেককে সমানে চারিভাগে বিভক্ত করিয়া সেই সকল প্রত্যেক চারি অংশের দ্বিতীয়ার্দ্ধভাগ পরিত্যাগপূর্ব্বক অপর চারি ভূতের দ্বিতীয়ার্দ্ধভাগের সহিত মিশ্রিত করণের নাম পঞ্চীকরণ। এই বিষয়ের প্রমাণ স্বরূপে অন্যান্য গ্রন্থে লিখিত আছে যে,—পঞ্চভূতের প্রত্যেককে সমান দুইভাগে বিভক্ত

অস্যাপ্রামাণ্যং নাশঙ্কনীয়ং ত্রিবৃৎকরণশ্রুতে পঞ্চী-করণস্যাপ্যুপলক্ষণার্থত্বাৎ। পঞ্চানাং পঞ্চাত্মকত্বে সমানেঽপি তেষু চ বৈশিষ্ট্যাত্তু তদ্বাদস্তদ্বাদ ইতি ন্যায়েন আকাশাদিব্যপদেশঃ সম্ভবতি ॥ ৪০ ॥

তদানীমাকাশে শব্দোঽভিব্যজ্যতে বায়ৌ শব্দস্পর্শৌ অগ্নৌ শব্দস্পর্শরূপাণি অপ্সু শব্দস্পর্শরূপরসাঃ পৃথিব্যাং শব্দস্পর্শরূপরসগন্ধাশ্চ ॥ ৪১ ॥

এতেভ্যঃ পঞ্চীকৃতেভ্যোভূতেভ্যোভূর্ভুবঃস্বর্ম্মহর্জ্জন-স্তপঃসত্যমিত্যেতন্নামকানামুপর্য্যুপরি বিদ্যমানানাং অতল-বিতল-সুতলরসাতলতলাতলমহাতলপাতাল-নামকানামধোঽধোবিদ্যমানানাং লোকানাং ব্রহ্মা-ণ্ডস্য তদন্তর্গতচতুর্ব্বিধস্থূলশরীরাণামন্নপানাদীনা-ঞ্চোৎপত্তির্ভবতি ॥ ৪২ ॥

ইতর পঞ্চভূতের প্রত্যেক প্রথম অংশে প্রত্যেক চারি অংশ যোগ করিলে পঞ্চীকরণ হইয়া থাকে ॥ ৩৯ ॥

উক্ত প্রকার পঞ্চীকরণের প্রামাণ্যবিষয়ে কোন শঙ্কা নাই; যেহেতু ত্রিবৃৎ করণ শ্রুতিতে পঞ্চীকরণের উল্লেখ উক্ত আছে।—পঞ্চভূত পঞ্চাত্মক রূপে সমান হইলেও ঐপঞ্চভূতের প্রত্যেকে আকাশাদির পৃথক্ পৃথক্ ব্যবহার হইয়া থাকে, এই বিষয়ে ন্যায় শাস্ত্রের প্রমাণএই যে,—"আকাশাদি পঞ্চভূতে স্বস্ব অংশের আধিক্য হেতু ঐ সকল ভূতের আকাশাদি নাম হইয়াছে" ॥ ৪০ ॥

পঞ্চভূতের পঞ্চীকরণকালে আকাশে শব্দগুণ; বায়ুতে শব্দ ও স্পর্শ; অগ্নিতে শব্দ; স্পর্শ ও রূপ; জলেতে শব্দ, স্পর্শ, রূপ ও রস; এবং পৃথিবীতে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধগুণ প্রকাশিত হয় ॥ ৪১ ॥

এই সকল পঞ্চীকৃত আকাশাদি ভূত হইতে উপর্য্যুপরি ভূর্লোক, ভুবর্লোক,

চতুর্ব্বিধস্থূলশরীরাণি জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জাখ্যানি। জরায়ুজানি জরায়ুভ্যোজাতানি মনুষ্যপশ্বাদীনি। অণ্ডজানি অণ্ডেভ্যোজাতানি পক্ষিপন্নগাদীনি। স্বেদজানি স্বেদেভ্যোজাতানি যুকমশকাদীনি। উদ্ভিজ্জানি ভূমিমুদ্ভিদ্য জাতানি লতাবৃক্ষাদীনি ॥ ৪৩ ॥

অত্রাপি চতুর্ব্বিধস্থূলশরীরং একানেকবুদ্ধিবিষয়তয়া বনবজ্জলাশয়বদ্বা সমষ্টিঃ। বৃক্ষবজ্জলবদ্বা ব্যষ্টিরপি ভবতি। এতৎ সমষ্ট্যুপহিতং চৈতন্যং বৈশ্বানরো-বিরাড়িতি চোচ্যতে। সর্ব্বনরাভিমানিত্বাৎ বিবিধং রাজমানত্বাচ্চ। অস্যৈষা সমষ্টিঃ স্থূলশরীরং অন্নবিকারত্বাদন্নময়কোষঃ। স্থূলভোগায়তনত্বাৎ জাগ্রদিতি চোচ্যতে ॥ ৪৪ ॥

পর অধোদিকে অতল, বিতল, সুতল, রসাতল, তলাতল, মহাতল ও পাতাল এই সকল লোক সমুৎপন্ন হইয়াছে। এইরূপে ঐ পঞ্চভূত হইতেই ব্রহ্মাণ্ড এবং চতুর্ব্বিধ স্থূল শরীর ও তাহাদিগের ভোগোপযুক্ত অন্নপানাদি উৎপন্ন হইয়াছে ॥ ৪২ ॥

চতুর্ব্বিধ স্থূল শরীর যথা,—জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জাত। জরায়ু হইতে জাত মনুষ্য পশু প্রভৃতিকে জরায়ুজ, অণ্ড হইতে উৎপন্ন পক্ষী সর্পাদিকে অণ্ডজ, স্বেদাদি হইতে জাত মশকাদিকে স্বেদজ এবং ভূমি হইতে উৎপন্ন বৃক্ষলতাদিকে উদ্ভিজ্জাত বলে ॥ ৪৩ ॥

যেমন বন বৃক্ষসমূহের সমষ্টি এবং বৃক্ষসকল বনের ব্যষ্টি ও জলাশয় জলের সমষ্টি এবং জল জলাশয়ের ব্যষ্টি; সেইরূপ এইস্থলেও চতুর্ব্বিধ শরীর একত্রীভূতরূপে সমষ্টি ও পৃথক্‌রূপে ব্যষ্টি হয়। এই স্থূলশরীরের সমষ্টিতে উপ-

এতদ্ব্যষ্ট্যুপহিতং চৈতন্যং বিশ্ব-ইত্যুচ্যতে। সূক্ষ্ম-শরীরাভিমানমপরিত্যজ্য স্থূলশরীরাদিপ্রবেষ্টৃত্বাৎ। অস্যাপ্যেষা ব্যষ্টিঃ স্থূলশরীরং অন্নবিকারত্বাৎ অন্নময়কোষঃ। স্থূলভোগায়তনত্বাৎ জাগ্রদিতি চোচ্যতে ॥ ৪৫ ॥

তদানীমেতৌ বিশ্ববৈশ্বানরৌ। দিগ্বাতার্কপ্রচেতো-ঽশ্বিভিঃ ক্রমান্নিয়ন্ত্রিতেন শ্রোত্রাদীন্দ্রিয়পঞ্চকেন ক্রমাচ্ছব্দস্পর্শরূপরসগন্ধান্ অগ্নীন্দ্রোপেন্দ্রযম-প্রজাপতিভিঃ ক্রমান্নিয়ন্ত্রিতেন বাগাদীন্দ্রিয়পঞ্চকেন ক্রমাদ্বচনাদানগমনবিসর্গানন্দান্। চন্দ্রচতুর্ম্মুখ-শঙ্করাচ্যুতৈঃ ক্রমান্নিয়ন্ত্রিতেন মনোবুদ্ধ্যহঙ্কার-চিত্তাখ্যেনান্তরিন্দ্রিয়চতুষ্কেণ ক্রমাৎ সংশয়নিশ্চয়া-

---

নর এবং বিরাট শব্দে অভিহিত হন। এই সমষ্টিকে স্থূল শরীর ও অন্নের বিকার নিমিত্ত তাহাকে অন্নময় কোষ বলা যায় এবং সেই সমষ্টি, স্থূল ভোগের আলয় হেতু জাগ্রৎ শব্দের বাচ্য হয় ॥ ৪৪ ॥

ব্যষ্টিভূত স্থূল শরীরেতে যে উপহিত চৈতন্য আছেন, তাঁহাকে বিশ্ব বলা যায়, যেহেতু ঐ চৈতন্য সূক্ষ্ম শরীরের অভিমান পরিত্যাগ না করিয়া স্থূল শরীরে প্রবিষ্ট হয়। উক্ত ব্যষ্টিকে স্থূল শরীর বলিয়া থাকে এবং উহা অন্নের বিকার স্বরূপ, অতএব তাহাকে অন্নময় কোষ বলা যায়, আর ঐ ব্যষ্টিই স্থূল ভোগের আয়তন, এই নিমিত্ত উহারই নাম জাগ্রদবস্থা ॥ ৪৫ ॥

জাগ্রৎকালে পূর্ব্বোক্ত বিশ্ব ও বৈশ্বানর, এই উভয় দিক্, বায়ু, সূর্য্য, বরুণ ও অশ্বিনীকুমার কর্ত্তৃক নিয়োজিত হইয়া শ্রোত্র, ত্বক্, চক্ষুঃ, জিহ্বা ও ঘ্রাণ এই পঞ্চজ্ঞানেন্দ্রিয় দ্বারা ক্রমশঃ শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পঞ্চ বাহ্য বিষয় অনুভব করে এবং অগ্নি, ইন্দ্র, উপেন্দ্র, যম ও প্রজাপতি কর্ত্তৃক নিয়োজিত হইয়া বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় দ্বারা

হঙ্কার্য্যচৈত্তাংশ্চ সর্ব্বানেতান্ স্থূলবিষয়াননুভবতঃ
জাগরিতস্থানোবহিঃপ্রজ্ঞ ইত্যাদি শ্রুতেঃ ॥ ৪৬ ॥
অত্রাপ্যনয়োঃ স্থূলব্যষ্টিসমষ্ট্যোস্তদুপহিতয়োর্ব্বিশ্ব-
বৈশ্বানরয়োশ্চ বনবৃক্ষবত্তদবচ্ছিন্নাকাশবচ্চ জলাশয়-
জলবত্তদ্গতপ্রতিবিম্বাকাশবচ্চ বা পূর্ব্ববদভেদঃ।
এবং পঞ্চীকৃত পঞ্চভূতেভ্যঃ স্থূলপ্রপঞ্চোৎপত্তিঃ ॥৪৭॥
এষাং স্থূলসূক্ষ্মকারণ-শরীরপ্রপঞ্চানাং সমষ্টিরেকো-
মহান্ প্রপঞ্চো ভবতি। যথা অবান্তরবনানাং সমষ্টি-
রেকং মহদ্বনং। যথা বা অবান্তরজলাশয়ানাং
সমষ্টিরেকোমহান্ জলাশয়ঃ। তদুপহিত বিশ্ব-
বৈশ্বানরাদীশ্বরপর্য্যন্তং চৈতন্যমপি অবান্তরবনাব-

ক্রমশঃ বাক্য, গ্রহণ, গমন, ত্যাগ ও আনন্দ এই পঞ্চ বাহ্য বিষয় অনুভব করিয়া থাকে। উক্ত উভয়ই চন্দ্র, ব্রহ্মা শঙ্কর ও বিষ্ণু এই দেব চতুষ্টয় কর্ত্তৃক নিয়োজিত হইয়া মনঃ, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত, এই অন্তরিন্দ্রিয় চতুষ্টয় দ্বারা ক্রমশঃ সংশয়, নিশ্চয়, অহঙ্কার্য্য ও চৈত্ত, এই চারি স্থূল বিষয় অনুভব করে। এই বিষয়ে শ্রুতিপ্রমাণ আছে যে,—জাগ্রদবস্থায় বিশ্ব ও বৈশ্বানর বাহ্য স্থূল বিষয় অনুভব করে ॥ ৪৬ ॥

যেমন বনে ও বৃক্ষে, বনাবচ্ছিন্ন আকাশে ও বৃক্ষাবচ্ছিন্নকাশে, জলাশয়ে ও জলে এবং জলাশয় প্রতিবিম্বিত আকাশে ও জলপ্রতিবিম্বিত আকাশে কোন ভেদ নাই। সেইরূপ এই স্থূল শরীরের সমষ্টি ও ব্যষ্টিতে এবং স্থূল শরীরের সমষ্টিগত উপহিত বৈশ্বানরে ও স্থূল শরীরের ব্যষ্টিগত উপহিত বিশ্বেরও কিঞ্চিন্মাত্র প্রভেদ নাই। এই প্রকারে পঞ্চীকৃত পঞ্চভূত হইতে স্থূল প্রপঞ্চের উৎপত্তি হয় ॥ ৪৭ ॥

যেমন পৃথক্ পৃথক্ বন সমূহের সমষ্টিতে এক বৃহৎ বন হয় এবং ভিন্ন ভিন্ন জলাশয়ের সমষ্টিতে এক বৃহৎ জলাশয় হইয়া থাকে, সেইরূপ স্থূল কারণ

চ্ছিন্নাকাশবদবান্তরজলাশয়গত প্রতিবিম্বাকাশবচ্চ একমেব ॥ ৪৮ ॥

আভ্যাং মহাপ্রপঞ্চতদুপহিতচৈতন্যাভ্যাং তপ্তায়ঃ পিণ্ডবদবিবিক্তং সৎ অনুপহিতং চৈতন্যং সর্ব্বং খল্বিদং ব্রহ্মৈবেতি মহাবাক্যস্য বাচ্যং ভবতি বিবিক্তং সল্লক্ষ্যমপি ভবতি ॥ ৪৯ ॥

এবং বস্তুন্যবস্তুত্বারোপোঽধ্যারোপঃ সামান্যেন প্রদর্শিতঃ। ইদানীং প্রত্যগাত্মনি ইদমিদময়ময়-মারোপয়তীতি বিশেষ উচ্যতে। তথাচ অতি-প্রাকৃতস্য আত্মা বৈ জায়তে পুত্র ইত্যাদি শ্রুতেঃ স্বস্মিন্নিব স্বপুত্রেঽপি প্রেমদর্শনাৎ পুত্রে পুষ্টে

চ্ছিন্ন আকাশ অথবা নিখিল জলাশয়গত প্রতিবিম্বিত আকাশ একই আকাশ; সেইরূপ এই মহৎ প্রপঞ্চাবচ্ছিন্ন বৈশ্বানর, বিশ্ব, হিরণ্যগর্ভ, তৈজস এবং প্রাজ্ঞও ঈশ্বর; এই সমুদায় একই চৈতন্য ॥ ৪৮ ॥

যেমন দগ্ধ লৌহপিণ্ডের সহিত অভিন্ন অগ্নি "অয়োদহতি," এই বাক্যের বাচ্য এবং পৃথক্‌রূপে ঐ বাক্যের লক্ষ্য হয়। সেইরূপ মহৎ প্রপঞ্চাবচ্ছিন্ন চৈতন্য, ঐ মহৎ প্রপঞ্চের সহিত অবিবিক্তরূপে "সর্ব্বংখল্বিদং ব্রহ্ম" এই মহাবাক্যের বাচ্য এবং বিবিক্তরূপে ঐ মহাবাক্যের লক্ষ্য হন ॥ ৪৯ ॥

এই প্রকারে সামান্যতঃ বস্তুরূপ ব্রহ্ম চৈতন্যেতে অবস্তুর আরোপস্বরূপ অধ্যারোপ প্রদর্শিত হইল; এইক্ষণ বিশেষরূপে জীবচৈতন্যেতে অধ্যারোপ অর্থাৎ কোন কোন মতাবলম্বীরা কোন বস্তুকে জীবাত্মা বলেন, তাহা প্রদর্শিত হইতেছে।—অতি-অজ্ঞানী ব্যক্তিরা পুত্রকে আত্মা বলে, তাহারা এই বিষয়ে শ্রুতি প্রমাণ দেখায় যে,—আত্মাই পুত্ররূপী হইয়া জন্মগ্রহণ করে। পরন্তু তাহারা অন্যপ্রকার যুক্তি দেখাইয়া বলে যে,—যেহেতু আপনাতে যে প্রকার প্রীতিলাভ করা যায়, পুত্রেতেও সেই প্রকার প্রীতি অনুভব হয়, অতএব

নষ্টেঽহমেব পুষ্টোনষ্টশ্চেত্যাদ্যনুভবাচ্চ পুত্র আত্মেতি বদতি। চার্ব্বাকস্তু সবাএষ পুরুষোঽন্নরসময় ইত্যাদি শ্রুতেঃ প্রদীপ্তগৃহাৎ স্বপুত্রং পরিত্যজ্যাপি স্বস্য নির্গমদর্শনাৎ স্থূলোঽহং কৃশোঽহং ইত্যাদ্যনুভবাচ্চ স্থূলশরীরমাত্মেতি বদতি। অপরশ্চার্ব্বাকঃ তেহ প্রাণাঃ প্রজাপতিং সমেত্য ব্রূয়ুরিত্যাদি শ্রুতেঃ ইন্দ্রিয়াণামভাবে শরীরচলনাভাবাৎ কাণোঽহং বধিরোঽহং ইত্যাদ্যনুভবাচ্চ ইন্দ্রিয়াণ্যাত্মেতি বদতি ॥ ৫০ ॥

অন্যস্তু চার্ব্বাকঃ অন্যোঽন্তর আত্মা প্রাণময় ইত্যাদি শ্রুতেঃ প্রাণাভাবে ইন্দ্রিয়চলনাযোগাৎ অহমশ-

---

পুষ্টি হইলে বা পুত্র নষ্ট হইলে আমি পুষ্ট হইলাম বা আমি নষ্ট হইলাম, এইরূপ জ্ঞান হয়, অতএব পুত্রই আত্মা। কোন চার্ব্বাক স্থূলশরীরকে আত্মা বলে, তাহারা এই শ্রুতিপ্রমাণ দেখায় যে, "অন্নময় রসের বিকারী পুরুষই আত্মা" এবং এই যুক্তি প্রদর্শন করে যে, সকলেই পুত্রকে পরিত্যাগ করিয়াও আপনাকে দহ্যমান গৃহ হইতে নির্ম্মুক্ত করিতে চেষ্টা করে এবং তাহারা এই অনুভব দেখায় যে "আমি স্থূল ও আমি কৃশ," এইরূপ জ্ঞান সাধারণের হইয়া থাকে, অতএব স্থূলশরীরই আত্মা। অন্য চার্ব্বাক মতাবলম্বীরা ইন্দ্রিয়গণকে আত্মা বলে, তাহারা স্বমত রক্ষা বিষয়ে এইরূপ শ্রুতিপ্রমাণ দেখায় যে, "ইন্দ্রিয়গণ প্রজাপতির নিকট গিয়া কহিয়াছিল যে, ইন্দ্রিয়গণের অভাবে শরীর অচল হয়" অতএব ইন্দ্রিয়গণই আত্মা। চার্ব্বাকের অপর যুক্তি এই যে,—যেহেতু আমি অন্ধ ও আমি বধির, এইরূপ প্রতীতি সকলেরই হইয়া থাকে, অতএব ইন্দ্রিয়ই আত্মা ॥ ৫০ ॥

কোন কোন চার্ব্বাক মতাবলম্বীরা প্রাণকে আত্মা বলিয়া থাকে। তাহাতে

নায়াবানহং পিপাসাবান্ ইত্যাদ্যনুভবাচ্চ প্রাণ আত্মেতি বদতি ইতরস্তু চার্ব্বাকঃ অন্যোঽন্তর আত্মা মনোময় ইত্যাদি শ্রুতেঃ মনসি সুপ্তে প্রাণাদেরভাবাৎ অহং সঙ্কল্পবানহং বিকল্পবানিত্যাদ্যনুভবাচ্চ মন আত্মেতি বদতি ॥ ৫১ ॥

বৌদ্ধস্তু অন্যোঽন্তর আত্মা বিজ্ঞানময় ইত্যাদি শ্রুতেঃ কর্ত্তুরভাবে করণস্য শক্ত্যভাবাৎ অহং কর্ত্তা অহং ভোক্তা ইত্যাদ্যনুভবাচ্চ বুদ্ধিরাত্মেতি বদতি ॥ ৫২ ॥

পরন্তু তাহারা স্বমত সংস্থাপনার্থ আর এইরূপ যুক্তি প্রদর্শন করে যে,—যখন প্রাণের অভাব হইলেই ইন্দ্রিয়গণের ক্রিয়ার অভাব হয়, তখন প্রাণই আত্মা। এই বিষয়ে চার্ব্বাক যুক্তি প্রদর্শন করে যে,—যেহেতু "আমি ক্ষুধার্ত্ত ও আমি পিপাসাতুর" সকলেরই এইরূপ অনুভব হইয়া থাকে, অতএব প্রাণই আত্মা। অন্য চার্ব্বক মতে মনকে আত্মা কহে, তাহারা বলে, শ্রুতিতে লিখিত আছে যে, মনোময় অন্তরাত্মা শরীর, ইন্দ্রিয়, ও প্রাণ হইতে পৃথক্, এই নিমিত্ত মনকে আত্মা বলা যায়। পরন্তু তাহারা স্বমতের প্রাধান্য রক্ষার্থ এইরূপ যুক্তি প্রদর্শন করে যে, যখন মনঃ নিস্তব্ধ হইলেই প্রাণাদির অভাব হয় এবং আমি সঙ্কল্প বিশিষ্ট, আমি বিকল্পবিশিষ্ট এইরূপ সকলেরই অনুভব হয়, তখন মনই আত্মা ॥ ৫১ ॥

বৌদ্ধমতাবলম্বীরা বুদ্ধিকে আত্মা বলিয়া থাকে এবং তাহাতে এই শ্রুতি প্রমাণদেয় যে,—বিজ্ঞানময় অন্তরাত্মা শরীর, প্রাণ ও মনঃ হইতে পৃথক্। পরন্তু তাহারা আরও যুক্তি প্রদর্শন করে যে, যখন কর্ত্তার অভাব হইলেই করণের শক্তির অভাব হয়, এইরূপ প্রতীতি আছে, তখন এই স্থলে বুদ্ধির অভাব হইলেই ইন্দ্রিয়ের শক্তির অভাব দৃষ্ট হয় এবং আমি কর্ত্তা, আমি ভোক্তা এইরূপ অনুভব সকলেরই হইয়া থাকে, অতএব বুদ্ধির আত্মত্ব সিদ্ধ-

প্রাভাকরস্তার্কিকৌ তু অন্যোঽন্তর আত্মা আনন্দময়-ইত্যাদি শ্রুতেঃ সুষুপ্তৌ বুদ্ধ্যাদীনামজ্ঞানে লয়-দর্শনাৎ অহমজ্ঞ ইত্যাদ্যনুভবাচ্চ অজ্ঞানমাত্মেতি বদতঃ ॥ ৫৩ ॥

ভট্টস্তু প্রজ্ঞানঘনএবানন্দময় আত্মেত্যাদি শ্রুতেঃ সুষুপ্তৌ প্রকাশাপ্রকাশসদ্ভাবাৎ মামহং ন জানামী-ত্যাদ্যনুভবাচ্চ অজ্ঞানোপহিতং চৈতন্যমাত্মেতি বদতি ॥ ৫৪ ॥

অপরোবৌদ্ধঃ অসদেবেদমগ্র আসীদিত্যাদি শ্রুতেঃ সুষুপ্তৌ সর্ব্বাভাবাদহং সুপ্তঃ সুষুপ্তৌ নাসমিত্যুত্থি-তস্য স্বাভাবপরামর্শবিষয়ানুভবাচ্চ শূন্যমাত্মেতি বদতি ॥ ৫৫ ॥

প্রাভাকর ও তার্কিক উভয়েই অজ্ঞানকে আত্মা বলে এবং এতদ্বিষয়ে শ্রুতি প্রমাণ দেয় যে,—"অন্তরাত্মা শরীরাদি হইতে বিভিন্ন ও আনন্দময়।" পরন্তু এইরূপ যুক্তি প্রমাণ দেখাইয়া বলে যে, সুষুপ্তিকালে অজ্ঞানেতেই বুদ্ধি-প্রভৃতির লয় হয় এবং আমিই অজ্ঞ, আমি জ্ঞানী, এইরূপ অনুভব হেতু অজ্ঞানকে আত্মা বলে ॥ ৫৩ ॥

ভট্ট মতাবলম্বীরা (মিমাংসাদি শাস্ত্র বেত্তারা) অজ্ঞান সমষ্টিদ্বারা উপহিত চৈতন্য অর্থাৎ ঈশ্বরচৈতন্যকেই আত্মা বলিয়া থাকে এবং ইহাতে এই শ্রুতি-প্রমাণ দেয় যে, "আত্মাই প্রজ্ঞানঘন এবং আনন্দময়।" পরন্তু এইরূপ যুক্তি-প্রমাণ দেখাইয়া বলে যে, [illegible] সকল লীন হইলেও অজ্ঞানোপহিত চৈতন্যের অস্তিত্ব থাকে" এবং এইরূপ অনুভব করে যে, আমি আমাকে জানি না, অতএব অজ্ঞানোপহিত চৈতন্যই আত্মা ॥ ৫৪ ॥

অপর বৌদ্ধ মতাবলম্বীরা শূন্যকেই আত্মা বলিয়া থাকে এবং ইহাতে

এতেষাং পুত্রাদীনাং শূন্যপর্য্যন্তানামনাত্মত্বমুচ্যতে। এতৈরতিপ্রা[illegible]দিভিরুক্তেষু শ্রুতিযুক্ত্যনুভবাভাসেষু পূর্ব্ব-পূর্ব্বোক্তশ্রুতিযুক্ত্যনুভবাভাসানামুত্তরোত্তর-শ্রুতি-যুক্ত্যনু-ভবাভাসৈরাত্ম-বাধ-দর্শনাৎ পুত্রাদীনামনাত্মত্বং স্পষ্টমেবেতি ॥ ৫৬ ॥

কিঞ্চ প্রত্যগস্থূলো অচক্ষুরপ্রাণো অমনা অকর্ত্তা-চৈতন্যং চিন্মাত্রং সদিত্যাদিপ্রবলশ্রুতিবিরোধাৎ অস্য পুত্রাদিশূন্যপর্য্যন্তস্য জড়স্য চৈতন্যভাস্যত্বেন ঘটাদিবদনিত্যত্বাৎ অহং ব্রহ্মেতি বিদ্বদনুভবপ্রাবল্যাচ্চ তত্তৎশ্রুতিযুক্ত্যনুভবাভাসানাং বাধিতত্বাদপি পুত্রাদিশূন্যপর্য্যন্তমখি[illegible]মনাত্মৈব ॥ ৫৭ ॥

বলে যে, সুষুপ্তিকালে সকলের অভাব হয়, এবং সুষুপ্তি হইতে উত্থিত ব্যক্তির এইরূপ জ্ঞান হয় যে, সুষুপ্তি সময়ে আমার অভাব হইয়া ছিল; এই অনুভব হেতু শূন্যকে আত্মা বলা যায় ॥ ৫৫ ॥

প্রকৃতপক্ষে পুত্রাদি হইতে শূন্য পর্য্যন্ত কাহাকেও আত্মা বলা যায় না। যে হেতু পুত্রাদির অনাত্মত্ব স্পষ্ট প্রতীয়মান হইতেছে। যাহারা পুত্রাদিকে আত্মা বলে, তাহারা অতি মূঢ়; তাহাদিগের পূর্ব্ব প্রদর্শিত প্রমাণ, যুক্তি ও অনুভব সকল উত্তরোত্তর প্রদর্শিত প্রমাণ, যুক্তি ও অনুমানদ্বারা সমস্তই খণ্ডিত হইয়াছে। অতএব পুত্রাদিকে আত্মা বলা যায় না ॥ ৫৬ ॥

পক্ষান্তরে পুত্রাদিকে আত্মা বলিলে শ্রুতিপ্রমাণাদির অত্যন্ত বিরোধ ঘটে, কারণ "আত্মা স্থূল নহে, ইন্দ্রিয় নহে, প্রাণ নহে, মনঃ নহে ও কর্ত্তা নহে; তিনি কেবল চৈতন্যময় সত্য স্বরূপ" ইত্যাদি যুক্তিদ্বারা ইহাই প্রমাণ হইতেছে যে, পুত্রাদি শূন্য পর্য্যন্ত জড়পদার্থ সকলেই আত্ম-চৈতন্যের ভাস্যত্বহেতু ঘটাদির ন্যায় অনিত্য; আর জ্ঞানিগণের "আমিই

অতস্তত্তদ্ভোগকং নিত্যশুদ্ধবুদ্ধমুক্তসত্যস্বভাবং প্রত্যক্ চৈতন্যমেবাত্মতত্ত্বমিতি বেদান্তবিদনুভবঃ এবমধ্যারোপঃ ॥ ৫৮ ॥

অপবাদোনাম রজ্জুবিবর্ত্তস্য সর্পস্য রজ্জুমাত্রত্ববৎ বস্তুবিবর্ত্তস্যাবস্তুনোঽজ্ঞানাদেঃ প্রপঞ্চস্য বস্তুমাত্রত্বং। তদুক্তং—সতত্ত্বতোঽন্যথা প্রথা বিকার-ইত্যুদীরিতঃ।

অতত্ত্বতোঽন্যথা প্রথা বিবর্ত্ত ইত্যুদাহৃত-ইতি ॥৫৯॥

তথাহি খলূচ্যতে। যথা এতদ্ভোগায়তনং চতুর্ব্বিধ-ভূত-শরীরজাতং এতদ্ভোগ্যরূপান্নপানাদিকং এতদা-

---

কোন পদার্থকেই আত্মা বলা যায় না। পুত্রাদিকে আত্মা বলিয়া স্বীকার করিলে পূর্ব্বোক্ত শ্রুতিপ্রমাণ, যুক্তি ও অনুভবের বাধা জন্মে; সুতরাং পুত্রাদির অনাত্মত্ব সুস্পষ্ট প্রতীয়মান হইল ॥ ৫৭ ॥

প্রকৃতপক্ষে যিনি পুত্রাদি শূন্য পর্য্যন্ত জড়পদার্থ সকলের অবভাসক, যিনি নিত্য, শুদ্ধ, সর্ব্বজ্ঞ, মুক্ত, সত্যস্বরূপ প্রত্যক্ চৈতন্য, তিনি আত্মা এবং সদ্বস্তু; ইহাই বেদান্তজ্ঞ ও বেদবিদ্বর্গের অনুভবসিদ্ধ। এই প্রকারে বস্তুতে অবস্তুর আরোপস্বরূপ অধ্যারোপ-ন্যায় বিশেষরূপে প্রদর্শিত হইল ॥ ৫৮ ॥

এইক্ষণে অপবাদ-ন্যায় কথিত হইতেছে,—রজ্জুতে সর্পভ্রম হইলে যখন সেই ভ্রমের বিনাশ হয়, তখন যেমন সর্পজ্ঞান বিলুপ্ত হইয়া কেবল রজ্জুমাত্রের জ্ঞান থাকে; সেইরূপ সচ্চিদানন্দ ব্রহ্মবস্তুতে অবস্তুরূপ অজ্ঞানাদি জড়-প্রপঞ্চের যে ভ্রম, তাহার নাশ হইলে কেবল ব্রহ্মমাত্র অবস্থিত থাকেন। যে কারণে এইরূপ জ্ঞানের বিবর্ত্ত হয়, তাহার নাম বিবর্ত্ত কারণ এবং যে কারণে স্বরূপের অন্যথাভূত হইয়া কার্য্য উৎপাদন করে, তাহার নাম বিকারী বা পরিণামী উপাদান কারণ; যথা—দুগ্ধ, দধির প্রতি বিকারী বা পরিণামী কারণ, আর যে কারণ স্বরূপের অন্যথা না করিয়া কার্য্য উৎপাদন করে, তাহার নাম বিবর্ত্ত কারণ; যেমন রজ্জু সর্প জ্ঞানের প্রতি বিবর্ত্তকারণ ॥ ৫৯ ॥

ভ্রমের বিনাশ হইলে যেরূপে এই প্রপঞ্চ সকল পরস্পর স্ব স্ব কারণে

শ্রয়ভূতভুরাদিচতুর্দ্দশভুবানি এতদাশ্রয়ভূতং ব্রহ্মাণ্ডঞ্চৈতৎ সর্ব্বং এতেষাং কারণরূপপঞ্চীকৃতভূতমাত্রং ভবতি। এতানি শব্দাদিবিষয়সহিতানি পঞ্চীকৃতভূতজাতানি সূক্ষ্মশরীরজাতঞ্চৈতৎ সর্ব্বমেতেষাং কারণরূপমপঞ্চীকৃতভূতমাত্রং ভবতি। এতানি সত্ত্বাদিগুণসহিতানি অপঞ্চীকৃতপঞ্চভূতান্যুৎপত্তিব্যুৎক্রমেণৈতৎকারণভূতাজ্ঞানোপহিতচৈতন্যমাত্রং ভবতি। এতদজ্ঞানং অজ্ঞানোপহিতং চৈতন্যং চেশ্বরাদিকং · এতদাধারভূতানুপহিতচৈতন্যরূপং তুরীয়ব্রহ্মমাত্রংভবতি। আভ্যামধ্যারোপাপবাদাভ্যাং তত্ত্বম্পদার্থশোধনমপি সিদ্ধং ভবতি তথাহি— অজ্ঞানাদিসমষ্টিঃ এতদুপহিতং সর্ব্বজ্ঞত্বাদিবিশিষ্টং চৈতন্যং এতদনুপহিতং চৈতন্যঞ্চৈতত্ত্রয়ং তপ্তায়ঃ

লীন হইয়া ব্রহ্মরূপে অবস্থিত হয়,তাহা বিবৃত হইতেছে।—স্থূল ভোগের আয়তনরূপ চতুর্ব্বিধ স্থূল শরীর ও ভোগ্যরূপ অন্নপানাদি, এই সকলের আধারভূত ভূরাদি চতুর্দ্দশ ভুবন এবং এই সকলের বর্ত্তমান আয়তনভূত ব্রহ্মাণ্ড, এই সকলই পঞ্চীকৃত পঞ্চভূত মাত্র। শব্দ স্পর্শাদি বিষয়ের সহিত এই সকল পঞ্চীকৃত পঞ্চভূত এবং সূক্ষ্ম শরীর সকলই স্ব স্ব কারণ রূপ অপঞ্চীকৃত পঞ্চভূত মাত্র। সত্ত্বাদি গুণবিশিষ্ট এই সকল অপঞ্চীকৃত পঞ্চ মহাভূত উৎপত্তির বিপরীতক্রমে অর্থাৎ পৃথিবী জলেতে, জল অগ্নিতে, অগ্নি বায়ুতে, বায়ু আকাশে,এবং আকাশ অজ্ঞানে এই প্রকারে কারণরূপ অজ্ঞানোপহিত চৈতন্য মাত্র হয়। এই অজ্ঞান এবং অজ্ঞানোপহিত চৈতন্য রূপ ঈশ্বর প্রভৃতি সকলই তাহাদিগের আধার ভূত অনুপহিত চৈতন্যরূপ তুরীয় ব্রহ্ম। উক্ত অধ্যারোপ ও অপবাদ ন্যায় কথনদ্বারা "তৎ ও ত্বং" এই উভয় পদার্থের শোধন সিদ্ধ

পিণ্ডবদেকত্বেনাবভাসমানং তৎপদবাচ্যার্থোভবতি। এতদুপাধ্যুপহিতাধারভূতমনুপহিতং চৈতন্যং তৎ-পদলক্ষ্যার্থো ভবতি ॥ ৬০ ॥

অজ্ঞানাদি-ব্যষ্টিঃ এতদুপাহিতাস্তিত্বাদি-বিশিষ্ট-চৈতন্যং এতদনুপহিতং চৈতন্যঞ্চৈতত্ত্রয়ং তপ্তায়ঃ-পিণ্ডবদেকত্বেনাবভাসমানং ত্বং পদবাচ্যার্থোভবতি। এতদুপাধ্যুপহিতাধারভূতমনুপহিতং প্রত্যগানন্দং তুরীয়ং চৈতন্যং ত্বং পদলক্ষ্যার্থোভবতি ॥ ৬১ ॥

অথ মহাবাক্যার্থোবর্ণ্যতে। ইদং তত্ত্বমসিবাক্যং সম্বন্ধত্রয়েণ অখণ্ডার্থবোধকং ভবতি। সম্বন্ধত্রয়ং নাম পদয়োঃ সমানাধিকরণ্যং পদার্থয়োর্ব্বিশেষণ-

---

তদুপহিত চৈতন্য অর্থাৎ ঈশ্বর; হিরণ্যগর্ভ ও বিরাট চৈতন্য এবং অনুপহিত চৈতন্য অর্থাৎ তুরীর ব্রহ্ম চৈতন্য, এই ত্রিবিধ পদার্থ দগ্ধ লৌহপিণ্ডের ন্যায় অতিরিক্ত রূপে "তৎ" এই পদের বাচ্য এবং অজ্ঞানাদির সমষ্টিরূপ উপাধির ও তদুপহিত ঈশ্বরাদি চৈতন্যের আধারভূত অনুপহিত তুরীয় ব্রহ্ম চৈতন্য "তৎ" পদের লক্ষ্যার্থ ॥ ৬০ ॥

অজ্ঞানাদির ব্যষ্টি অর্থাৎ অজ্ঞান, সূক্ষ্মশরীর ও স্থূলশরীর; তদুপহিত চৈতন্য, অর্থাৎ প্রাজ্ঞ, তৈজস, ও বিশ্ব এবং অনুপহিত চৈতন্য অর্থাৎ তুরীয়-ব্রহ্ম চৈতন্য, এই তিনই দগ্ধ লৌহপিণ্ডের ন্যায় অভিন্নরূপে "ত্বং" এই শব্দের বাচ্যার্থ এবং অজ্ঞানাদির ব্যষ্টি ও প্রাজ্ঞ প্রভৃতি চৈতন্যের আধার স্বরূপ অনুপহিত আনন্দরূপ তুরীয় ব্রহ্ম চৈতন্যই "ত্বং" এই পদের লক্ষ্যার্থ ॥ ৬১ ॥

এইক্ষণে মহাবাক্যার্থ নির্ণয় করিতেছেন,—"তত্ত্বমসি" এই মহাবাক্যটি তিন প্রকার সম্বন্ধ দ্বারা অখণ্ড ব্রহ্ম চৈতন্যের বোধক হয়। সম্বন্ধত্রয় এই যে,

বিশেষ্যভাবঃ প্রত্যগাত্মপদার্থয়োর্লক্ষ্যলক্ষণভাব-শ্চেতি। যদুক্তং সামানাধিকরণ্যঞ্চ বিশেষণবিশেষ্যতা লক্ষ্যলক্ষণসম্বন্ধঃ। পদার্থপ্রত্যগাত্মনা-মিতি ॥ ৬২ ॥

সামানাধিকরণসম্বন্ধস্তাবৎ যথা সোঽহং দেবদত্ত ইতি বাক্যে তৎকালবিশিষ্টদেবদত্তবাচকসশব্দস্য এতৎকালবিশিষ্টদেবদত্তবাচকায়ং শব্দস্য চ এক-স্মিন্ দেবদত্তপিণ্ডে তাৎপর্য্যসম্বন্ধঃ। তথা তত্ত্বমসি বাক্যেঽপি পরোক্ষত্বাদিবিশিষ্টচৈতন্যবাচকতৎ-পদস্যা--পরোক্ষত্বাদিবিশিষ্ট-চৈতন্যবাচক--ত্বংপদস্য চৈকস্মিন্ চৈতন্যে তাৎপর্য্যসম্বন্ধঃ ॥ ৬৩ ॥

বিশেষণবিশেষ্যভাবসম্বন্ধঃ যথা তত্রৈব বাক্যে

ভাব। "তৎ ও ত্বং" এই পদদ্বয়ের একাধিকরণে অবস্থিতির নাম সামানাধি-করণ্য। উভয় পদার্থের পরস্পর বিশেষ্যবিশেষণ রূপ সম্বন্ধকে বিশেষ্য-বিশেষণ ভাব এবং প্রত্যগাত্মা লক্ষ্য ও পদদ্বয় লক্ষণ এইরূপ সম্বন্ধকে লক্ষ্য-লক্ষণভাবসম্বন্ধ বলে। গ্রন্থান্তরেও সামানাধিকরণ্য, বিশেষ্য-বিশেষণরূপ এবং লক্ষ্যলক্ষণ ভাব, এই তিন প্রকার সম্বন্ধ উক্ত আছে ॥ ৬২ ॥

এইক্ষণে সামানাধিকরণ্য সম্বন্ধ বিবৃত হইতেছে,—যেমন "সেই ব্যক্তিই এই" উক্ত বাক্যে পূর্ব্বকালে দৃষ্ট ব্যক্তির বোধক "সেই" শব্দ এবং বর্ত্তমান কালে দৃষ্ট ব্যক্তির বোধক "এই" শব্দ, এই উভয় শব্দার্থেরই তাৎপর্য্য এক ব্যক্তিকে বুঝাইতেছে। সেইরূপ "তত্ত্বমসি" এই বাক্যেতেও অপ্রত্যক্ষ চৈত-ন্যের বোধক "তৎ" শব্দ এবং প্রত্যক্ষ চৈতন্যের বোধক "ত্বং" শব্দ এই উভয় পদেরই এক চৈতন্যময় ব্রহ্মেতে তাৎপর্য্য হয়; সুতরাং ইহাই এই স্থলে সামানাধিকরণ্য ॥ ৬৩ ॥

অনন্তর বিশেষ্যবিশেষণ ভাব বিবৃত হইতেছে।—যেমন পূর্ব্বোক্ত বাক্যে

সশব্দার্থতৎকালবিশিষ্টদেবদত্তস্যায়ং শব্দার্থৈতৎ-কালবিশিষ্টদেবদত্তস্য চান্যোন্যভেদব্যাবর্ত্তকতয়া বিশেষণবিশেষ্যভাবঃ। তথাত্রাপি বাক্যে তৎ-পদার্থপরোক্ষত্বাদিবিশিষ্টচৈতন্যস্য ত্বং পদার্থা-পরোক্ষত্বাদিবিশষ্টচৈতন্যস্য চান্যোন্যভেদব্যাবর্ত্তক তয়া বিশেষণবিশেষ্যভাবঃ ॥ ৬৪ ॥

লক্ষ্যলক্ষণভাবসম্বন্ধস্তু যথা তত্রৈব সশব্দায়ংশব্দয়ো-স্তদর্থয়োর্ব্বা বিরুদ্ধতৎকালেতৎ[illegible]টত্বপ-রিত্যাগেন অবিরুদ্ধদেবদত্তেন সহ লক্ষ্যলক্ষণভাবঃ। তথাত্রাপি বাক্যে তত্ত্বম্পদয়োস্তদর্থয়োর্ব্বা বিরুদ্ধ-পরোক্ষত্বাপরোক্ষত্বাদিবিশিষ্টত্বপরিত্যাগেনাবিরুদ্ধ-চৈতন্যেন সহ লক্ষ্যলক্ষণভাবঃ। ইয়মেব ভাগ-লক্ষণেত্যুচ্যতে ॥ ৬৫ ॥

"সেই"শব্দের অর্থ পূর্ব্বকালের দৃষ্ট ব্যক্তি এবং "এই" শব্দের অর্থ বর্ত্তমান কালে দৃষ্ট ব্যক্তিকেই বুঝাইতেছে। পরন্তু এই উভয় পদার্থই পরস্পর বিশেষ্য-বিশেষণ রূপে সম্বন্ধ আছে। যেহেতু অভিন্নরূপে এক বস্তুই উভয় অর্থের তাৎপর্য্যের লক্ষ্য হয়। সেইরূপ তত্ত্বমসি এই বাক্যেতেও তৎপদের অর্থ অপ্রত্যক্ষ-চৈতন্য এবং ত্বং পদের অর্থ প্রত্যক্ষ-চৈতন্য, এই উভয়ই পরস্পর বিশেষ্য-বিশেষণ রূপে সম্বন্ধ আছে, যেহেতু উভয় পদার্থেরই অভিন্নরূপে এক বস্তুতে তাৎপর্য্য দৃষ্ট হয় ॥ ৬৪ ॥

এইক্ষণ লক্ষ্যলক্ষণ ভাবরূপ সম্বন্ধ বিবৃত হইতেছে।—যেমন পূর্ব্বোক্ত বাক্যে "সেই" শব্দের অর্থ পূর্ব্বকালে দৃষ্টত্ব এবং "এই" শব্দের অর্থ বর্ত্তমান কালে দৃষ্টত্ব, এই উভয় অর্থ পরিত্যাগ করিয়া কেবল এক ব্যক্তি মাত্রই লক্ষ্য এবং সেই উভয় শব্দই লক্ষণ হয়, সেইরূপ "তত্ত্বমসি" এই বাক্যেতেও তৎ-

অস্মিন্ বাক্যে নীলমুৎপলমিতিবাক্যবদ্বাক্যার্থোন সঙ্গচ্ছতে। তত্র নীলপদার্থনীলগুণস্য উৎপল-পদার্থোৎপলদ্রব্যস্য চ শুক্লপটাদিব্যাবর্ত্তকতয়াঽন্যোন্য-বিশেষণ-বিশেষ্য-রূপ-সংসর্গস্য অন্যতর-বিশিষ্টস্যান্যতরস্য বা তদৈক্যস্য বাক্যার্থত্বাঙ্গীকরণে প্রমাণান্তরবিরোধাভাবাৎ ব্যাক্যার্থঃ সঙ্গচ্ছতে। অত্র তু তৎপদার্থপরোক্ষত্বাদিবিশিষ্টচৈতন্যস্য ত্বং পদার্থাপরোক্ষত্বাদি-বিশিষ্ট-চৈতন্যস্য চান্যোন্য-ভেদব্যাবর্ত্তকতয়া বিশেষণবিশেষ্যভাবসংসর্গস্য অন্য-তরবিশিষ্টস্যান্যতরস্য বা তদৈকস্য বাক্যার্থত্বাঙ্গী-কারে প্রত্যক্ষাদিপ্রমাণবিরোধাদ্বাক্যার্থোনসঙ্গ-চ্ছতে ॥ ৬৬ ॥

অত্র তু গঙ্গায়াং ঘোষঃ প্রতিবসতীতিবজ্জহল্লক্ষণা ন সঙ্গচ্ছতে। তত্র গঙ্গাঘোষয়োরাধারাধেয়ভাবলক্ষ-

---

কেবল এক অবিরুদ্ধ চৈতন্য লক্ষ্য এবং "তৎ ও ত্বং" এই উভয় শব্দ লক্ষণ হয়। সুতরাং ইহাকে শাস্ত্রকারেরা ভাগ লক্ষণা বলিয়া থাকেন ॥ ৬৫ ॥

নীল উৎপল, এই বাক্যেতে যেরূপ বাক্যার্থ সঙ্গতি আছে সেইরূপ বাক্যার্থ সঙ্গতি "তত্ত্বমসি" এই বাক্যেতে নাই। কারণ উক্ত বাক্যেতে নীল পদের অর্থ নীল গুণ এবং উৎপল শব্দের অর্থ উৎপল দ্রব্য, এই উভয়ই শুক্লাদি গুণ ও পটাদি দ্রব্যের ব্যবচ্ছেদক হেতু পরস্পরের বিশেষ্যবিশেষণ ভাবরূপ সম্বন্ধ অথবা একতর বিশিষ্টের সহিত অন্যতরের বাক্যার্থ সঙ্গতি আছে; কিন্তু "তত্ত্বমসি" এই বাক্যে সর্ব্বজ্ঞত্ব ও কিঞ্চিৎজ্ঞত্বরূপে প্রমাণান্তরের বিরোধ হেতু উক্তরূপ বাক্যার্থ সঙ্গতি নাই ॥ ৬৬ ॥

যেমন "গঙ্গায় গোপবাস করিতেছে এই বাক্যেতে জহৎস্বার্থ লক্ষণারূপ"

ণস্য বাক্যার্থস্যাশেষতোবিরুদ্ধত্বাদ্বাচ্যার্থমশেষতঃ পরিত্যজ্য তৎসম্বন্ধিতীরলক্ষণায়াযুক্তত্বাজ্জহল্লক্ষণা সঙ্গচ্ছতে। অত্র তু পরোক্ষত্বাপরোক্ষত্বাদিবিশিষ্ট-চৈতন্যৈকত্বরূপস্য বাক্যার্থস্য ভাগমাত্রে বিরোধা-ভাগান্তরং অপরিত্যজ্যান্যলক্ষণায়া অযুক্তত্বাৎ জহ-ল্লক্ষণা ন সঙ্গচ্ছতে ॥ ৬৭ ॥

ন চ গঙ্গাপদং স্বার্থপরিত্যাগেন তীরপদার্থং যথা লক্ষ-য়তি তথা তৎপদং ত্বং পদং বা বাচ্যার্থপরিত্যাগেন ত্বং পদার্থং তৎপদার্থং বা বোধয়তু তৎকুতোজহল্ল-ক্ষণা ন সঙ্গচ্ছতে ইতি বাচ্যং। তত্র তীরপদাশ্রবণেন তদর্থাপ্রতীতৌ লক্ষণয়া তৎপ্রতীত্যপেক্ষায়ামপি

বাক্যার্থ সঙ্গতি নাই। গঙ্গায় গোপ বাস করিতেছে, এই বাক্যে জল প্রবাহ রূপ গঙ্গা এবং গোপ এই উভয়ের আধারাধেয়ভাবের অসম্ভব হেতু বাক্যা-র্থের বিরোধ হয়; সেই বিরোধভঞ্জনার্থ গঙ্গা শব্দের স্বীয় অর্থ যে জলপ্রবাহ, তাহা পরিত্যাগ করিয়া লক্ষণাদ্বারা তৎপরিবর্ত্তে গঙ্গাতীরে গঙ্গা শব্দের অর্থ পরিকল্পনা যুক্তি সিদ্ধ হয়। এইরূপ লক্ষণার নাম জহৎস্বার্থলক্ষণা; অর্থাৎ শব্দের প্রকৃত অর্থ পরিত্যাগ করিয়া অন্য অর্থস্বীকার করা; কিন্তু "তত্ত্বমসি" এই বাক্যে প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ এই উভয় চৈতন্যের ঐক্যস্বরূপ বাক্যার্থে কোন বিরোধ নাই, কেবল প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষের প্রতিপাদক অংশে বিরোধ আছে; সুতরাং স্বার্থ পরিত্যাগ করিয়া অন্যার্থে লক্ষণা স্বীকার করিতে হয় না। অতএব "তত্ত্বমসি" এই বাক্যে জহৎস্বার্থলক্ষণা সঙ্গত হই-তেছে না ॥ ৬৭ ॥

যেমন গঙ্গা শব্দের স্বীয় অর্থ পরিত্যাগ করিয়া লক্ষণাদ্বারা তীর অর্থ গ্রহণ করা হইয়াছে; সেইরূপ লক্ষণাদ্বারা "তৎ" পদের স্বীয় অর্থ পরিত্যাগ করিয়া "ত্বং" পদার্থে অথবা "ত্বং" পদের স্বীয় অর্থ পরিত্যাগ করিয়া "তৎ"

তত্ত্বং পদয়োঃ শ্রূয়মাণত্বেন তদর্থপ্রতীতৌ লক্ষণয়া পুনঃ অন্যতরপদেনান্যতর-পদার্থপ্রতীত্যপেক্ষাভাবাৎ ॥ ৬৮ ॥

অত্র শোণোধাবতীতিবাক্যবদজহল্লক্ষণাপি ন সঙ্গচ্ছতে। তত্র শোণগুণগমনলক্ষণস্য বাক্যার্থস্য বিরুদ্ধত্বাত্তদপরিত্যাগেন তদাশ্রয়াশ্বাদিলক্ষণায়াং তদ্বিরোধপরিহারসম্ভবাদজহল্লক্ষণা সম্ভবতি। অত্র তু পরোক্ষত্বা-পরোক্ষত্বাদি-বিশিষ্ট-চৈতন্যৈকত্বস্য বাক্যার্থস্য বিরুদ্ধত্বাত্তদপরিত্যাগেন তৎসম্বন্ধিনোযস্য কস্যচিদর্থস্য লক্ষিতত্বেপি তদ্বিরোধাপরিহারাদজহল্লক্ষণাপি ন সম্ভবত্যেব ॥ ৬৯ ॥

পদার্থে লক্ষিত হউক্, তাহাহইলেই জহৎস্বার্থলক্ষণা সঙ্গত হয়; কিন্তু ইহা যুক্তি যুক্ত বলিয়া বোধ হয় না; যে হেতু পূর্ব্বোক্ত বাক্যে তীর শব্দ অনুক্ত আছে, অতএব তদর্থের অপেক্ষা করিয়া জহৎস্বার্থলক্ষণা সঙ্গত হইয়াছে, কিন্তু "তত্ত্বমসি" এই বাক্যে "তৎ ও ত্বং" এই উভয় পদার্থই উক্ত আছে এবং উভয় শব্দের অর্থই স্বয়ং প্রসিদ্ধ আছে, অতএব তাহাতে লক্ষণাদ্বারা অন্যতর পদের অন্যতর অর্থজ্ঞানের অপেক্ষা সম্ভব হয় না; সুতরাং জহৎস্বার্থলক্ষণা অসঙ্গত হইল ॥ ৬৮ ॥

আর "রক্তবর্ণ গমন করিতেছে," এই বাক্যেতে যেমন অজহৎস্বার্থলক্ষণা সঙ্গত হয়, সেইরূপ "তত্ত্বমসি" এই বাক্যে অজহৎস্বার্থলক্ষণাও সঙ্গত নহে। উক্ত বাক্যে রক্তিমগুণের গমন কার্য্যে বিরোধহেতু, রক্তিমপদের অর্থ পরিত্যাগ না করিয়া লক্ষণাদ্বারা রক্তবর্ণ অশ্বাদিরূপ অর্থস্বীকার করিয়া অর্থগত বিরোধ নিবারণ করা হইয়াছে। অতএব "রক্তবর্ণ গমন করিতেছে" এই বাক্যে অজহৎস্বার্থলক্ষণা সঙ্গত হইয়াছে। কিন্তু "তত্ত্বমসি" এই বাক্যে

ন চ তৎপদং ত্বং পদং বা স্বার্থবিরুদ্ধাংশরিত্যাগে-নাংশান্তরসহিতং তৎপদার্থং ত্বং পদার্থং বা লক্ষয় তু অতঃ কথং প্রকারান্তরেণ -ভাগলক্ষণাঙ্গীকরণমিতি বাচ্যং। একেন পদেন স্বার্থাংশপদার্থান্তরোভয়-লক্ষণায়া অসম্ভবাৎ পদান্তরেণ তদর্থপ্রতীতৌ লক্ষ-ণয়া পুনরন্যতরপদার্থপ্রতীত্যপেক্ষাভাবাচ্চ ॥ ৭০ ॥ তস্মাদযথা সোঽয়ং দেবদত্ত ইতি বাক্যং তদর্থোবা তৎকালৈতৎকালবিশিষ্টদেবদত্তলক্ষণস্য বাচ্যার্থ-স্যাংশে বিরোধাৎ বিরুদ্ধতৎকালৈতৎকালবিশিষ্ট-ত্বাংশং পরিত্যজ্যাবিরুদ্ধং দেবদত্তাংশমাত্রং লক্ষ-য়তি। তথা তত্ত্বমসীতি বাক্যং তদর্থোবা পরো-ক্ষত্বাপরোক্ষত্বাদিবিশিষ্টচৈতন্যৈকত্বলক্ষণস্য বাচ্যার্থ-

---

প্রতিপাদক অংশের বিরোধ হেতু বিরুদ্ধ অংশ পরিত্যাগ না করিয়াও লক্ষণাদ্বারা তৎসম্বন্ধি যে কোন অর্থ লক্ষিত হইলেও তাহার বিরোধ পরিহার সম্ভব হয় না, অতএব অজহৎস্বার্থলক্ষণাও অসম্ভব ॥ ৬৯ ॥

আর এ কথাও বলিতে পার না যে, "তৎ বা ত্বং" পদার্থের স্বস্ব বিরুদ্ধ অর্থাংশ পরিত্যাগ করিয়া অবিরুদ্ধ অর্থাংশের সহিত "তৎ বা ত্বং" পদার্থ লক্ষিত হউক, এইরূপ ভাগলক্ষণা স্বীকারও নিষ্প্রয়োজন; যে হেতু এক পদদ্বারা স্বীয় অবিরুদ্ধ অর্থাংশ ও অন্য পদার্থ এই উভয় অর্থ লক্ষণায় সম্ভব হয় না এবং অন্য পদদ্বারা যে অর্থ বোধ হয়, লক্ষণাদ্বারা পুনর্ব্বার তাহার অন্যতর পদার্থের জ্ঞানের সম্ভব হয় না ॥ ৭০ ॥

যেমন "সেই ব্যক্তি এই" এই বাক্যে পূর্ব্বকালের দৃষ্ট ও বর্ত্তমানকালে দৃষ্ট ব্যক্তিস্বরূপ যে বাচ্যার্থ, তাহার একাংশে বিরোধহেতু বিরুদ্ধ অংশ যে অতীতকালে ও বর্ত্তমানকালে দৃষ্টত্ব, তাহা পরিত্যাগ করিয়া ব্যক্তিরূপ

স্যাংশে বিরোধাদ্বিরুদ্ধপরোক্ষত্বাপরোক্ষত্ববিশিষ্ট-
ত্বাংশং পরিত্যজ্যাবিরুদ্ধমখণ্ডচৈতন্যমাত্রং লক্ষ-
য়তি ॥ ৭১ ॥

অথ অহং ব্রহ্মাস্মীত্যনুভববাক্যার্থোবর্ণ্যতে। এব-
চার্য্যেণাধ্যারোপাপবাদপুরঃসরং তত্ত্বম্পদার্থৌ শোধ-
য়িত্বা বাক্যেনাখণ্ডার্থেঽববোধিতেঽধিকারিণোঽহং
নিত্য-শুদ্ধ-বুদ্ধ-মুক্ত-সত্য-স্বভাবপরমা-নন্দা-নন্তাদ্বয়ং
ব্রহ্মাস্মীত্যখণ্ডাকারাকারিতা চিত্তবৃত্তিরুদেতি। সা
তু চিৎপ্রতিবিম্বসহিতা সতী প্রত্যগভিন্নমজ্ঞাতং
পরং ব্রহ্ম বিষয়ীকৃত্য তদ্গতাজ্ঞানমেব বাধতে তদা
পটকারণতন্তুদাহে পটদাহবৎ অখিলকার্য্যকারণে
ঽজ্ঞানে বাধিতে সতি তৎকার্য্যস্যাখিলস্য বাধিতত্বাৎ
তদন্তর্ভূতাখণ্ডাকারাকারিতা চিত্তবৃত্তিরপি বাধিত-

ন্তের ঐক্যরূপ যে বাচ্যার্থ তাহার একাংশে বিরোধহেতু বিরুদ্ধ অংশ প্রত্যক্ষত্ব ও অপ্রত্যক্ষত্ব, তাহা পরিত্যাগ করিয়া অবিরুদ্ধ অখণ্ড চৈতন্যাংশ-মাত্র লক্ষ্যার্থ হয় ॥ ৭১ ॥

অনন্তর "আমিই ব্রহ্ম" জ্ঞানিগণের এইরূপ অনুভব বাক্যের অর্থ নিরূপণ করিতেছেন, আচার্য্যগণ অধ্যারোপ ও অপবাদন্যায় বর্ণন করিয়া "তৎও ত্বং" এই উভয় পদার্থের অর্থ শোধন করিলে যখন "তত্ত্বমসি" এই বাক্যদ্বারা অখণ্ড চৈতন্য বোধ হইবে, তখন "আমি নিত্য, শুদ্ধ, বুদ্ধ, মুক্ত, সত্যস্বরূপ পরমানন্দ অদ্বিতীয় ব্রহ্ম" এইরূপ অখণ্ড অন্তঃকরণবৃত্তির উদয় হইয়া থাকে। সেই অন্তঃকরণ বৃত্তিতে চৈতন্য প্রতিবিম্বিত হইলে সেই চৈতন্য প্রকাশ হইয়া প্রত্যগাত্মা * ও অভিন্ন পরমব্রহ্মবিষয়ক অজ্ঞান নষ্ট করে। যেমন বস্ত্রের কারণ সূত্র নষ্ট হইলেই বস্ত্রের বিনাশ হয়, সেইরূপ অখিল সংসারের কারণ

ত্বাৎ তদন্তর্ভূতাখণ্ডাকারাকারিতা চিত্তবৃত্তিরপি বাধিতা ভবতি ॥ ৭২ ॥

তত্র বৃত্তৌ প্রতিবিম্বিতং চৈতন্যমপি যথা প্রদীপ-প্রভা আদিত্যপ্রভাবভাসনাসমর্থা সতী তয়াভিভূতা ভবতি তথা স্বয়ং প্রকাশমানপ্রত্যগভিন্নপরব্রহ্মা-বভাসনানর্হতয়া তেনাভিভূতং সৎ স্বোপাধিভূতা-খণ্ডবৃত্তের্ব্বাধিতত্বাৎ দর্পণাভাবে মুখপ্রতিবিম্বস্য মুখ-মাত্রত্ববৎ প্রত্যগভিন্নপরব্রহ্মমাত্রং ভবতি ॥ ৭৩ ॥

এবঞ্চ সতি মনসৈবানুদ্রষ্টব্যং যন্মনসা ন মনুতে ইত্যনয়োঃ শ্রুত্যোরবিরোধঃ। বৃত্তিব্যাপ্যত্বাঙ্গী-কারেণ ফলব্যাপ্যত্বপ্রতিষেধপ্রতিপাদনাৎ উক্তঞ্চ ফলব্যাপ্যত্বমেবাস্য শাস্ত্রকৃদ্ভির্নিরাকৃতং। ব্রহ্মণ্য-

---

অজ্ঞানের অভাব হইলেই তদন্তর্গত অখণ্ডাকার অন্তঃকরণ বৃত্তিও বিনষ্ট হইয়া যায় ॥ ৭২ ॥

যেমন প্রদীপপ্রভা সূর্য্য প্রভাকে প্রকাশ করিতে অসমর্থ হইয়া স্বয়ং নিষ্প্রভ হয়, সেইরূপ অন্তঃকরণ বৃত্তিতে প্রতিবিম্বিত চৈতন্য স্বপ্রকাশ স্বরূপ ব্রহ্ম চৈতন্যকে প্রকাশ করিতে না পারিয়া প্রতিবিম্বিত চৈতন্যই অভিভূত হয় এবং যেমন দর্পণের অভাবে মুখপ্রতিবিম্ব মুখই থাকে, সেইরূপ উপাধিভূত অন্তঃকরণ বৃত্তির অভাব হেতু স্বয়ং পরম ব্রহ্ম মাত্রই বর্ত্তমান থাকেন। এই প্রকারে জ্ঞানিগণের "আমি ব্রহ্ম" এইরূপ অনুভব হইয়া থাকে ॥ ৭৩ ॥

পূর্ব্বোক্ত অনুভব দ্বারা "ব্রহ্ম মনঃ দ্বারা ধারণ যোগ্য" ও "ব্রহ্মকে মনে ধারণ করা যায় না" এই উভয় বিধ শ্রুতির পরস্পর বিরোধ ভঞ্জন হইল। যেহেতু মনোবৃত্তি দ্বারা ব্রহ্ম বিষয়ক অজ্ঞানের বিনাশ হয়, কিন্তু অন্তঃকরণ বৃত্তিতে প্রতিবিম্বিত চৈতন্য পরব্রহ্মকে প্রকাশ করিতে পায় না, ইহা প্রতিপন্ন হইয়াছে। এই বিষয়ের প্রমাণ এই,—শাস্ত্র কর্ত্তারা অন্তঃকরণ প্রতিবিম্বিত

জ্ঞাননাশায় বৃত্তিব্যাপ্তিরপেক্ষিতেতি। স্বয়ং প্রকাশমানত্বান্নাভাসউপযুজ্যতে, ইতি চ ॥ ৭৪ ॥

জড়পদার্থা-কারাকারিত-চিত্ত--বৃত্তের্ব্বিশেষো-ঽস্তি। তথাহি অয়ং ঘটইতি ঘটাকারাকারিতচিত্তবৃত্তিরজ্ঞাতং ঘটং বিষয়ীকৃত্য তদ্গতাজ্ঞাননিরসনপুরঃসরং স্বগতচিদাভাসেন জড়মপি ঘটং ভাসয়তি। তদুক্তং বুদ্ধিতৎস্থচিদাভাসৌ দ্বাবপি ব্যাপ্নুতো-ঘটং। তত্রাজ্ঞানং ধিয়া নশ্যেদাভাসেন ঘটঃ স্ফুরেদিতি। যথা প্রদীপপ্রভামণ্ডলমন্ধকারগতং ঘটাদিকং বিষয়ীকৃত্য তদ্গতান্ধকারনিরসনপুরঃসরং স্বপ্রভয়া তদবভাসয়তীতি ॥ ৭৫ ॥

তদ্বিষয়ক অজ্ঞানের নাশ স্বীকার করিয়াছেন। যেহেতু পরম ব্রহ্ম স্বপ্রকাশ স্বরূপ, অতএব তাহার অন্য কর্ত্তৃক প্রকাশ সম্ভব হয় না ॥ ৭৪ ॥

অখণ্ডাকার অন্তঃকরণ বৃত্তি হইতে ঘটাদি জড় পদার্থাকার অন্তঃকরণ বৃত্তির কিঞ্চিৎ বিশেষ আছে। ঘটপ্রত্যক্ষ্য কালে ঘটাকারচিত্তবৃত্তি অজ্ঞাত ঘটকে অধিকার করিয়া তাহার অজ্ঞানতার বিনাশ সাধন পূর্ব্বক অন্তঃকরণ বৃত্তিগত প্রতিবিম্ব দ্বারা ঘটকে প্রকাশ করে। এই বিষয়ের প্রমাণ স্বরূপে কথিত আছে যে,—অন্তঃকরণ বৃত্তি ও তদ্গত প্রতিবিম্বিত চৈতন্য, এই উভয়ই ঘটকে প্রাপ্ত হয়; কিন্তু অন্তঃকরণ বৃত্তি দ্বারা ঘটের অজ্ঞানের বিনাশ হয় এবং প্রতিবিম্বিত চৈতন্য দ্বারা ঘট প্রকাশিত হয়। যেমন প্রদীপের আভা অন্ধকারস্থিত ঘটপটাদিকে প্রাপ্ত হইয়া তদ্গত অন্ধকারের বিনাশ করিয়া তাহাকে প্রকাশ করে, সেইরূপ অন্তঃকরণ বৃত্তি দ্বারা ঘটাদির অজ্ঞান নষ্ট হয় এবং অন্তঃকরণ প্রতি-

এবং স্বস্বরূপচৈতন্যসাক্ষাৎকারপর্যন্তং শ্রবণমনন-নিদিধ্যাসনসমাধ্যনুষ্ঠানস্যাপেক্ষিতত্বাৎ তেঽপি প্রদর্শ্যন্তে। শ্রবণং নাম ষড়্বিধলিঙ্গৈরশেষ-বেদান্তানামদ্বিতীয়বস্তুনি তাৎপর্য্যাবধারণং। লিঙ্গানি তু উপক্রমোপসংহারাভ্যাসাপূর্ব্বতা-ফলার্থবাদোপপত্ত্যাখ্যানি। তদুক্তং উপক্রমোপসং-হারাবভ্যাসোঽপূর্ব্বতা ফলং। অর্থবাদোপপত্তী চ লিঙ্গং তাৎপর্য্যনির্ণয়ে ॥ ৭৬ ॥

তত্র প্রকরণপ্রতিপাদ্যস্যার্থস্য তদাদ্যন্তয়োরুপা-দানং উপক্রমোপসংহারৌ। যথা ছান্দোগ্যে ষষ্ঠে প্রপাঠকে প্রকরণপ্রতিপাদ্যস্যাদ্বিতীয়বস্তুনঃ এক-মেবাদ্বিতীয়মিত্যাদৌ ঐতদাত্ম্যমিদং সর্ব্বমিত্যন্তে চ প্রতিপাদনং। প্রকরণপ্রতিপাদ্যস্য বস্তুনঃ তন্মধ্যে পৌনঃ পুন্যেন প্রতিপাদনং অভ্যাসঃ।

উক্ত প্রকারে পরমাত্মাচৈতন্য সাক্ষাৎকার পর্য্যন্ত শ্রবণ মনন, নিদি-ধ্যাসন ও সমাধির অনুষ্ঠান করা আবশ্যক, অতএব এই ক্ষণ শ্রবণাদির লক্ষণ বিবৃত করিতেছেন। ষট্ প্রকার লিঙ্গ দ্বারা অদ্বিতীয় ব্রহ্মেতে সমস্ত বেদা-ন্তের তাৎপর্য্য অবধারণের নাম শ্রবণ। ষট্প্রকার লিঙ্গ এই,—উপক্রমোপ-সংহার, অভ্যাস, অপূর্ব্বতা, ফল, অর্থবাদ এবং উপপত্তি। গ্রন্থান্তরের প্রমাণে জানা যায় যে, উক্ত ষট্প্রকার লিঙ্গ তাৎপর্য্যার্থের নিশ্চায়ক ॥৭৬॥

যে প্রকরণে যে বস্তু প্রতিপাদ্য সেই প্রকরণের আদিতে ও অন্তে সেই বস্তুর কথনের নাম উপক্রমোপসংহার। ছান্দগ্যোপনিষদের ষষ্ঠাধ্যায়ের আদিতে "অদ্বিতীয় ব্রহ্মই এক" এবং অন্তেও "এই আত্মাই জগন্ময়" এইরূপে প্রকরণের প্রতিপাদ্য বস্তু অদ্বিতীয় ব্রহ্ম কথিত হইয়াছে। যে প্রকরণে যে বস্তু প্রতিপাদ্য সেই প্রকরণের মধ্যে পুনঃ পুনঃ সেই বস্তুর প্রতিপাদনের

যথা তত্রৈবাদ্বিতীয়বস্তুনোমধ্যে তত্ত্বমসীতি নবকৃত্বঃ প্রতিপাদনং। প্রকরণপ্রতিপাদ্যস্য বস্তুনঃ প্রমাণান্তরেণাবিষয়ীকরণং অপূর্ব্বত্বং। যথা তত্রৈবাদ্বিতীয়বস্তুনোমানান্তরাবিষয়ীকরণং। ফলন্তু প্রকরণপ্রতিপাদ্যাত্মজ্ঞানস্য তদনুষ্ঠানস্য বা তত্র তত্র শ্রূয়মাণং প্রয়োজনং। যথা তত্রৈব আচার্য্যবান্ পুরুষোবেদ তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষে। অথ সম্পৎস্যে ইত্যদ্বিতীয়বস্তুজ্ঞানস্য তৎপ্রাপ্তিপ্রয়োজনং শ্রূয়তে। প্রকরণপ্রতিপাদ্যস্য তত্র তত্র প্রশংসনং অর্থবাদঃ। যথা তত্রৈব উত তমাদেশমপ্রাক্ষোয়েনাশ্রুতং শ্রুতং ভবত্যমতং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতমিত্যদ্বিতীয়বস্তুপ্রশংসনং। প্রক-

---

নাম অভ্যাস। পূর্ব্ব কথিত ষষ্ঠ অধ্যায়ের মধ্যে "তত্ত্বমসি" এই বাক্য দ্বারা নয় বার অদ্বিতীয় ব্রহ্মবস্তুর প্রতিপাদন আছে। যে প্রকরণে যে বস্তু প্রতিপাদ্য, তৎপ্রমাণের অতিরিক্ত প্রমাণের অবিষয়রূপে সেই বস্তুর প্রতিপাদনের নাম অপূর্ব্বতা। উক্ত ষষ্ঠাধ্যায়ে কেবল উপনিষৎ প্রমাণ দ্বারাই অদ্বিতীয় ব্রহ্ম প্রতিপাদিত হইয়াছে, তাহাতে অন্য প্রমাণের উল্লেখ নাই। যে প্রকরণে যে বস্তু প্রতিপাদ্য, সেই প্রকরণে সেই বস্তুর বা তদনুষ্ঠানের প্রয়োজন শ্রবণের নাম ফল। ছান্দোগ্য উপনিষদের ষষ্ঠ অধ্যায়ে লিখিত আছে যে, "আচার্য্যবান্ পুরুষ ব্রহ্মকে জানিতে পারেন। সেই জ্ঞানী পুরুষ বিমুক্তি পর্য্যন্ত প্রতীক্ষা করে এবং বিমুক্তি হইলেই পরমব্রহ্মে লীন হয়।" এইরূপে ব্রহ্ম প্রাপ্তিইকেই অদ্বিতীয় ব্রহ্ম জ্ঞানের প্রয়োজন, ইহাই শ্রুতিতে উক্ত হইয়াছে। যে প্রকরণে যে বস্তু প্রতিপাদ্য, সেই বস্তুর প্রশংসার নাম অর্থবাদ। উক্ত ষষ্ঠ অধ্যায়ে কথিত আছে যে, গুরু শিষ্যকে বলিতেছেন,—হে শিষ্য তুমি আমার

রণপ্রতিপাদ্যার্থসাধনে তত্র তত্র শ্রূয়মাণা যুক্তিঃ উপপত্তিঃ যথা তত্র যথা সৌম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃণ্ময়ং বিজ্ঞাতং স্যাৎ বাচারম্ভণং বিকারোনাম-ধেয়ং মৃত্তিকেত্যেব সত্যং ইত্যাদাবদ্বিতীয়বস্তুসাধনে বিকারস্য বাচারম্ভণমাত্রত্বে যুক্তিঃশ্রূয়তে ॥ ৭৭ ॥

মননন্তু শ্রুতস্যাদ্বিতীয়বস্তুনোবেদান্তার্থানুগুণযু-ক্তিভিরনবরতমনুচিন্তনং। বিজাতীয়দেহাদিপ্রত্যয়-রহিতাদ্বিতীয়-বস্তু-সজাতীয়-প্রত্যয়-প্রবাহঃ নিদি-ধ্যাসনং। সমাধিস্তু দ্বিবিধঃ। সবিকল্পকোনির্ব্বি-কল্পকশ্চেতি। তত্র সবিকল্পকোনাম? জ্ঞাতৃজ্ঞানাদি-বিকল্পলয়ানপেক্ষয়াদ্বিতীয়বস্তুনি তদাকারাকারি-

---

পদার্থের স্মরণ এবং অজ্ঞাত পদার্থের জ্ঞান হয়। এইরূপে সেই অদ্বিতীয় ব্রহ্ম বস্তুর প্রশংসা কথিত হইয়াছে। যে প্রকরণে যে বস্তু প্রতিপাদ্য, সেই প্রকরণে সেই বস্তুর প্রতিপাদনের যুক্তির নাম উপপত্তি। উক্ত ষষ্ঠ অধ্যায়ে উক্ত আছে যে, হে সৌম্য! যেমন একটী মৃৎপিণ্ডের পরিজ্ঞান হইলেই সকল প্রকার মৃণ্ময়পাত্রের জ্ঞান হয়, মৃৎপিণ্ডের বিকৃতি ও নাম কেবল বাক্য মাত্র, উহা মৃত্তিকাই যথার্থ।" এইরূপে অদ্বিতীয় ব্রহ্ম বস্তু প্রতিপাদনে বিকারের বাক্য মাত্রতারূপ যুক্তি দেখা যায় ॥ ৭৭ ॥

এইক্ষণ মননাদির লক্ষণ কথিত হইতেছে।—বেদান্তের অবিরোধী যুক্তিদ্বারা সর্ব্বদা শ্রুত অদ্বিতীয় ব্রহ্ম বস্তু চিন্তনের নাম মনন। তত্ত্ব-জ্ঞানবিরোধী দেহাদি জড়পদার্থ জ্ঞানের পরিহার-পূর্ব্বক অদ্বিতীয় বস্তুর অবিরোধী জ্ঞানপ্রবাহকে নিদিধ্যাসন বলে। সমাধি দুই প্রকার,—সবি-কল্পক ও নির্ব্বিকল্পক। জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয় এই পদার্থত্রয়ের পৃথক্ পৃথক্ জ্ঞানসত্ত্বেও অদ্বিতীয় ব্রহ্ম বস্তুতে অখণ্ডাকারে চিত্তবৃত্তির অবস্থানের নাম সবিকল্পক সমধি। যেমন মৃণ্ময় হস্তীতে হস্তি জ্ঞানসত্ত্বেও মৃত্তিকা জ্ঞান

তায়াশ্চিত্তবৃত্তেরবস্থানং। তদা মৃণ্ময়গজাদিভানেঽপি মৃদ্ভানবৎ দ্বৈতভানেঽপ্যদ্বৈতং বস্তু ভাসতে। তদুক্তমভিযুক্তৈঃ—দৃশিস্বরূপং গগনোপমং পরং সকৃদ্বিভাতং ত্বজমেকমব্যয়ং। অলেপকং সর্ব্বগতং যদদ্বয়ং তদেব চাহং সততং বিমুক্তং। দৃশিস্তু শুদ্ধোঽহমবিক্রিয়াত্মকোন মেঽস্তি বন্ধোন চ মে বিমোক্ষইত্যাদি ॥ ৭৮ ॥

নির্ব্বিকল্পকস্তু। জ্ঞাতৃজ্ঞানাদিভেদলয়াপেক্ষয়াদ্বিতীয়বস্তুনি তদাকারাকারিতায়াবুদ্ধিবৃত্তেরতিতরামেকীভাবেনাবস্থানং। তদা তু জলাকারাকারিতলবণানবভাসেন জলমাত্রাবভাসবদদ্বিতীয়বস্ত্বাকারাকারিতচিত্ত-বৃত্ত্যনবভাসেনা-দ্বিতীয়-বস্তুমাত্রমে-বাবভাসতে। ততশ্চাস্য সুষুপ্তেশ্চাভেদশঙ্কা ন ভবতি

থাকে, সেইরূপ দ্বৈত জ্ঞানবর্ত্তমানেও অদ্বৈত জ্ঞান হয়। এই বিষয়ের প্রমাণস্বরূপে উক্ত আছে যে, "সর্ব্বসাক্ষী, সর্ব্বব্যাপী, সর্ব্বোৎকৃষ্ট, স্বপ্রকাশ স্বরূপ, জন্ম-মৃত্যুবিহীন, নির্লিপ্ত ও সর্ব্বদা বিমুক্তস্বভাব যে অদ্বিতীয় চৈতন্য, তাহাই আমি" ॥ ৭৮ ॥

জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয়, এই পদার্থত্রয়ের অভিন্ন জ্ঞানের অভাব হইলে অদ্বিতীয় ব্রহ্ম বস্তুতে অখণ্ডাকার চিত্তবৃত্তির অবস্থানের নাম নির্ব্বিকল্পক সমাধি। এই সমাধিকালে যেমন জলমিশ্রিত লবণের লবণত্ব জ্ঞানের অভাব হইলে কেবল জলের জ্ঞান হয়, সেইরূপ অদ্বিতীয় ব্রহ্মাকার চিত্তবৃত্তির জ্ঞানের সত্তাভাবেও ব্রহ্ম বস্তু মাত্রের জ্ঞান হইয়া থাকে * এই নিমিত্ত সুষুপ্তি হইতে নির্ব্বিকল্পক সমাধির কোন প্রভেদ নাই। সুতরাং সুষুপ্তি ও

---

* অখণ্ড ব্রহ্মে চিত্তবৃত্তি লীন হইলে আর পৃথক্‌রূপে অন্য কোন জ্ঞান না হইয়া অখণ্ডব্রহ্মময় জ্ঞানই হইয়া থাকে।

উভয়ত্র বৃত্ত্যভানে সমানেঽপি তৎসত্তাবাসত্তাব-
মাত্রেণানয়োর্ভেদোপপত্তেঃ ॥ ৭৯ ॥
অস্যাঙ্গানি যমনিয়মাসনপ্রাণায়াম-প্রত্যাহারধার-
ণাধ্যান-সমাধয়ঃ। তত্রা হিংসাসত্যাস্তেয়-ব্রহ্মচর্য্যা-
পরিগ্রহাঃ যমাঃ। শে ৌচসন্তোষতপঃস্বাধ্যায়েশ্বর
প্রণিধানানি নিয়মাঃ। করচরণাদিসংস্থানবিশেষ-
লক্ষণানি পদ্মস্বস্তিকাদীনি আসনানি। রেচক-
পূরককুম্ভক-লক্ষণাঃ প্রাণ-নিগ্রহোপায়াঃ প্রাণা-
য়ামাঃ ইন্দ্রিয়াণাং স্বস্ববিষয়েভ্যঃ প্রত্যাহরণং
প্রত্যাহারঃ। অদ্বিতীয়বস্তুন্যন্তরিন্দ্রিয়ধারণং ধারণা।
তত্রাদ্বিতীয়বস্তুনি বিছিদ্য বিছিদ্য অন্তরিন্দ্রিয়বৃত্তি-
প্রবাহঃ ধ্যানং। সমাধিস্তু উক্তঃ সবিকল্পকএব ॥ ৮০ ॥

সমাধিকালে বৃত্তিজ্ঞানের অভাবাংশে সমান হইলেও বৃত্তির সত্তা অসত্তা দ্বারা সমাধি ও সুষুপ্তির ভেদ আছে, এইরূপ আশঙ্কার সম্ভাবনাও রহিল না ॥ ৭৯ ॥

যম, নিয়ম, আসন প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান এবং সবিকল্পক সমাধি এই সকল নির্ব্বিকল্পক সমাধির অঙ্গ। অহিংসা, সত্য, অচৌর্য্য, ব্রহ্মচর্য্য, ও অপরিগ্রহ এই সকলের ধারণের নাম যম। শুচি, সন্তোষ, তপস্যা, অধ্যয়ন ও ঈশ্বরপ্রণিধান ইহাদিগকে নিয়ম বলে। হস্ত পদাদির সংস্থান বিশেষরূপ পদ্মাসনাদিকে আসন বলে। রেচক, পূরক ও কুম্ভকরূপ প্রাণ দমনের উপায়ের নাম প্রাণায়াম। শব্দাদি বিষয় হইতে শ্রবণাদি ইন্দ্রিয়ের নিবারণ করাকে প্রত্যাহারে বলা যায়। অদ্বিতীয় ব্রহ্ম বস্তুতে অন্তঃকরণের অভিনিবেশের নাম ধারণা। অদ্বিতীয় ব্রহ্ম বস্তুতে চিত্তবৃত্তি প্রবাহকে ধ্যান বলে। পূর্ব্বোক্ত সবিকল্পক সমাধিরনাম সমা-

এবমস্যাঙ্গিনো-নির্ব্বি-কল্পকস্য লয়-বিক্ষেপ-কষায়-রসাস্বাদলক্ষণাশ্চত্বারোবিঘ্নাঃ সম্ভবন্তি। লয়স্তাবৎ। অখণ্ডবস্ত্বনবলম্বনেন চিত্তবৃত্তের্নিদ্রা। অখণ্ডবস্ত্বনবলম্বনেন চিত্তবৃত্তেরন্যাবলম্বনং বিক্ষেপঃ। লয়বিক্ষেপাভাবেঽপি চিত্তবৃত্তেরাগাদিবাসনয়া স্তব্ধীভাবাৎ অখণ্ডবস্ত্বনবলম্বনং কষায়ঃ। অখণ্ডবস্ত্বনবলম্বনেনাপি চিত্তবৃত্তেঃ সবিকল্পানন্দাস্বাদনং রসাস্বাদঃ সমাধ্যারম্ভসময়ে সবিকল্পানন্দাস্বাদনং বা ॥ ৮১ ॥

অনেন বিঘ্নচতুষ্টয়েন রহিতং চিত্তং নির্ব্বাতদীপবদচলং সদখণ্ডচৈতন্যমাত্রমবতিষ্ঠতে যদা তদা নির্ব্বিকল্পকঃ সমাধিরিত্যুচ্যতে। তদুক্তং লয়ে

